Buy, *v.* ক্রয় কৃ। কিন। খরীদ কৃ। To — and sell, বেচা কিনা কৃ। ক্রয়বিক্রয় কৃ।
Buyer, *n.* ক্রেতা। খরীদার।
By, *pr.* (1) *near,* কাছে। নিকটে। পার্শ্বে। The house stands — the river, ঘর নদীর ধারে আছে। Sit — me, আমার কাছে বস। He has the box by him, বাক্স তাহার কাছে আছে। (2) *near, in motion,* দিয়া। হইয়া। To go — a place, কোন স্থান দিয়া যা। He passed — me, আমার নিকট দিয়া গেল। He went — that way, সেই পথ দিয়া গেল। (3) *by means of,* দ্বারা। মারফৎ। Sometimes only the instrumental case is used. He sent it — a servant, তিনি চাকরের দ্বারা or হাতে পাঠাইলেন। The plaintiff may appear — his vakeel, ফরিয়াদী উকীলের দ্বারা হাজির হইতে পারে। The treasure may be sent — land or water, খাজানা জলপথে কি স্থলপথে পাঠান যাইতে পারে। The house is destroyed — fire, ঐ ঘর আগুনে নষ্ট হইয়াছে। Sometimes পূর্ব্বক or করিয়া is used; thus, He took it — force, সে বলপূর্ব্বক কাড়িয়া লইল, or সে জোর করিয়া কাড়িয়া লইল। (4) *according to,* মতে। অনুসারে। This appears — his own account, তাহার নিজ কথামতে তাহা দেখা যায়। Day — day, দিন ২। প্রতি দিন। Year — year, বৎসর ২। প্রতি বৎসরে। One — one, এক একটি করিয়া। By this time, এমন সময়ে। It is sold — the maund, মোন করিয়া বিক্রয় হয়। To swear — the water of the Ganges, গঙ্গাজল ছুঁইয়া শপথ কৃ। By one's self, একা। একলা। একাকী। By and by, কিঞ্চিৎ পরে। কিঞ্চিৎ বাদে।
By-law, *n.* কায়দা। নিয়ম। অতিরিক্ত বিধি। উপবিধি।
By-path, *n.* উপপথ।

C.

Cabin, *n.* জাহাজের কামরা। কুঠরী।
Cable, *n.* হামার।
Calculate, *v.* হিসাব কৃ। গণনা কৃ। বরাওর্দ্দ কৃ।
Calendar, *n.* (1) *an almanac,* পাঁজি,পঞ্জিকা। (2) *a register of cases, &c.* কালেন্দরা। ফিরিস্তি। রেজিষ্টর। — month, ইঙ্গরাজী হিসাবমতের মাস।
Calf, *n.* বাছুর। গোবৎস।
Calk, *v.* কালাপাতি কৃ। নৌকা গেয়ে দা।
Calking-iron, *n.* কালাপাতি করিবার বাটালী।
Calking-mallet, *n.* মুগরা।
Call, *v.* (1) *to name,* নাম দা। নাম রাখ। নাম কৃ। An officer shall be

appointed, to be called a sale commissioner, ফরোশ আমীন নামে or বলিয়া এক জন আমলা নিযুক্ত হইবেক। (2) *to summon*, ডাক। তলব কৃ। To — a council, সভা কৃ। সভাসদ লোকদিগকে একত্র কৃ। How is he called? তাহাকে কি বলিয়া ডাকে? To — at, যা। — at my house on your way, আমার ঘর হইয়া যাও। To — back, ফিরিয়া আন। আবার ডাকিয়া আন। To — for, *to ask*, চাহ। মাগ। তলব কৃ। *to demand*, as, This matter calls for investigation, এই কথার তদারক করা প্রয়োজন। To — in, (1) *to collect*, টাকা আদায় কৃ। (2) *to draw from circulation*, মুদ্রার চলন রহিত কৃ। (3) *to invite friends*, নিমন্ত্রণ কৃ। — him in, তাহাকে ডাকিয়া আন, or তাহাকে আসিতে বল। To — on a person, অমুকের সঙ্গে সাক্ষাৎ কৃ, or দেখা কৃ। *to command*, হুকুম কৃ। আদেশ কৃ। To — out, *to bawl*, চেঁচাইয়া ডাক। ডাকিয়া বল। as village watchmen do at night, হাঁক। To — over a list of names, নাম ডাক। To — up, as a bill before a legislative body, মুসাবিদা বিবেচনা করিবার জন্যে আন or উপস্থিত কৃ। To — to mind, মনে কৃ। স্মরণ কৃ। Can you call it to mind? তাহা কি তোমার মনে উঠে or আইসে?

Call, *n.* ডাক। The — of the house, নাম ডাকন। নামের ফর্দ্দ পাঠ করণ।

Calling, *n. profession*, পেশা। কর্ম্ম। ব্যবসায়।

Calumny, *n.* তহমৎ। অপবাদ। নিন্দা। কুৎসা।

Camel, *n.* উট।

Camp, *n.* ছাউনি। ছাউনি স্থান।

Campaign, *n.* (1) *an open field*, মাঠ। রণস্থল। যুদ্ধস্থল। (2) *the time an army keeps the field*, যুদ্ধের কাল।

Camphor, *n.* কর্পূর।

Can, *v.* পার।

Canal, *n.* খাল। Artificial —, নালা। কাটা খাল।

Cancel, *v.* রদ কৃ। বাতিল কৃ। রহিত কৃ। উঠাইয়া ফেল। — a debt, কর্জ্জ ক্ষমা কৃ।

Candidate, *n.* কর্ম্মাকাঙ্ক্ষী। উমেদ্‌ওয়ার। কোন কর্ম্ম পাইতে চাহে যে।

Candle, *n.* বাতি। Wax —, মোমবাতি। Tallow —, চরবীর বাতি।

Candlestick, *n.* শামাদান।

Cane, *n.* বেত। ছড়ি। Sugar —, আখ। ইক্ষু। — trash, আখের ক্ষো।

Cane, *v.* বেত মার।

Canister, *n.* কেনিস্ত্রা।

Canister-shot, *n.* কিরিচের গোলা।

Cannon, *n.* তোপ। কামান।

Cannon-ball, *n.* কামানের গোলা।

Canoe, *n.* ডোঙ্গা।

Canoongoe, *n.* কানুনগো। In Sylhet, পাটওয়ারি।

Cantonment, *n.* সৈন্যদের ছাউনি স্থান।

Canvas, *n.* কেনবিস।

Canvass, *v.* বিচার কৃ। পরীক্ষা করিয়া দেখ। — for votes, কোন কাহার সপক্ষে মত যাচ্ঞা কৃ।

Cap, *n.* টোপী। — of a cannon, কামানের রঙ্গকের টোপী।

Capable, (1) *able*, সমর্থ। ক্ষমতাপন্ন। (2) *qualified for*, উপযুক্ত। যোগ্য। লায়েক।

Capacity, *n.* (1) *extent of space*, পরিমাণ। পীপা প্রভৃতিতে যত ধরে। (2) *ability*, ক্ষমতা। সামর্থ্য। (3) *state*, ভাব। মত। In the — of a friend, বন্ধুভাবে। In the — of an attorney, উকীলস্বরূপ।

Cape, *n.* অন্তরীপ। — of Good Hope, কেপ।

Capias, writ of, গ্রেফতারী পরওয়ানা।

Capital, *a.* (1) *chief*, প্রধান। — city, রাজধানী। প্রধান নগর। (2) *affecting life*, প্রাণদণ্ডের যোগ্য। — case, প্রাণদণ্ডের যোগ্য অপরাধের মোকদ্দমা। সঙ্গিন মামলা। — crime, প্রাণদণ্ডের যোগ্য অপরাধ। — punishment, প্রাণদণ্ড। — sentence, প্রাণদণ্ডের আজ্ঞা or হুকুম। (3) *large*, বড়। — letters, বড় হরফ। — stock, আসল ধন। মূলধন। পুঁজি।

Capricorn, *n.* মকর রাশি।

Capsize, *v.* উল্টিয়া পড়।

Captain, *n.* if a European, of a vessel or in the army, কাপ্তান সাহেব। if a native of India, of a vessel, নাকোদা।

Capture, *v.* ধৃ। ধরিয়া ল। গ্রেফতার কৃ।

Car, *n.* গাড়ি। রেলরোডের গাড়ি। Jugunnath's —, জগন্নাথের রথ।

Carabine, *n.* কারবিন নামের ছোট বন্দুক।

Caravansary, *n.* কারাওয়ান সরাই। সরাই।

Carcass, *n.* শব। লাশ।

Card, *n* in gaming, তাস।

Cardamum, *n.* এলাচী।

Care, *n.* (1) *anxiety*, ভাবনা। চিন্তা। (2) *caution*, মনোযোগ। সতর্কতা। Take —, সাবধান। খবরদার।

Careen, *v. in sea language*, জাহাজ ওয়ারা কৃ। নৌকা পাইল কৃ।

Careful, *a.* (1) *anxious*, ভাবিত। ভাবনাযুক্ত। (2) *cautious*, সতর্ক। মনোযোগী।

Carefully, *ad.* মনোযোগ করিয়া। সতর্ক হইয়া।

Careless, *a.* নিশ্চিন্ত। অমনোযোগী। ঢিলা।

Carelessly, *ad.* সতর্ক না হইয়া। মনোযোগ না করিয়া।

Cargo, *n.* বোঝাই দ্রব্য।

Carpenter, *n.* ছুতর মিস্ত্রী। সূত্রধর।

Carpet, *n.* দুলিচা।

Carriage, *n.* (1) *the act of bearing*, বহন। (2) *the price or expense of bearing*, বহনী। (3) *a vehicle*, গাড়ি। (4) *conduct*, আচার ব্যবহার। চলন। চাল।

Carrier, *n.* মুটিয়া। বাহক।

Carry, *v.* বহ। লইয়া যা। বহিয়া ল। To — to account, খাতায় তোল্। হিসাবে লিখ। হিসাবে ধ। To — on, চালা। — business, কার্য্য চালা। — a suit, মোকদ্দমা তদবীর কৃ or চালা। মোকদ্দমার যোগাড় কৃ। To — off, লইয়া যা। ধরিয়া লইয়া যা। লইয়া পলা। To — out, সিদ্ধ কৃ। — an order, হুকুম তামিল কৃ। হুকুম মতে কার্য্য কৃ।

Cart, *n.* গাড়ি। বলদ গাড়ি।

Carter, *n.* গাড়িওয়ান।

Cart-load, *n.* গাড়ির বোঝা।

Cartridge, *n.* টোটা। — paper, টোটার কাগজ।

Case, *n.* (1) *a covering or sheath*, খাপ। খোল। আধার। গেলাফ। (2) *condition*, ভাব। অবস্থা। দশা। (3) *a question*, বিচার্য্য বিষয়। (4) *a suit*, মোকদ্দমা। মামলা। An action on the —, যে মোকদ্দমার আরজীতে নালিশের সমুদয় কারণ ব্যক্ত হয় তাহা। (5) *a contingence*, স্থল। In such a —, এমত স্থলে। In case, যদি। যদ্যপিস্যাৎ। যদিস্যাৎ। Under the circumstances of the —, বিষয় বুঝিয়া। ভাবগতিক বুঝিয়া।

Cash, *n.* নগদ। in silver, রোক। To pay in —, নগদ দা।

Cash, *v.* — a note, নোট ভাঙ্গ। — bill, হুণ্ডীর টাকা দা।

Cash-account, *n.* নগদের হিসাব।

Cash-book, *n.* রোকড় বহী। নগদ টাকার খাতা।

Cashier, Cash-keeper, *n.* খাজাঞ্চী। তহবীলদার। দেওয়ান is the word used in banking establishments.

Cashier, *v.* তগীর কৃ। পদচ্যুত কৃ।

Cask, *n.* পিপা।

Cassia, *n.* দারুচিনি বিশেষ।

Cast, *v.* (1) *to throw*, ফেল। নিক্ষেপ কৃ। To — lots, গুলিবাট কৃ। (2) *to throw away*, ফেলিয়া দা। ত্যাগ কৃ। (3) *to convict*, as a criminal, দোষ সাব্যস্ত কৃ। (4) *to overcome in a civil suit*, পরাজয় কৃ। জয় কৃ। (5) *to make to preponderate*, প্রবল কৃ। He shall have the casting vote, তাহার মত যে পক্ষে হয় সেই পক্ষ প্রবল হইবেক। (6) *to find the sum*, হিসাব কৃ। ঠিক দা। মিজান লাগা। (7) *to glance*, কটাক্ষ কৃ। জুল দা। (8) *to thrust*, ফেলিয়া রাখ। To — into prison, কয়েদ কৃ। জেলখানায় ফেল। To — aside, এক দিগে ফেল। ত্যাগ কৃ। To — away, ফেলিয়া

দা। ত্যাগ কৃ। To — by, ত্যাগ কৃ। তুচ্ছ কৃ। To — down, খাট কৃ। খর্ব্ব কৃ। বিষণ্ণ কৃ। To — off, ত্যাগ কৃ। অগ্রাহ্য কৃ। *to untie*, ছাড়িয়া দা। খোল। To — out, বাহির কৃ। দূর কৃ। ফেলিয়া দা। To — up, হিসাব ঠিক দা। To — one's self on, আপনাকে সমর্পণ কৃ or সোঁপ। To be — in a criminal suit, দোষী হ। অপরাধী হ। in a civil suit, পরাজিত হ। হারা। To be — away, as a ship, ভাঙ্গ।

Caste, *n.* জাত। জাতী। জাত্যংশ। Institutions of —, জাত্যাচার। জাতি ধর্ম্ম। Loss of —, জাত্যংশের হানি। জাতিভ্রষ্ট হওন। অব্যবহার্য্য হওন। জাত্যন্তর হওন। To lose —, জাতি যা। অব্যবহার্য্য হ। To destroy —, জাতি মার। জাতিপাত কৃ। Wilfully offending against —, জানিয়া শুনিয়া জাতি বিরুদ্ধ কার্য্য কৃ, or জাতিধর্ম্মের হানি কৃ। To regain —, পুনরায় ব্যবহার্য্য হ। To restore to —, পুনরায় ব্যবহার্য্য কৃ। To preserve —, জাতিধর্ম্ম রক্ষা কৃ।

Castigation, *n.* মার। মারি খাওন।

Castor oil, *n.* ভেরেণ্ডা তেল।

Casual, *a.* দৈবাৎ। কদাচিৎ। — expenses, বাজে খরচ। কদাচিৎ যে খরচ হয়। — leave, কদাচিৎ দুই এক দিনের ছুটী।

Casualty, *n.* দৈব ঘটনা। দৈবাৎ মরণ।

Cat, *n. an instrument of punishment*, কোড়া।

Catalogue, *n.* তালিকা। ফিরিস্তি। ফর্দ্দ। *a sale-statement*, লাটবন্দী।

Catamaran, *n.* কাটমরাম।

Catch, *v.* (1) *to lay hold on*, ধৃ। গ্রেফতার কৃ। (2) *to overtake*, লাগাইল পা। To allow one's self to be caught, ধরা দা।

Catechu, *n.* খএর। কৎ।

Cattle, *n.* গোমেষাদি। পোষা জন্তু। — for ploughing, হালিয়া গরু।

Cattle-driver, *n.* বলদিয়া রাখাল।

Cattle-stealing, *n.* গোচুরী। জন্তু চুরী। গোমেষাদি চতুষ্পদ জন্তু চুরী করণ।

Cattle-trespass, *n.* পরের ক্ষেতে জন্তু প্রবেশ। ফসল তসরুফ।

Cause, *n.* (1) *a suit*, মোকদ্দমা। (2) *a reason*, কারণ। হেতু। — of action, মোকদ্দমার হেতু। দাওয়ার হেতু। অজুহাৎ। A written statement of the — of action or appeal, অজুহাৎ নামা। কৈফিয়ৎ। Good and sufficient —, উত্তম ও উপযুক্ত কারণ। উত্তম ও মাতবর হেতু। উত্তম ও যথেষ্ট কারণ। Without —, অকারণে। Cause and effect, কার্য্য কারণ।

Cause, *v.* (1) *to produce*, জন্মা। হ preceded by the ablative or instrumental case. (2) *to effect by agency*, জন্মা। করা। The causal verb is formed in Bengalee by lengthening the ultimate vowel of the radical verb, as, কর, do; করাও, cause to do. Whosoever shall burn a body, or cause it to be burned, যে কেহ শবদাহ করে কি করায়।

Causelessly, *ad.* অকারণে। খামকা।
Causeway, *n.* বাঁধা পথ। আলি পথ।
Caustic, *n.* কাষ্টিক।
Cauterize, *v.* তপ্ত লোহাতে কি কাষ্টিকেতে পোড়া।
Caution, *n.* (1) *care*, সতর্কতা। সাবধানতা। হুসিয়ারী। (2) *measures taken for security*, সুরক্ষার উপায়। (3) *precept*, পরামর্শ। উপদেশ।
Caution, *v.* সতর্ক কৃ।
Cautious, *a.* সতর্ক। হুসিয়ার।
Cavalry, *n.* ঘোড়সওয়ার সৈন্যেরা।
Cave, *n.* গর্ত্ত। গহ্বর। পর্ব্বতের ফুকর।
Cavil, *n.* মিথ্যা আপত্তি কৃ।
Cavity, *n.* গর্ত্ত। ফুকর।
Cayenne Pepper, *n.* লঙ্কামরিচ।
Cazee, *n.* কাজী। Head —, কাজী উল কাজাৎ।
Cease, *v.* (1) *to give over*, ত্যাগ কৃ। ছাড়িয়া দা। (2) *to stop*, স্থগিত হ। নিবৃত্ত হ। মৌকুফ হ। রহিত হ। The wind has ceased, বাতাস পড়িয়াছে। The rain —, বৃষ্টি থামিয়াছে।
Cede, *v.* দা। সমর্পণ কৃ। Ceded and conquered provinces, দত্ত ও জয় করা দেশ।
Cell, *n.* *a small apartment in a prison*, কুঠরী। কৌশক। কাজিহৌস।
Cellar, *n.* বসতবাটীর নীচে মাল রাখিবার ঘর।
Cement, *n.* for building, মশলা।
Cemetery, *n.* কবরস্থান। গোরস্থান।
Censure, *n.* তিরস্কার। অনুযোগ।
Censure, *v.* তিরস্কার কৃ। অনুযোগ কৃ। ধমকা।
Census, *n.* কোন নগর কি দেশনিবাসি সকল লোকের নামাদির ফর্দ্দ।
Centum, *n.* শত। Per —, শতকরা। ফি শতে।
Central, *a.* মধ্যস্থিত। মাঝ খানের। — committee, সদর কমিটী।
Centre, *n.* মধ্যস্থান।
Century, *n.* এক শত বৎসর। শতায়ু।
Certain, *a.* (1) *sure*, নিশ্চয়। নিতান্ত। নিঃসন্দেহ। (2) *determinate, fixed*, নিশ্চিত। নির্দ্ধারিত। — period, মিয়াদ। মুদ্দৎ। নিরূপিত কাল। (3) *undefined*, as, A — person, অমুক লোক। ফলনা। — persons, কএক জন। — things, কতক বস্তু। কতক জিনিস।
Certainly, *ad.* নিতান্ত। অবশ্য।
Certificate, *n.* (1) *a written testimony*, সর্টিফিকট। প্রমাণ পত্র। সত্যতা জ্ঞাপক কথা।
Certify, *v.* নিশ্চয় মতে জানা। জ্ঞাত কৃ। — under one's hand, স্বাক্ষর or

দস্তখৎ ক্রমে জ্ঞাত কৃ। সর্টিফিকট লিখিয়া দস্তখৎ কৃ। — a cause to a judge, মোকদ্দমা চালান্ কৃ, or পাঠা, or দরপেশ কৃ।

Certified, to be, *v. to have credible information*, বিশ্বাসযোগ্য সম্বাদ পা।

Certified copy, সর্টিফিকট যুক্ত নকল। দস্তখৎযুক্ত নকল।

Certiorari, writ of, সর্টিওরেরৈ নামক পরওয়ানা। মোকদ্দমার কাগজ পত্র তলব করিবার পরওয়ানা।

Cess, *n.* কর। টাকস। an arbitrary —, আবওয়াব। মাথট। হদীয়া। An abstraction of handfuls of market produce, চুঙ্গী। তোলা।

Cessment, *n.* টাকস।

Cess-pool, *n.* ময়লার গর্ত্ত। আঁচতা কুড়।

Cestuisque trust, যে লোকের উপকারার্থে কোন ভূম্যাদি পরের জিম্মায় থাকে সেই লোক।

Chain, *n.* শিকল। শৃঙ্খল। In surveying, চেইন। জরীপের শিকল। Persons employed to draw it, জরীপকশ। In the plural, *fetters*, বেড়ি। জিঞ্জির। শিকল। To put in —, বাজিঞ্জির বদ্ধ কৃ। পায়ে বেড়ি দা।

Chain, *v.* শিকলে বদ্ধ কৃ। জিঞ্জিরে বদ্ধ কৃ।

Chair, *n.* চৌকী। আসন। In railways, চ্যার। লোহার রেল যাহাতে বসাইয়া আঁটা যায়। In an assembly, সভাপতির আসন। To take the —, সভাপতি হ।

Chairman, *n.* সভাপতি।

Chalk, *n.* খড়ীমাটী।

Chalk, *v.* খড়ীর দাগ দা।

Challenge, *v. to claim*, দাওয়া কৃ। To — a jury, জুরী ব্যক্তিদের বিষয়ে আপত্তি কৃ।

Chamber, *n.* ঘর। কামরা। In law, আদালত ঘর। বিচারাগার। চেম্বর। — of audience, দরবার। এজলাস।

Champerty, *n.* মোকদ্দমা ফুরান্ করা। অর্থাৎ কোন লোক আপনি মোকদ্দমা চালাইতে না পারিয়া যদি অন্যের সঙ্গে এই করার করে যে তুমি এই মোকদ্দমা চালাইয়া জিতিলে তোমাকে মোকদ্দমার ভূম্যাদির এক অংশ দিব।

Chance, *n.* ভাগ্য। অদৃষ্ট। নসীব। কপাল। By —, দৈবাৎ।

Change, *v.* (1) *to put one thing in the place of another*, পরিবর্ত্তন কৃ। বদল কৃ। একের স্থানে or বদলে অন্যকে দা। (2) *to vary in form, &c.* generally rendered by putting অন্তর after the thing changed; as, to — the colour, বর্ণান্তর কৃ। to — the form, রূপান্তর কৃ। To — the place of, *to remove a thing*, স্থানান্তর কৃ। (3) *to exchange goods*, এক দ্রব্যের পরিবর্ত্তে অন্য দ্রব্য ল। (4) *To — one place for another*, স্থান পরিবর্ত্তন কৃ। স্থানান্তরে যা। (5) *to give one kind of money for another*, ভাঙ্গ। Change a rupee, টাকা ভাঙ্গ। (6) *to be altered*, ভাবান্তর হ।

Change, *n.* পরিবর্ত্তন। বৈলক্ষণ্য। ব্যতিক্রম। অদলবদল।

Channel, *n.* (1) *a water course,* জলের ধারা। (2) *the place where a river flows,* গাঙ্গা। গর্ভ। (3) *the part of a harbour most convenient for the track of a ship,* জাহাজের চলিবার পথ। (4) *means of conveying,* পাঠাইবার উপযুক্ত উপায়। The pleader is the proper — of communication, উকীলের দ্বারা দরখাস্ত প্রভৃতি দাখিল করিতে হয়।

Chapel, *n.* ভজনালয়। যে গির্জ্জাঘরের ছাতের উপর চূড়া নাই।

Chaplain, *n.* খ্রীষ্টীয় ধর্ম্মোপদেশক।

Char, *v. to burn to coal,* পোড়াইয়া কয়লা কৃ।

Character, *n.* (1) *a mark,* চিহ্ন। অক্ষর। বর্ণ। হরফ। (2) *the manner of writing,* লিখনের প্রকার। অক্ষরের আকার। (3) *peculiar qualities, distinguishing any one,* চরিত্র। আচার ব্যবহার স্বভাবাদি। নেকমাশ কি বদমাশ। a public —, খ্যাত or খ্যাত্যাপন্ন ব্যক্তি। প্রসিদ্ধ ব্যক্তি। a man of —, সুপরিচিত লোক। সুপ্রসিদ্ধ লোক। নজীব। ভদ্র লোক। মাতবর লোক। a bad —, বদমাশ। কুচরিত্রের লোক।

Charcoal, *n.* কয়লা। কাঠের কয়লা।

Charge, *v.* (1) *to attack,* আক্রমণ কৃ। (2) *to load,* as a musket, &c. পূরা। (3) *to impose,* as a tax, &c. বসা। ধার্য্য কৃ। (4) *to lay on,* as to — one with a duty, কর্ম্ম অর্পণ কৃ। হাতে রাখ। (5) *to intrust to,* জিম্মায় রাখ। হাতে দা। (6) *to set to,* in an account, খরচ লিখ। (7) *to ask a price,* as to — a man so much, চাহ। In the past tense, ল; as, How much has he charged you for this? ইহার জন্যে কত লিয়াছে? or কত নিতে চাহিয়াছে? (8) *to accuse,* কাহার নামে দোষ দা, or নালিশ কৃ। followed by *on,* দোষ বল। বদনাম দা। দোষারোপ কৃ। অভিযোগ কৃ। তহমৎ দা। অপবাদ দা। To — a prisoner, অপরাধির দোষের বয়ান লিখ। (9) *to enjoin,* হুকুম কৃ। আদেশ কৃ। আজ্ঞা কৃ।

Charge, *n.* (1) *an injunction,* হুকুম। আজ্ঞা। আদেশ। (2) *accusation,* তহমৎ। অপবাদ। অভিযোগ। নালিশ। (3) *cost,* খরচ। খরচা। ব্যয়ব্যসন। (4) *care or custody,* জিম্মা। এৎমাম। হাওয়ালা। To commit, to one's —, as a prisoner, অমুকের হাতে or জিম্মায় or হাওয়ালায় অর্পণ কৃ, or সোপর্দ্দ কৃ, or দা। — as anything, জিম্মায় রাখ। হস্তাপণ কৃ। To deliver to one's —, as money, গচ্ছিত কৃ। আমানৎ কৃ। To deliver over — of an office, কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ কৃ। To take — of any thing or person, জিম্মায় গ্রহণ কৃ। জিম্মা ল। of an office, কর্ম্মের ভার ল or গ্রহণ কৃ। — of lands, ভূমির এৎমাম প্রভৃতির কার্য্য ল। ভূমির সরবরাহ কর্ম্ম ল। ভূমির উসুল তহসীল ওগয়রহের কার্য্য ল। To lay to one's —, as a crime, অমুকের নামে দোষ দা। as an account, তাহার হিসাবে or নামে খরচ লেখ।

Chargeable, *a.* (1) *liable*, দায়ী। জওয়াবদিহি। He is chargeable, দায় তাহার শিরে পড়ে। The land is — with the costs, খরচা জমীর টাকা-হইতে লওয়া যাইবে। A duty is — on the goods, ঐ মালের উপর মাসুল লাগে। He is — with a fault, তাহার দোষ বলা যাইতে পারে।

Charged with, *pp.* অভিযোগ গ্রস্ত। অভিযুক্ত। You are — the debt, এই কর্জ্জের টাকা তোমার দেনা হইল।

Charges, *n.* খরচ খরচা। আখেরাজাৎ। — of collection, তহসীলের খরচ। সর-গ্রামী খরচ।

Charitable, *a.* (1) *benevolent*, বদান্য। দানশীল। — dispensary, দাতব্য ঔষধালয়। — construction of a sentence, পদের অর্থ ঔদার্য্যরূপে করণ। অর্থাৎ আঁটাআঁটিরূপে অর্থ না করা। দৃঢ় ভাব না ধরা।

Charity, *n.* দান। খয়রাৎ। — hospital, অবৈতনিক হাসপাটাল। চেরিটি হাসপাটাল। — school, অবৈতনিক বিদ্যালয়। চেরিটি ইস্কুল। Land given in —, খয়রাতী জমী। দান করা ভূমি।

Charter, *n.* চার্টর। সনদ। সনন্দ। — of a vessel, জাহাজের ভাড়া।

Charter, *v.* (1) *to hire or let a ship*, জাহাজের ভাড়া ল or দা। (2) *to establish by charter*, চার্টর দ্বারা স্থাপন কৃ। চার্টর পা।

Charter-party, *n.* চার্টর পার্টি। জাহাজের ভাড়ার চুক্তি পত্র or নিয়মপত্র or একরার নামা।

Chartered Body, চার্টর প্রাপ্ত সমাজ।

Chase, *v.* (1) *to drive*, তাড়া। তাড়াইয়া দা। (2) *to pursue for the purpose of taking*, ধরিবার জন্যে পিছে ২ দৌড়। পশ্চাৎ ধাবমান হ। তাড়াইয়া ধৃ।

Chastise, *v.* শাসন কৃ। প্রহার কৃ।

Chattel, *n.* অস্থাবর বস্তু। দ্রব্য। লওয়াজিমা গহনা প্রভৃতি।

Chatter, *v.* গল্প কৃ। কথাবার্ত্তা কৃ।

Cheap, *a.* সস্তা। কমদরের। অল্প মূল্যের।

Cheat, *v.* ঠকা। ঠগামি কৃ। প্রবঞ্চনা কৃ। তঞ্চকতা কৃ। ছলনা কৃ। ভাঁড়া। — one out of anything, চাতুরী করিয়া or ভাঁড়াইয়া ল। — one into a belief, ঠকাইয়া বিশ্বাস জন্মা, or ছলনা করিয়া বিশ্বাস জন্মা।

Check, *n.* আটক। বাধা। বারণ। to be a — on one, বাধক হ। দোষ নিবারক হ। ব্যবধানে or আড়ালে or গোপনে থাকিয়া সন্ধানী হ। In accounts, মোকাবিলা। দোষাদোষ ধরিবার উপায়। An order for money, see Cheque.

Check, *v* (1) *to stop*, আটক কৃ। বাধা কৃ। (2) *repress*, নিবারণ কৃ। to — in accounts, দোষাদোষ ধৃ। মোকাবিলা কৃ। মিলা।

Chemical, *a.* কিমিয়া বিদ্যা ঘটিত। — examiner, কিমিয়া ঘটিত দ্রব্য পরীক্ষক।

Chemist, *n.* কিমিয়া বিদ্যাজ্ঞ।

Cheque, *n.* চ্যাক। হুণ্ডী। বরাৎচিঠি।

Cherayta, *n.* চিরতা।

Chess, *n.* শতরঞ্জ ক্রীড়া। — board, ছক or পাটা। — men, বল। — player, শতরঞ্জ বাজ।

Chest, *n.* (1) *a box,* সিন্দুক। (3) *the trunk of the body,* বুক। বক্ষ।

Chicanery, *n.* কারসাজী। প্রতারণা। ভাঁড়ামী।

Chief, *a.* প্রধান। মুখ্য। সদর। — town in a zillah, সদর মোকাম। — Justice, চীফ জুষ্টিস সাহেব।

Chief, *n.* সরদার। — of a village, মণ্ডল। মোড়ল। — with reference to respectability, পরামাণিক। মাতবর লোক। Commander in —, প্রধান সেনাপতি সাহেব।

Chiefly, *ad.* বিশেষমতে।

Child, *n.* অপত্য। বালক কি বালিকা। সন্তান। ছেল্যা। *children,* সন্তান সন্ততি। ছেল্যাপিল্যা।

Child-bearing, *n.* প্রসব। প্রসবকাল।

Childless, *a.* নিঃসন্তান। সন্তানহীন। আঁটকুড়া।

Child-stealing, *n.* শিশু হরণ। ছেল্যা হরণ।

Chillies, *n.* লঙ্কা মরিচ।

Chisel, *n.* বাটালি।

Choice, *n.* মনোনীত করণ। পসন্দ। To make — of, মনোনীত কৃ। পসন্দ কৃ।

Cholera, *n.* ওলাউঠা রোগ। অতিসার।

Choose, *v.* (1) *to pick out,* চুন। চুনিয়া ল। বাচনি কৃ। বাচিয়া ল। (2) *to prefer,* মনোনীত কৃ। চাহ। পসন্দ কৃ। গ্রহণ কৃ।

Chop-house, *n.* চপ হৌস। পক্ক ঘর, অর্থাৎ প্রস্তুত করা আহারের দ্রব্য যে ঘরে বিক্রয় হয়। নান্দবাইর দোকান। ভাটিয়ারার দোকান।

Chosé, *n.* আদালতে নালিশ করিয়া প্রাপ্য বিষয়। — in action, খৎক্রমে পাওনা টাকা কি ক্ষতি পূরণের টাকা প্রভৃতি। — in possession, চুক্তি প্রভৃতি। — local, গৃহাদি স্থাবর বিষয়। — transitory, অস্থাবর বিষয়।

Christian, *a.* খ্রীষ্টীয়।

Christian, *n.* খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী। খ্রীষ্টীয় লোক।

Chunam, *n.* চূণ।

Church, *n.* গির্জা ঘর।

Churchyard, *n.* গির্জাঘরের নিকট কবরস্থান কি গোরস্থান।

Cinnamon, *n.* দারুচিনী। দালচিনী।

Cipher, *n.* শূন্য। অঙ্ক।

Circle, *n. a circuit,* চক্র। চাকলা। মণ্ডল।

Circuit, *n. the journey of a Judge, &c. through his district,* দায়ের সায়ের। on —, দায়ের সায়েরী কর্ম্মে। Court of —, দায়ের সায়েরীর আদালত। To go on —, দওরায় গমন কৃ। দওরা কৃ।

Circular, *a.* গোল। গোলাকার। — letter, সরক্যুলর পত্র। একজাই পত্র। — order, সরক্যুলর অর্ডর। সাধারণ লিপি।

Circulate, *v.* (1) *to move freely,* অবাধিত রূপে চল। Air — in a house, ঘরে বাতাস অনায়াসে চলে। (2) *to pass,* চলন হ। the money —, ঐ মুদ্রা চলন হয়। মুদ্রার লেনা দেনা হয়। (3) *to cause to pass,* চালা। স্থানে ২ পাঠা। প্রচার কৃ। জারী কৃ।

Circulation, *n.* চলন। অবাধিতরূপে চলন।

Circumcise, *v.* অকচ্ছেদ কৃ। খৎনা কৃ।

Circumcision, *n.* অকচ্ছেদ। খৎনা।

Circumference, *n.* বেড়। পরিধি।

Circumscribe, *v.* সীমা কৃ। সীমা নিরূপণ কৃ। within circumscribed limits, নিরূপিত সীমার মধ্যে।

Circumspect, *a.* চতুর। সতর্ক।

Circumstance, *n.* ব্যাপার। ঘটনা। In the plural, ভাবগতিক। দশা। অবস্থা। আহওয়াল। The — of a case, মোকদ্দমার ভাবগতিক। Under the —, বিষয়ের ভাবগতিক বুঝিয়া। According to the — in life of a party, লোকের আহওয়াল or সঙ্গতি বুঝিয়া। লোকের সম্ভাবনা বুঝিয়া।

Circumstantial, *a. particular,* বিশেষ বিবরণ ঘটিত। — account, বিস্তারিত বিবরণ। — evidence, কোন ব্যাপারের পূর্ব্বাপর ঘটনা দ্বারা যে প্রমাণ হয়। মোকদ্দমার হালাৎ দৃষ্টে যে প্রমাণ হয়।

Cistern, *n.* আশয়। জলাশয়। হৌজ। কুণ্ড। খোল।

Citation, *n. a summons,* তলবচিঠি। সমন।

Cite, *v.* (1) *to summon,* সমন কৃ। তলব কৃ। (2) *to quote,* উল্লেখ কৃ। পরের কথা গ্রহণ কৃ। — an example, দৃষ্টান্ত or নজির দা।

Citizen, *n.* কোন নগর জাত লোক। নগর বাসী।

City, *n.* শহর। নগর। — court, শহরের আদালত।

Civet, *n.* জবাদ।

Civil, *a.* (1) *relating to the community,* দেশীয় লোক সম্পর্কীয়। — war, একি দেশের লোকদের মধ্যে যুদ্ধ। হঙ্গামা। (2) *opposed to criminal,* দেওয়ানী। — Judge, দেওয়ানীর জজ। — Court, দেওয়ানী আদালত। — servant, সিবিল সম্পর্কীয় সিরিশতার কার্য্যকারক। — servant, as distinguished from criminal, দেওয়ানীর কার্য্যকারক। Covenanted — servant, চিহ্নিত দেওয়ানীর কার্য্যকারক। — suit, দেওয়ানী মোকদ্দমা।

Civility, *n.* শিষ্টাচার।

Civilization, *n* সভ্যতা।

Civilized, *a.* সভ্য।

Civilly, *ad.* শিষ্টরূপে।

Claim, *v.* দাওয়া কৃ। দাবী কৃ। ক্লেম কৃ।

Claim, *n.* দাওয়া। দাবী। To lay —, দাওয়া কৃ। To relinquish —, দাওয়া ত্যাগ কৃ। Relinquishment of —, দস্তবরদারী।

Claimant, *n.* দাওয়াদার। বাদী। ফরিয়াদী। মুদ্দই। sometimes, ক্লেমণ্ট। ক্লেমদার।

Clamp, *n.* পতর।

Clandestine, *a.* গুপ্ত। অপ্রকাশ।

Clandestinely, *ad.* গোপনে। অপ্রকাশরূপে। গুপ্তভাবে। আড়েআবডালে।

Claret, *n.* লাল শরাব। ক্লারেট।

Clarify, *v.* পরিষ্কার কৃ। ফরসা কৃ। সাফ কৃ। Commonly, রিফাইন কৃ।

Clash, *v. to meet in opposition*, পরস্পর বিপক্ষ হ। The opinions of men —, লোকদের মত পরস্পরে বিপক্ষ হয়।

Class, *n.* শ্রেণী। সম্প্রদায়। কেলাস।

Class, *v.* (1) *to arrange in a class*, শ্রেণীমতে বিলি কৃ or সাজা। (2) *to place in ranks*, শারি ২ করিয়া রাখ।

Classify, *v.* শ্রেণী করিয়া সাজা or বিলি কৃ।

Clause, *v.* (1) *a subdivision of a sentence*, প্রকরণ। (2) *an article in a contract, &c.* দফা।

Clay, *n.* দোআঁস মাটি। আটাল মাটী।

Clean, *a.* পরিষ্কার। ফরসা। সাফ।

Cleanse, *v.* সাফ কৃ। ফরসা কৃ। পরিষ্কার কৃ।

Clear, *a.* (1) *free from obstruction*, পরিষ্কার। খোলা। খোলাসা। The way is —, পথ খোলাসা আছে। (2) *free from clouds*, as, a — day, পরিষ্কার দিন। ফরসা দিন। (3) *evident*, স্পষ্ট। A — view, i. e. having nothing to obstruct the vision, দৃষ্টির বাধা নাই। খোলা। I have a — view of the matter, সেই কথা স্পষ্টরূপে বুঝিয়াছি। A — sight, সূক্ষ্ম দৃষ্টি। mentally, সূক্ষ্ম বোধ। A — head, সূক্ষ্ম বুদ্ধি। A — judgment, যথার্থ or সূক্ষ্ম বিচার। (4) *free from debt*, কর্জদার নয়। কর্জ শোধ হইয়াছে যাহার। অঋণী। (5) *free from guilt*, নির্দোষ। Clear gain, নিট লাভ।

Clear, *ad. entirely*, একেবারে। To cut — off, একেবারে কাটিয়া ফেল। To go — away, একেবারে চলিয়া যা।

Clear, *v.* (1) *to clarify*, পরিষ্কার কৃ। রিফাইন কৃ। (2) *to remove obstructions*, বাধাজনক বস্তু সরাইয়া দা or উঠাইয়া ফেল। To — away rubbish, রাবিশ তুলিয়া ফেল or উঠাইয়া ফেল। (3) *to free from incumbrances*, মুক্ত কৃ। To — off a debt, ঋণ শোধ কৃ। কর্জ শোধ কৃ। (4) *to free from obscurity*, সন্দেহ ভঞ্জন কৃ। To — up a point, বিচার্য্য কোন বিষয়ের সন্দেহ দূর কৃ। (5) *to acquit*, নির্দোষ কৃ। নির্দোষী প্রকাশ কৃ। (6) *to make gain*, লভ্য কৃ। He clears ten per cent, তিনি শত টাকার উপর

দশ টাকা লাভ or মুনাফা পান। (7) *to remove wood, &c.* as, to — land, জমী পরিষ্কার কৃ। জঙ্গল প্রভৃতি কাটিয়া জমী সাফ কৃ। (8) *to become clear,* ফরসা হ। পরিষ্কার হ। The weather has cleared up, ফরসা হইয়াছে। To clear out a ship, বন্দরহইতে জাহাজের চলিয়া যাইবার অনুমতি পা। to fill the cargo, by paying the customs, হাসিল দিয়া জাহাজ বোঝাই করিবার অনুমতি পা।

Clearance, *n.* বন্দরহইতে জাহাজের চলিয়া যাইবার অনুমতি পত্র।

Cleave, *v.* (1) *to adhere,* সংলগ্ন হ। লাগিয়া থাক। (2) *to adhere with strong attachment,* আসক্ত হ। (3) *to split,* চির। ফাড়। (4) *to crack,* ফাট।

Clemency, *n.* দয়া। কৃপা। করুণা।

Clergyman, *n.* পাদ্রী সাহেব।

Clerk, *n. a writer,* কেরাণী। লেখক। মুহুরির। মুৎসুদ্দি। Head —, হেড ক্লার্ক। প্রধান কেরাণী। — of the market, নিরিখ দারোগা। The — of a Court, &c, ক্লার্ক।

Clew, or Clue, *n.* সূত্র। সন্ধান। তত্ত্ব সুরাগ।

Client, *n.* মওক্কেল।

Climate, *n.* জলবাতাস।

Climatize, *v.* জলবায়ু সহ্য হ।

Climb, *v.* উঠ। চড়। To — over, টপ্‌কিয়া যা। ডিঙ্গিয়া যা।

Clinical, *a.* শয্যাগত লোক সম্পর্কীয়। — surgery, শয্যাগত লোকদের চিকিৎসা।

Clip, *v.* ছাট। — coin, টাকার কিনারা কাটিয়া দা। টাকা ছাট।

Cloak, *n. a cover,* আচ্ছাদন। — to intrigue and injustice, গণতা ও অবিচার ঢাকিবার ছল।

Cloak, *v.* ছাপিয়া রাখ। গোপনে রাখ। ঢাক। আবরণ কৃ।

Clock, *n.* বাজন ঘড়ি। What o'clock is it? কত বাজিয়াছে? কত বেলা হইয়াছে? It is nearly ten o'clock, প্রায় দশটা বাজে।

Clod, *n.* ঢেলা। ডেলা।

Clog, *v.* (1) *to load with something that retards motion,* অবরোধ কৃ। (2) *to impede,* আটকা। বাধা কৃ।

Close, (1) *to shut,* বন্দ কৃ। To — a door, দ্বার ভেজিয়া দা, or দ্বার দা। To — the eyes, চোক বুজ। To — the court, আদালত বন্দ কৃ or মৌকুফ or বরখাস্ত ক। (2) *to complete,* নিষ্পত্তি কৃ। চুকিয়া দা। To — a bargain, করার গ্রাহ্য কৃ। To — accounts, হিসাব নিষ্পত্তি কৃ। হিসাব চুকিয়া দা। নিকাশ কৃ। মবলগবন্দি কৃ। (3) *to end,* সমাপ্ত হ। শেষ হ। চুকিয়া যা। সাঙ্গ হ। To — with, *to accede to,* সম্মত হ। To — with the terms, নিয়মে সম্মত হ।

Close, *n.* (1) *termination*, শেষ। সমাপ্তি। আখেরী। —of a suit, মোকদ্দমার নিষ্পত্তি। (2) *an enclosed place*, ঘেরা স্থান। আবৃত স্থান।

Close, *a.* (1) *shut*, বন্দ। A — day, *a holiday*, বন্দের দিন। পরব। তাতিল। (2) *narrow*, a — way, সঙ্কীর্ণ পথ। (3) *crowded*, ঘন। to sit —, ঘন২ বস। (4) *near*, কাছে। নিকটে। He is — at hand, কাছে আছে। There is a — resemblance between them, দুই জনের প্রায় সমান আকৃতি। (5) *fixed*, as, — attention, অত্যন্ত মনোযোগ। (6) *hid*, গোপনে। অপ্রকাশ। Keep the matter —, সেই কথা গুপ্ত রাখ। কাহাকে বলিও না। (7) *secluded from communication*, as, — confinement, আঁটাআঁটিরূপে কয়েদ। একলা কয়েদ। Keep him a — prisoner, তাহাকে আঁটা আঁটি রূপে কয়েদ করিয়া রাখ। একলা বন্দ করিয়া রাখ। (8) *compact*, সারাল। (9) *penurious*, কৃপণ। (10) *strictly adhering to the original*, as, A — translation, আসলমতে অতি ঠিক তরজমা।

Clot, *v.* জম। The blood has clotted, রক্ত জমিয়াছে। রক্ত গাঢ় হইয়াছে।

Cloth, *n.* কাপড়। বস্ত্র। a covering for the upper part of the body, উড়ুনি। চাদর। for the lower part of the body, ধুতি।

Cloth-binding, *a.* কাপড় বাঁধা।

Clothe, *v.* (1) *to put on garments*, কাপড় পরা। বস্ত্র পরা। (2) *to wear clothes*, বস্ত্র পর। To feed and clothe, খাওয়া পরা দা। অন্নাচ্ছাদন দা। অন্ন বস্ত্র দা। (3) *to cover*, আচ্ছাদন কৃ। আবৃত কৃ।

Cloud, *n.* মেঘ। a heavy —, ঘন মেঘ।

Cloudy, *a.* মেঘাল। It is —, মেঘ করিয়াছে।

Clove, *n.* লঙ্গ। লবঙ্গ।

Club, *n.* লাঠি। শোটা। *an assembly of men*, সভা। দল।

Clubman, *n.* লাঠিয়াল। লাঠিয়ারা।

Clump, *n.* ঝাড়। ঝোপ।

Co, *p.* সহ। এই শব্দ অন্য কথার প্রথম ভাগে দেওয়া গেলে সাহিত্য বুঝায়, যথা, Co-adjutor, সহ-কারী। Co-heir, সহ-অধিকারী। Co-defendant, সহ-আসামী।

Coach, *n.* গাড়ি। Hackney —, ভাড়ার গাড়ী। ঠিকা গাড়ী। Mail —, ডাক গাড়ী। — hire, গাড়ীর ভাড়া। — man, গাড়ওয়ান। কোচম্যান।

Coadjutor, *n.* সহকারী।

Coal, *n.* কয়লা। অঙ্গার। a burning —, জ্বলদঙ্গার। fossil —, পাথরিয়া কয়লা। — mine, কয়লার আকর।

Coalition, *n.* সংযোগ। একবাক্যতা।

Coarse, *a.* (1) *thick*, মোটা। (2) *rude*, অসভ্য। অশিষ্ট।

Co-assessor, *n.* অন্যের সঙ্গে যে আসেসর হয়। সহ আসেসর।

Coast, *n.* সমুদ্র তীর। কূল। কিনারা।

Coast, *v.* কূলে ২ চল। কিনারায় ২ চল। Coasting vessel, যে জাহাজ সমুদ্রের কূলে ২ or কিনারা ২ চলে।

Cobra di capello, *n.* গোখুর সাপ। The black —, কেউটিয়া সাঁপ।

Cochineal, *n. the insect,* কির্মিজী ফরঙ্গী। *the drug,* কিরমিজ। কৃমিদানা।

Cock, *n.* মুরগ। কুকুড়া। কুক্কুট। — crowing, কুকুড়ার বাঁক। *the morning,* কুকুড়ার বাঁক দিবার সময়। ভোর। (2) *a spout,* কাক। (3) *the lock of a musket,* কল।

Cock-fighter, *n.* মুরগ বাজ।

Cock-fighting, *n.* মুরগ লড়াই।

Cocoanut, *n.* নারিকেল। — without the bark, ছোলা নারিকেল। — unripe and full of water, ডাব নারিকেল। a ripe —, ঝুন নারিকেল।

Cocoon, *n.* গুটি। কোষ।

Code of laws, আইন সংগ্রহ।

Codicil, *n.* উইলের ক্রোড়পত্র। অর্থাৎ মরণোত্তরে সম্পত্তি লইয়া যাহা করিতে হইবেক তাহার নিয়মপত্রের ক্রোড়পত্র।

Co-emption, *n.* সমুদয় ক্রয় করণ। The right of —, সমুদয় ক্রয় করিবার অধিকার।

Co-equal, *a.* সমতুল্য।

Coerce, *v.* (1) *to restrain,* দমন কৃ। জব্দ কৃ। (2) *to compel,* জোর করিয়া করা। বলপূর্ব্বক করা।

Co-executor, *n.* সহ-অস্তি।

Coffee, *n.* কাফী। কাওয়া। — house, কাফী-হৌস। কাফীপ্রভৃতি খাইবার ঘর।

Cogent, *a.* বলবৎ।

Cognate, *a. allied by blood,* কুটুম্ব। জ্ঞাতি।

Cognizable, *a.* গ্রাহ্য। বিচার্য্য। — in a court, আদালতের বিচার্য্য। আদালতের মোতালক।

Cognizance, *n.* এলাকা। বিচার করিবার ক্ষমতা। To take —, বিচার কৃ। বিচারার্থে গ্রাহ্য কৃ।

Cohabit, *v.* সহবাস কৃ। স্বামীভার্য্যাভাবে বাস কৃ।

Coheir, *n.* সহাধিকারী। তুল্যাধিকারী। উত্তরাধিকারিদের মধ্যে এক।

Coin, *n.* মুদ্রা। জরব করা মুদ্রা। base —, মেকী টাকা। কৃত্রিম মুদ্রা। current —, চলন মুদ্রা। gold —, সোণার মুদ্রা। valued at sixteen rupees, মোহর। silver —, রুপার মুদ্রা। small silver —, রেজকী মুদ্রা। an eight-anna piece, আধুলি। a four-anna piece, সিকী। a two-anna piece, দোআনী।

Coin, *v.* জরব কৃ। মুদ্রা গড়। (2) *to forge,* কৃত্রিম কৃ। জাল কৃ।

Coir, *n.* কাতা। নারিকেলের ছোবরাতে কাটা দড়ি।

Cold, *a.* ঠাণ্ডা। শীতল। — season, শীতকাল। শীত ঋতু। I am —, আমার শীত লাগে। আমার জাড় লাগে।

Cold, *n.* শীত। জাড়। *a catarrh*, শর্দ্দী। কফ।

Collar, *v.* ঘাড় ধ্।

Collate, *v.* একত্র করিয়া ঐক্য কৃ, or মিলা। মোকাবিলা কৃ।

Collateral, *a.* পার্শ্বের। পাশাপাশী। — relations, জ্ঞাতি। — evidence, প্রতিপোষক প্রমাণ। — security, আসল জামিন ছাড়া দ্বিতীয় জামিনী। প্রতিপোষক জামিনী।

Collation, *n.* আসল দলীল ও নকল মোকাবিলা করণ।

Colleague, *n.* সঙ্গী। শরীক।

Collect, *v.* (1) *to gather*, সংগ্রহ কৃ। — money, টাকা আদায় কৃ। উসুল কৃ। তহসীল কৃ। — straw, &c. গাদা কৃ। (2) *to lay up in store*, সঞ্চয় কৃ। (3) *to accumulate*, সংগ্রহ হ। একত্র হ। জম।

Collection, *n.* সংগ্রহ। সঞ্চয়। — of men, লোক সংগ্রহ। লোক জমায়ৎ। — of money, or contributions, চাঁদা। — of rent or revenue, জমা আদায়। জমা উসুল। তহসীল। In the plural, আমদানী। তহসীলাৎ। — and balances, ওয়াসিল বাকী। Surplus —, ফাজিল উসুল। Total —, মোট আমদানী। মোটওয়াসিল or উসুল। — on an estate not settled, খাম তহসীল। The various charges of —, তহসীল খরচ। সরঞ্জামী খরচ।

Collectively, *ad.* একত্রে। মোটে। সকলে মিলিয়া।

Collector, *n.* *European*, কালেক্টর সাহেব। Deputy —, ডেপুটী কালেক্টর। *Native*, তহসীলদার। আমিল সাজাওল। — of customs, হাসিলের কালেক্টর। পরমিটের পঞ্চোত্তরার সাহেব। A general — under the Nazim, দেওয়ান। For the different names of officers employed in the collection of revenue, see Officers, sect. iv.

College, *n.* কালেজ।

Colliery, *n.* কয়লার আকর।

Colligenda bona, কোন লোকের মাল সম্পত্তি সংগ্রহ করণ।

Collision, *n.* *opposition*, বিপক্ষতা। — of interests, সম্পর্কের বিরুদ্ধতা। লাভসম্পর্কের বিপক্ষতা।

Colloquial, *a.* সামান্যতঃ কহা যায় যাহা। as, — language, চলন ভাষা। — phrase, চলন কথা। চলিত কথা।

Collusion, *n.* গণতা। ছল। ফেরেব। যোগ সাজস।

Collusively, *ad.* গণতাক্রমে। কারসাজী করিয়া।

Colonel, *n.* কর্ণেল সাহেব।

Colony, *n.* বসতি স্থান। আবাদ।

Colour, *n.* (1) *hue*, রঙ্গ। বর্ণ। (2) *guise*, ছল। বাহানা। Under —

of commending him, তাহাকে প্রশংসা করিবার ছলে। (3) *palliation*, ছলনা। ওজর। In the plural, *a flag*, বাওতা।

Colouring, *n. a specious appearance*, আভা। ভাব।

Columbo-root, *n.* কলম্ব মূল।

Column, *n.* (1) *a pillar*, থাম। স্তম্ভ। পিল্‌পা। (2) *a division of a page*, কলম। (3) *of a tabular statement*, টেবিলের ঘর।

Combat, *n.* লড়াই। যুদ্ধ।

Combination, *n.* যোগ সাজস। মেল।

Combine, *v.* (1) *to unite*, সংযোগ কৃ। একত্র কৃ। মিলা। (2) *to league together*, যোগ কৃ। ষড়যন্ত্র কৃ।

Combustible, *a.* অনায়াসে জ্বলিয়া উঠে যে।

Come, *v.* আস্‌। আইস্‌। *to happen*, হ। ঘট। How comes it? তাহা কেমনে হইল? Let — what will, যাহা হউক। — again, ফিরিয়া আইস। পালটিয়া আইস। আরবার আইস। — another time, অন্য কোন সময়ে আইস। — about, ঘট। হ। — after, পিছে আইস। পরে আইস। To — to obtain; as, He came after a book, তিনি পুস্তকের নিমিত্তে or পুস্তক নিতে আইলেন। — at, পহুঁছ। *to get*, প্রাপ্ত হ। পা। — away, চলিয়া আইস। — back, ফিরিয়া আইস। — by, *to pass near*, কাছে যা। He will — here; তিনি এই পথ দিয়া যাইবেন। *to obtain*, পা। প্রাপ্ত হ। How did he — by it? তিনি কি প্রকারে তাহা পাইলেন? or তাহা তাহার হাতে কেমনে পড়িল? — down, নামিয়া আইস। উত্তরিয়া আইস। — in the price of an article, কম দর ল। — from, কোন স্থানহইতে আইস। Where does he —? ইনি কোন দেশের লোক? or কোথা থাকিয়া আইসে। — in, *to enter*, আইস। ভিতরে আইস। *to arrive*, as a vessel, পঁহুছ। Potatoes have not yet —, আলুর এখনও আমদানী হয় নাই। — in for, পা। প্রাপ্ত হ। He will — a large sum, তিনি অনেক টাকা পাইবেন। — into, *to enter*, প্রবেশ কৃ। ঢুক। *to agree with*, সম্মত হ। *to help*, সহকারী হ। — of, *to spring from*, উৎপন্ন হ। জন্ম। He — an honourable race, তিনি কুলিন বংশ জাত, or কুলিন বংশের লোক। Nothing — it, তাহাতে কিছু হইল না। তাহার কিছু ফল হইল না। — off, ছাড়। ত্যাগ কৃ। উত্তরিয়া আইস। *to escape*, রক্ষা পা। বাঁচ। — on, *to advance*, অগ্রসর হ। আগিয়া আইস। Come on, চলিয়া আইস। The night is coming on, রাত্রি প্রায় হইল। He comes on well in his studies, তিনি উত্তমরূপে বিদ্যাভ্যাস করেন or শিক্ষা করিতেছেন। *to happen to*, ঘট। Trouble has — him, তাহার বিপদ ঘটিয়াছে। — over, পার হ। এক পক্ষ ছাড়িয়া অন্য পক্ষে আইস। — out, *to depart from*, বাহির হ। বেড়াইয়া যা। *to become public*, প্রকাশ হ। — out with, প্রকাশ কৃ।

— short, অকুলান হ। His wages — of his expenses, তাহার বেতনেতে খরচ কুলায় না। — to, *to consent*, সম্মত হ। রাজী হ। *to amount to*, হ। It will — a large sum, তাহাতে অনেক টাকা হবে। *to recover*, as from a swoon, চেতন হ। — together, একত্র হ। সভাস্থ হ। — up, উঠ। উঠিয়া আস। — up to, সমান হ। — up with, লাগাইল পা। ধ। — upon, চড়াউ হ। আক্রমণ কৃ। Success is yet to come, পরে কার্য্যসিদ্ধি হইবে।

Comet, *n.* ধূমকেতু।

Command, *v.* (1) *to order*, আজ্ঞা কৃ। হুকুম কৃ। (2) *to govern*, কর্তৃত্ব কৃ। কর্ত্তা হ।

Command, *n.* আজ্ঞা। হুকুম। আদেশ। The officer in —, যে সেনাপতি সাহেব অধ্যক্ষ আছেন।

Commander, *n. of an army*, সেনাপতি সাহেব। *of a vessel*, European, কাপ্তান সাহেব। Native, নাকোদা। — in Chief, প্রধান সেনাপতি সাহেব।

Commence, *v* আরম্ভ কৃ। সুরু কৃ। The Act shall — on such a day, আইন অমুক তারিখ অবধি আমলে আসিবে। His leave shall — from the 1st, তাহার ছুটী ১ তারিখ অবধি চলিবে।

Commencement, *n.* আরম্ভ। সুরু। From the — of the year, বৎসরের প্রথমাবধি।

Comment, *v.* অর্থ কৃ। টীকা কৃ। টিপ্পনী কৃ।

Commentary, *n* ব্যাখ্যা। টীকা।

Commerce, *n.* তেজারৎ। কারবার। বাণিজ্য। সওদাগরী।

Commercial, *a.* বাণিজ্য সম্পর্কীয়। — establishment, তেজারতের কুঠী। — transactions, কারবার। তেজারতের ব্যাপার।

Commissariat, *a.* কামসেরিয়ট। সৈন্যদের রসদ প্রভৃতি যোগাওন সম্পর্কীয়।

Commissary, *n.* কমিসেরি। সৈন্যদের রসদ প্রভৃতি যোগান যিনি।

Commission, *n.* (1) *the act of committing*, করণ। The — of a crime, অপরাধ করণ। (2) *a mandate*, কমিশ্যন। সনদ। ক্ষমতা। written —, ক্ষমতাপত্র। পরওয়ানা। — of the Peace, পীসের সনদ। (3) *persons commissioned to investigate*, কোন কথা তদারক করিবার জন্যে নিযুক্ত আমীন। কমিশ্যনর। *In commerce, the allowance made to another for transacting business*, কমিশ্যন। রসুম। On —, কমিশ্যন লইয়া। — on bills of exchange, হুণ্ডিয়ান।

Commission, *v.* নিযুক্ত কৃ। ক্ষমতা দা। হুকুম কৃ।

Commissioner, *n. European*, কমিশ্যনর সাহেব। *Native*, আমীন। নেটিব কমিশ্যনর। — to execute sales, ফরোশ আমীন।

Commit, *v.* (1) *to do*, কৃ। — a crime, অপরাধ কৃ। (2) *to intrust*, হস্তে অর্পণ কৃ। গচ্ছিত কৃ। জিম্মায় রাখ। — to prison, কয়েদ করিয়া রাখ।

বন্দি রাখ। — to custody, হাজতে রাখ। — for trial, সোপর্দ্দ কৃ। বিচারার্থে অর্পণ কৃ। — a case, মোকদ্দমা সোপর্দ্দ কৃ, or অর্পণ কৃ।

Commitment, *n.* সোপর্দ্দ করণ। অর্পণ।

Committee, *n.* কমিটী। সভা। মজলিস।

Commodious, *a.* বড়। লোকেরা যাহাতে অক্লেশে থাকিতে কি বসিতে পারে। — for, উপযুক্ত।

Commodity, *n.* দ্রব্য। বাজারের দ্রব্য। Staple —, কোন দেশে যে দ্রব্য বাহুল্যমতে উৎপন্ন হইয়া রফ্‌ত করা যায়।

Common, *a.* (1) *general*, সাধারণ। (2) *ordinary*, সামান্য। ইতর। In —, সাধারণ রূপে। — law, সর্ব্বসম্মত ব্যবস্থা। সর্ব্বস্বীকৃত ব্যবস্থা। কামন লা। — property, সাধারণ সম্পত্তি। অবিভক্ত সম্পত্তি। এজমালী সম্পত্তি। — people, সাধারণ লোক। ইতর লোক।

Common, *n. open ground*, পতিত ভূমি। মাঠ।

Common-pleas, The court of, *n.* স্থাবর সম্পত্তির দেওয়ানী মোকদ্দমার বিচারার্থ আদালত।

Commons, House of, কামন সাহেবেরদের সভা।

Commotion, *n. tumult of people*, গোলযোগ।

Communicate, *v. to bestow*, দা। দান কৃ। — intelligence, সম্বাদ জানা, or জ্ঞাপন কৃ। — with, কোন কাহার সঙ্গে লেখাপড়া কৃ।

Communication, *n.* (1) *the act of conferring*, দেওন। দান করণ। (2) *correspondence*, লিখন পঠন। লেখাপড়া। (3) *intercourse*, কথাবার্ত্তা। সম্বাদ লেনা দেনা। (4) *a connecting passage*, যাইবার পথ। The only — with that place is by water, সেই স্থানে কেবল জলপথে যাওয়া যায়।

Community, *n.* সাধারণ ভোগ। Title of —, সাধারণ মতে ভোগ করিবার অধিকার। সাধারণে থাকা স্বত্ব। — of interests, লাভ সম্পর্কের সাধারণ ভোগ।

Commutable, *a.* পরিবর্ত্তন হইবার যোগ্য। যাহা পরিবর্ত্তন হইতে পারে। The sentence is — by fine, ঐ দণ্ডের পরিবর্ত্তে জরীমানা হইতে পারে।

Commute, *v.* পরিবর্ত্তন কৃ। পরিবর্ত্তে দা কি ল। এওজে দা কি ল। — forfeiture for fine, জন্দের এওজে জরীমানা কৃ।

Compact, *n.* বন্দোবস্ত। নিয়ম। কৌলকরার।

Company, *n.* (1) *an assemblage of persons*, দল। (2) *society*, যাহার সঙ্গে প্রণয়াদি থাকে। What — does he keep? তাহার প্রণয় কাহার সঙ্গে থাকে? or commonly, সে কি প্রকার লোকের সঙ্গে বসা উঠা করে? A — of merchants, সওদাগরগণ। সওদাগরদের মজলিস। কুঠীওয়ালারা। East India —, কোম্পানি বাহাদুর।

Compare, *v.* মিলা। ঐক্য কৃ। মিলিয়া দেখ। মোকাবিলা কৃ।

Comparison, *n.* তুলনা। উপমা।

Compartment, *n.* ভাগ। অংশ। *a room*, ঘর।

Compass, *n. limit*, সীমা। চক্র। Mariners' —, কোমপাস। This word is also used for a pair of compasses, or for a surveyor's compass.

Compel, *v.* বলপূর্ব্বক করা, অর্থাৎ কথার দ্বারা প্রবৃত্তি জন্মাইয়া কিম্বা জোর করিয়া কোন কর্ম্ম করা। — him to come, তাহাকে আনাও। He was compelled to do it, তাহার সেই কর্ম্ম করিতেই হইল। — one to receive advances of money, দাদনী গতা।

Compendious, সংক্ষেপ।

Compendium, *n.* সারসংগ্রহ।

Compensate, *v.* (1) *to recompense*, কোন দ্রব্যের বিনিময়ে সমান মূল্যের অন্য দ্রব্য দা। উপযুক্ত মূল্য দা। কর্ম্মের উপযুক্ত বেতন দা। প্রত্যর্পণ কৃ। (2) *to make amends*, ক্ষতি পূরণ কৃ, or শোধ কৃ।

Compensation, *n.* কোন দ্রব্যের কি কর্ম্মের উপযুক্ত মূল্য কি প্রতিকার। — for damages, ক্ষতি পূরণ। খেসারতের টাকা। প্রতিকার। — for labour, শ্রমের উপযুক্ত বেতন। মেহনতানা। — to witnesses, সাক্ষিদিগের খরচা। — for loss of time, সময় হরণের প্রতিকার।

Compete, *v.* প্রতিযোগিতা কৃ। যজ্ঞ কৃ। পরীক্ষাতে একচেষ্ট হ।

Competence, Competency, *n.* (1) *property*, সঙ্গতি। দিনপাতের সংস্থান। (2) *fitness*, যোগ্যতা। The — of a witness, সাক্ষির যোগ্যতা। The — of evidence, প্রমাণ গ্রাহ্য হইবার যোগ্যতা। (3) *legal power*, এক্তিয়ার। ক্ষমতা। The — of a Judge, বিচারকর্ত্তার আইন মতের ক্ষমতা।

Competent, *a.* উপযক্ত। পারক। ক্ষমতাপন্ন। — court, উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত।

Competition, *n.* প্রতিযোগিতা। একচেষ্টা।

Compile, *v.* সংগ্রহ কৃ, অর্থাৎ নানা পুস্তকাদিহইতে কথা সংগ্রহ কৃ।

Complain, (1) *to lament*, আন্দাস কৃ। (2) *to charge*, নালিশ কৃ। He — of a headache, তাহার মাথার পীড়া হইয়াছে বলে।

Complainant, *n.* বাদী। ফরিয়াদী।

Complaint, *n.* নালিশ। আন্দাস। Bill of —, নালিশের আরজী। আন্দাস পত্র। Supplemental bill of —, তিতিম্মা আরজী। অবশেষ আরজী। False and malicious —, মিথ্যা ও দ্বেষ পূর্ব্বক নালিশ।

Complement, *n. a full quantity*, সমুদয়। যত থাকা উচিত তত।

Complete, *a.* (1) *perfect*, সম্পূর্ণ। শুদ্ধ। কম্‌পিলট। (2) *finished*, সাঙ্গ। সমাপ্ত। সহী ও দুরস্ত।

Complete, *v.* (1) *to finish*, সমাপ্ত কৃ। নিকাশ কৃ। সাঙ্গ কৃ। কম্‌পিলট কৃ। To — an enquiry, তদন্ত সারা কৃ। (2) *to accomplish*, সিদ্ধ কৃ।

Completion, *n.* সমাপ্তি।

Complex, *a* সোজা নহে। জঞ্জালিয়া। পেচাল।

Compliance, *n.* সম্মতি। মানন। স্বীকার। In — with your request, তোমার আদেশ মানিয়া or মতে or অনুসারে।

Complicate, *v.* পেঁচাল কৃ। গোলমাল কৃ। জড়াও কৃ।

Complicated, *a.* পেঁচাল। এলুযামেলুয়া। ঘোরাল।

Complicity, *n.* সঙ্গী হওন। বাজদারী।

Compliment, *v.* (1) *to praise*, প্রশংসা কৃ। (2) *to speak and act respectfully*, শিষ্টাচার কৃ। (3) *to flatter*, খোসামদ কৃ।

Comply, *v with a requisition*, আদেশমতে কর্ম্ম কৃ। আজ্ঞা পালন কৃ। কথা মান। হুকুম আমলে আন।

Comportment, *n.* আচার। চাল। ব্যবহার।

Compose, *v.* (1) *to constitute*, হ। লইয়া হ। as, Letters — words, অক্ষর লইয়া কথা হয়। The punchayet shall be composed of respectable men, ভদ্র লোক লইয়া পঞ্চায়ৎ হইবেক। (2) *to calm*, স্থির কৃ। (3) *to settle*, মিটাইয়া দা। নিষ্পত্তি কৃ। (4) *to write*, as an author, রচনা কৃ। প্রবন্ধ কৃ। (5) *in printing*, হরফ সাজা। কম্পোজ কৃ।

Composition, *n. mutual agreement*, রফা। মীমাংসা। Deed of — রফা নামা।

Compound, *v.* (1) *to settle amicably*, রফা কৃ। To — with a felon, নালিশ না করিবার করারে চোরা জিনিস ফিরিয়া ল। (2) to — drugs, মিশা। মিশ্রিত কৃ।

Compound, *a.* মিশ্রিত। — interest, সুদের সুদ। চিকরবরদেশী। — larceny, কোন লোকের ঘর কি বস্ত্রহইতে চুরী করা।

Comprehend, *v.* (1) *to understand*, বোধ কৃ। বুঝ। (2) *to include*, বুঝা ধৃ।

Comprehensive, *a.* বিস্তারিত।

Comprise, *v.* ধৃ। ভুক্ত হ। সামাই হ।

Compromise, *v.* আপোসে মিটাইয়া দা। রাজীনামা লিখ। সলে কৃ। রফা কৃ।

Compromise, deed of, সোলেনামা।

Compulsion, *n.* বল। জবরদস্তী। জোরজবরী।

Compulsory, *a.* বলঘটিত। জোর করিয়া। It was — on me to do it, তাহা আমার অগত্যা করিতেই হইল। — exaction, বলপূর্ব্বক লওন। জোরে তলব করিয়া লওন। — homicide, অগত্যা হত্যা করণ। অগত্যা মনুষ্যহত্যা। — process, জোর করিয়া কোন কর্ম্ম করাইবার কার্য্য।

Compunction, *n.* খেদ। অনুতাপ।

Computation, *n.* হিসাব। গণনা।

Compute, *v* হিসাব কৃ। ধৃ। গণনা কৃ। গণ।

Computed, *a.* অনুমানিক। আন্দাজী। — value, হিসাব করিয়া যত মূল্য হয়। আনুমানিক মূল্য।

Comrade, *n* সঙ্গী। সাথী।

Conceal, *v.* গোপনে রাখ। ছাপাইয়া রাখ। লুকাইয়া রাখ। To — one's self, গোপনে থাক। ছিপ। লুকিয়া থাক।

Concealment, *n.* (1) *the act of concealing*, গুপ্ত রাখন। Wilful — of heinous offences, জানিয়া শুনিয়া ভারি অপরাধ ছাপাইয়া রাখন। (2) *privacy*, গুপ্ত থাকন। গোপন। (3) *the place of hiding*, লুকাইবার স্থান। ছিপাইবার স্থান।

Concede, *v.* (1) *to yield*, সম্মত হ। (2) *to allow*, স্বীকার কৃ।

Conceive, *v.* (1) *to become pregnant*, অন্তরাপত্যা হ। গর্ভধারণ কৃ। (2) *to understand*, বুঝ।

Conception, *n. a becoming pregnant*, অন্তরাপত্যা হওন। গর্ভধারণ। (2) *an apprehension*, বোধ। I can form no — of it, তাহার কিছুই আমার বোধগম্য হয় না; or তাহা বুঝিয়া উঠিতে পারি না।

Concern, *n.* (1) *interest*, সম্পর্ক। এলাকা। (2) *business*, কারবার। ব্যবসায়। কনসর্ণ। (3) *persons connected in business*, কারবারে সংযুক্ত লোক or শরীক।

Concerned, to be, *v.* লিপ্ত হ। বিষয় রাখ। সম্পর্ক রাখ। I am — in that matter, সেই বিষয়ে আমার সম্পর্ক আছে; or সেই বিষয়ে আমার ক্ষতি বৃদ্ধি হয়। To be — in a crime, দোষে লিপ্ত হ। দোষে সঙ্গী হ।

Concerning, *p.* বিষয়ে। সম্পর্কে।

Concert, *v.* মন্ত্রণা কৃ। মন্ত্রণা করিয়া নিয়ম কৃ। In a bad sense, যোগ সাজস কৃ।

Concert, *n. agreement in a design*, ঐক্য। একযুক্তি।

Conch, *n.* শঙ্খ। শাঁখ।

Conciliate, *v. to reconcile*, মেল কৃ। সম্মত কৃ। সামঞ্জস্য কৃ।

Conclude, *v.* (1) *to infer*, বোধ কৃ। সিদ্ধান্ত মতে জানা। অনুভব কৃ। (2) *to decide*, নিষ্পত্তি কৃ। সিদ্ধান্ত কৃ। সিদ্ধ কৃ। To — a settlement, বন্দোবস্ত স্থির or দৃঢ় কৃ or পাকা কৃ। (3) *to finish*, সাঙ্গ কৃ। সমাপ্ত কৃ। চুকাইয়া ফেল।

Conclusion, (1) *an inference*, অনুভব। বিবেচনা। দৃঢ় বোধ। (2) *decision*, নিষ্পত্তি। (3) *an end*, সারা। শেষ। সমাপ্তি।

Conclusive, *a.* সিদ্ধান্ত। চূড়ান্ত।

Conclusively, *ad.* সিদ্ধান্ত রূপে।

Concoct, *v.* সাজাইয়া দা। সাজস কৃ।

Concourse, *n*, লোকারণ্য। লোক সমারোহ। মেলা।

Concubine, *n.* উপপত্নী। চেমনী। রাখনী। নাৎনী।

Concur, *v.* সম্মত হ। ঐক্য হ। একবাক্য হ। মিল।

Concurrence, *n.* (1) *conjunction*, সংঘটন। সংযোগ। (2) *agreement*, সম্মতি। একবাক্য। স্বীকার। — of jurisdiction, সমান ক্ষমতা।

Concurrent, *a.* সমান প্রকারের। — jurisdiction, তুল্য ক্ষমতা।

Condemn, *v.* (1) *to pronounce guilty,* দোষী নিশ্চয় কৃ। দোষ সাব্যস্ত কৃ। দোষী কৃ। (2) *to sentence to punishment,* দণ্ডাজ্ঞা কৃ। দণ্ডের হুকুম কৃ। To — to death, প্রাণদণ্ডের আজ্ঞা কৃ। (3) *to pronounce unfit for use,* কর্ম্মের অযোগ্য প্রকাশ কৃ। The ship was — as unseaworthy, জাহাজ সমুদ্রে যাইবার অযোগ্য প্রকাশ হইল।

Condign, *a.* উপযুক্ত। সমুচিত।

Condition, *n.* (1) *state,* অবস্থা। দশা। হাল। আহওয়াল। — in life, গতিক। সংসার সম্পর্কীয় অবস্থা। (2) *terms of a contract,* নিয়ম। শর্ত্ত।

Conditional, *a.* নিয়মাধীন। শর্ত্তমতের। — deed of sale, কটকওয়ালা। applied to jagheers, মশরুৎ। — purchase, বয়বিলওফা। — sale, কটকওয়ালা। বয়শর্ত্তিয়া।

Conditionally, *ad.* নিয়মমতে। নিয়মাধীনে।

Conduct, *n.* আচার ব্যবহার। রীতিচরিত্র। Bad —, কদাচার। Disorderly —, অনিয়মিত আচার।

Conduct, *v.* নির্ব্বাহ কৃ। To — duties, কার্য্য নির্ব্বাহ কৃ। To — a suit, মোকদ্দমা তদবীর or যোগাড় কৃ। মোকদ্দমা চালা। মোকদ্দমা নির্ব্বাহ কৃ।

Conduit, *n.* জল প্রণালী। প্রণালী।

Confectioner, *n.* ময়রা। মিষ্টান্ন প্রস্তুত কি বিক্রয় করে যে।

Confectionery, *n.* মিষ্টান্ন প্রভৃতি।

Confederate, *n.* সহকারী। সাথী।

Confer, *v.* on, *to give,* দা। দান কৃ। অর্পণ কৃ। To — with, *to consult,* পরামর্শ কৃ। মন্ত্রণা কৃ।

Confess, *v.* স্বীকার কৃ। কবুল কৃ।

Confession, *n.* স্বীকার। কবুল। Forcibly extorting — of a crime, বলপূর্ব্বক অপরাধ কবুল করাওন।

Confide, *v.* in, বিশ্বাস কৃ। — to, বিশ্বাস ভাবে সমর্পণ কৃ। To — a secret to a friend, গোপনীয় কথা বিশ্বাস ভাবে বন্ধুকে কহ।

Confidence, *n.* (1) *reliance,* বিশ্বাস। (2) *security,* নিরাশঙ্কা। নির্ব্বিঘ্ন ভাব। খাতিরজমা। (3) *boldness,* সাহস।

Confidential, *a.* (1) *trusty,* বিশ্বাস যোগ্য। A — person, বিশ্বাস পাত্র। (2) *private,* গোপনীয়।

Confidently, *ad.* বিশ্বাস পূর্ব্বক। To believe —, দৃঢ় বিশ্বাস কৃ। To assert —, দৃঢ় করিয়া কহ।

Confine, *v.* কয়েদ কৃ। বন্দি কৃ। কারাবদ্ধ কৃ। To — under examination, হাজতে রাখ। হাজৎ তজবীজে রাখ। কয়েদ করিয়া জের তজবীজে রাখ।

Confinement, *n.* কয়েদ। To keep in —, বদ্ধ রাখ। কয়েদ করিয়া রাখ। Close —, আঁটা আঁটি রূপে কয়েদ।

Confines, *n.* সীমানা। সীমা। প্রান্ত।

Confirm, *v.* (1) *to strengthen*, প্রবল কৃ। দৃঢ় কৃ। (2) *to establish*, স্থির কৃ। সিদ্ধ কৃ। মঞ্জুর কৃ। বহাল রাখ। সাব্যস্ত কৃ। (3) *to ratify*, দৃঢ় কৃ। To — a confession previously made, পূর্ব্বের কবুল করা কথা দৃঢ় করিয়া মান or জান।

Confiscate, *v.* জব্দ কৃ। সরকারে খাস করিয়া ল। সরকারে দাখিল কৃ।

Conflict, *n.* বিবাদ। বিরোধ। যুদ্ধ।

Conflicting, *a.* বিরুদ্ধ। বিপরীত। — claims, পরস্পর বিপরীত দাওয়া। — interests, পরস্পর বিপরীত লাভ সম্পক। — evidence, পরস্পর বিপরীত প্রমাণ।

Conform, *v.* মান। To — to rules, বিধিমতে কর্ম্ম কৃ। বিধি মান।

Conformably, *ad.* অনুযায়ি। অনুসারে। মতে।

Confound, *v.* (1) *to mix or blend*, ইতর বিশেষ না মান। গোলমাল কৃ। (2) *to perplex*, অপ্রতিভ কৃ। অপ্রস্তুত কৃ। অস্থির কৃ।

Confront, *v.* (1) *to oppose*, বিপক্ষতা কৃ। (2) *to set face to face*, সম্মুখে আন। সম্মুখাসম্মুখী দাঁড় করা।

Confuse, *v.* (1) *to disorder*, বিশৃঙ্খল কৃ। গোলমাল কৃ। (2) *to disconcert*, ঘাবরা। অপ্রতিভ কৃ।

Confused, *a.* অস্পষ্ট। এলুয়ামেলুয়া।

Confusion, *n.* গোলমাল। বিশৃঙ্খল অবস্থা।

Confute, *v.* খণ্ডা। To — an objection, আপত্তি খণ্ডা। To — an advocate, উকীলের কথা খণ্ড।

Congeal, *v.* জম। জমাট হ।

Congenial, *a.* সমান প্রকারের। — pursuit, যে কর্ম্মেতে মন লয়। সুখসাধন কর্ম্ম।

Conjecture, *n.* অনুভব। অনুমান।

Conjugal, *a.* বিবাহের। বিবাহসম্পর্কীয়। — relation, বিবাহ সম্বন্ধ।

Connect, *v.* সংযোগ কৃ। যোগ কৃ। সম্বন্ধ কৃ।

Connected with, *a.* সম্পর্কীয়। যোতালক। সংযুক্ত। সম্বন্ধীয়। To be — an affair, কোন ব্যাপারে সম্পর্ক রাখ, or লিপ্ত হ। To be — a person, অমুকের সঙ্গী হ। — as a relative, সম্বন্ধী হ।

Connection, *n.* যোগ। সম্পর্কতা। এলাকা। *a relation*, সম্বন্ধ। To be in — with a person, লোকের সহায় হ। — with an affair, ব্যাপারে লিপ্ত or মিশ্রিত হ। In the plural, সম্পর্কীয় লোক। সম্বন্ধীয় লোক।

Connivance, *n.* জ্ঞাতসারিতা। দেখিয়া না দেখন। উপেক্ষা।

Connive at, *v.* জানিয়া শুনিয়া তাচ্ছল্য কৃ। দেখিয়া শুনিয়া চুপ করিয়া থাক। অনুকূল হ।

Conquer, *v.* জয় কৃ। পরাজয় কৃ।

Consanguinity, *n.* জ্ঞাতি সম্বন্ধ।

Conscience, *n.* বিবেক। জ্ঞান। He shall be sworn in the manner that may be most binding on his —, যে প্রকারের শপথ তাহার মনে অতি দৃঢ় জ্ঞান হয় সেই প্রকারে তাহার শপথ করিতে হইবেক।

Conscientious, *a.* ধর্ম্মজ্ঞান মতে সরল। If he have — scruples against taking an oath, যদি শপথ করা তাহার ধর্ম্মজ্ঞানের বিরুদ্ধ হয়।

Conscious, *a.* জ্ঞাত। I am — of it, তাহা জানি, or তাহার টের পাইলাম।

Consecutive, *a.* পরপর। — days, দিন ২।

Consecutively, *ad.* পরপর। ক্রমশঃ।

Consent, *n.* সম্মতি। অনুমতি।

Consent, *v.* সম্মত হ। রাজী হ। স্বীকার কৃ। অনুমতি দা।

Consequence, *n.* (1) *a result*, ফল। (2) *importance*, গুরুত্ব। It is of no —, তাহা কেয়ুয়া নয়। অকিঞ্চিৎকর। It is of great —, অত্যন্ত গুরুতর। অতি ভারী। বড় কেয়ুয়া। In —, তৎপ্রযুক্ত।

Consequential relief, নিষ্পত্তি জন্য উপকার or লাভ।

Consequently, *ad.* তৎপ্রযুক্ত। ফলতঃ। কাযে ২। সুতরাং।

Conservancy, *n.* পরিপাটীরূপে রাখন। — Commissioner, নগর পরিপাটী রাখিবার কমিশ্যনর।

Conservator of Ports, বন্দর রক্ষক।

Consider, *v.* (1) *to ponder*, বিবেচনা কৃ। (2) *to view attentively*, মনোযোগ পূর্ব্বক বিচার কৃ। (3) *to have regard to*, মনে কৃ। চিন্তা কৃ। (4) *to regard*, জ্ঞান কৃ। বোধ কৃ।

Considerable, *a.* (1) *important*, গুরুতর। ভারি। (2) *valuable*, বহুমুল্যের। (3) *extensive*, অধিক। বহু। বিস্তর। অনেক।

Considerably, *ad.* গুরুতররূপে। অতিশয়। অত্যন্ত।

Consideration, *n.* (1) *notice*, বিবেচনা। (2) *the object to be considered*, বিবেচ্য বিষয়। বিবেচনার কথা। Upon a — of the case, মোকদ্দমার ভাবগতিক বিবেচনায়। To take into —, বিবেচনা কৃ। ধৃ। In — of that act, ঐ কর্ম্ম বিবেচনা করিয়া, or ঐ কর্ম্ম প্রযুক্ত। (3) *an equivalent or recompense*, কোন কার্য্যের কি দ্রব্যের পরিবর্ত্তে তাহার সমান মুল্যের যে দ্রব্য কি যে টাকা দেওয়া যায়। — in money, বিষয় বুঝিয়া মুল্য। দ্রব্যের উপযুক্ত টাকা। — in property, মুল্যের মত বিষয়। In — of your doing so, তোমার ঐ কর্ম্ম করিবার করার or নিয়ম হইলে, or তুমি ঐ কর্ম্ম করিলে।

Consign, *v.* অর্পণ কৃ। পাঠা। কোন কাহার নামে বরাৎ দা। গচ্ছিত কৃ। কানসাইন কৃ।

Consignee, *n.* আড়ৎদার। কানসাইনী।

Consistency, *n.* (1) *firmness*, গাঢ়তা। ঘনতা। (2) *agreement*, ঐক্য। মেল।

Consistent, *a.* (1) *firm*, গাঢ়। প্রগাঢ়। (2) *standing in agreement*, মিলে। ঐক্য হয়। — with, অনুসারে। অনুযায়ি। মতে।

as, To — forth the hand, হস্ত বিস্তার কৃ। হাত বাড়া। (3) *to exert*, as, To — forth strength, জোর কৃ। বল প্রকাশ কৃ। (4) *to publish*, প্রকাশ কৃ। জাহির কৃ। To — in, (1) *to insert*, দা। নূতন কথা প্রভৃতি লিখিয়া দা। (2) *to enter a harbour*, বন্দরে যা। জাহাজের লঙ্গর ফেল। লাগান কৃ। ঘাটে আন। (3) *to deliver*, দাখিল কৃ। শামিল কৃ। দা। (4) *to advance*, as, To — in a claim, দাওয়া প্রকাশ কৃ। To — facts in issue, ইসুতে বৃত্তান্ত অর্পণ কৃ। To — in for a share in profits, লভ্যের অংশ দাওয়া কৃ, or দাবী কৃ। (5) *to excite*, as, To — in fear, ভয় জন্মা। ভয় দর্শা। (6) *to recall*, as, To — in mind, মনে করা। স্মরণ করা। (7) *to use*, as, To — in practice, আমলে আন। চালা। To — into, (1) *to deliver*, দাখিল কৃ। অর্পণ কৃ। রাখ। To — into another's hands, *to trust*, জিম্মায় রাখ। To — off, (1) *to lay aside*, ত্যাগ কৃ। ফেল। (2) *to delay*, গৌণ কৃ। টালমটাল কৃ। বিলম্ব কৃ। (3) *to send away*, বিদায় কৃ। (4) *to vend*, বিক্রয় কৃ। (5) *to pass fallaciously*, as, counterfeit coin, চালা। মেকি টাকা প্রতারণা করিয়া চালা। (6) *to push from land*, as, a boat, দফরা। ছাড়িয়া দা। জাহাজ রওয়ানা কৃ। To — on, (1) *to charge*, as, To — the blame *on* another, অন্যের উপর দোষ ফেল। আরোপ কৃ। (2) *to wear*, পর। (3) *to assume*, দেখা। (4) *to impose*, বসা। অর্পণ কৃ। To be — upon, ঠক। ভোগা পা। প্রতারিত হ। To — on trial, বিচার কৃ। বিচার করিবার জন্যে আন। To — over, (1) *to refer*, অর্পণ কৃ। সোপর্দ্দ কৃ। (2) *to defer*, মুলতবী রাখ। (3) *to go across*, পারি দা। To — out, (1) *to place at interest*, সুদে দা। কর্জ্জ দিয়া সুদ ল। (2) *to extinguish*, নিবাইয়া ফেল। ঠাণ্ডা কৃ। বুজা। (3) *to extend*, বাড়া। বিস্তার কৃ। (4) *to expel*, বাহির কৃ। (5) *to publish*, প্রকাশ কৃ। জাহির কৃ। (6) *to confuse*, ঘাবরা। গোলমাল কৃ। To — out the eyes, চক্ষু উপড়া। To — to, (1) *to add*, যোগ কৃ। সংযোগ কৃ। দা। To — the hand to, (1) *to begin*, হাত দা। হাত লাগাও। আরম্ভ কৃ। (2) *to embezzle*, তহবীল ভাঙ্গ। To — to torture, যন্ত্রণা দা। যাতনা দা। To — to the sword, তলওয়ার দিয়া মারিয়া ফেল। To — to death, প্রাণদণ্ড কৃ। খুন কৃ। To — to a stand, স্থগিত কৃ। নিরস্ত কৃ। To — together, (1) *to unite in one sum*, একুন কৃ। ঠিক দা। (2) *to unite*, যোগ কৃ। সংযোগ কৃ। একত্র কৃ। এক স্থানে দা। To — trust in, বিশ্বাস রাখ। To — up, (1) *to offer*, as for sale, বিক্রয়ার্থে দেখা। To — up to auction, নিলামে বিক্রয় কৃ। নিলামে ধৃ। (2) *to expose*, as, To — up a notice, ইশতিহার লটকা or লাগা। (3) *to lay aside*, তুলিয়া রাখ। (4) *to pack up*, বস্তা or বাক্স or গাঁটরি করিয়া বাঁধ। (5) *to take lodgings*, বাসা কৃ। To — up with, সহ্য কৃ। To — upon, see To — on.

Putative, *a.* কল্পিত। অনুভাবিত। অনুমানে।
Putrify, *v.* পচা হ। গন্ধ কৃ।
Putrid, *a.* পচা।

Q.

Qualification, *n.* (1) *fitness for office*, কর্ম্ম ক্ষমতা। যোগ্যতা। In the plural, গুণ। ক্ষমতা। (2) *modification*, খর্ব্বতা। The words are used without any —, শব্দের বিস্তারিত ভাব ধরিতে হইবেক; or, শব্দের অর্থের কিছু খর্ব্বতা না মানিয়া ধরিতে হইবেক।
Qualified, *a.* যোগ্য। উপযুক্ত।
Qualify, *v.* (1) *to fit*, যোগ্য কৃ। প্রস্তুত কৃ। পারগ কৃ। To — a man for a judge, বিচারপতির কর্ম্মের যোগ্য হইবার নিমিত্তে। (2) *to modify*, খর্ব্ব কৃ। মতান্তর কৃ। কোমল কৃ।
Quality, *n.* (1) *property*, গুণ। জাতি। প্রকার। Land of the first —, আওয়াল জমী। অতি উত্তম জমী। Land of the second —, দোয়েম জমী। দ্বিতীয় প্রকারের জমী। (2) *superior rank*, মর্য্যাদা। মান। সম্ভ্রম। A man of —, মর্য্যাদার লোক। মান্য লোক। সম্ভ্রান্ত লোক।
Quamdiu se bene gesserit, যত কাল সদাচারী হইয়া থাকে।
Quantity, *n.* পরিমাণ। A large —, অধিক। Any —, যত ইচ্ছা তত। যত চাও তত। What —? কত? According to the — of land, জমীর পরিমাণ বুঝিয়া।
Quarantine, *n.* চিল্লা।
Quarrel, *n.* বিবাদ। ঝকড়া। দ্বন্দজ।
Quarrel, *v.* ঝকড়া কৃ। বিবাদ কৃ।
Quarter, *n.* চতুর্থাংশ। সিকী। রোবা। — of a year, তিন মাস, অর্থাৎ মে মাসের ১ তারিখ অবধি বৎসর চারিভাগ করিয়া তাহার এক ২ ভাগের যে তিন মাস। A — in weight or length, পোয়া ভাগ।
Quarter, *v. to lodge*, বাস কৃ। থাক।
Quarterly, *a.* তিন ২ মাসের। ত্রৈমাসিক। সিমাহী।
Quash, *v. to annul*, বাতিল কৃ। অন্যথা কৃ। রদ কৃ।
Quay, *n.* বাঁধা ঘাট। পোস্তা ঘাট।
Queen, *n.* রাণী। মহারাণী। Her Majesty, শ্রীশ্রীমতী মহারাণী।
Question, *n.* জিজ্ঞাসা। প্রশ্ন। সওয়াল। A leading —, যে ২ সওয়ালেতে লোক আশয় টের পাইয়া জওয়াব দিতে পারে। যে সওয়ালেতে জওয়াবের ইশারা হয়। উত্তরের ভাব প্রকাশক প্রশ্ন। The matter in —, বিচার্য্য বিষয়। বিবেচ্য কথা। যে বিষয়ের তজবীজ হইতেছে।
Question, *v.* (1) *to interrogate*, জিজ্ঞাসা কৃ। সওয়াল কৃ। (2) *to doubt*, সন্দেহ কৃ। I — it, ইহাতে কিছু সন্দেহ লাগে।

Questionable, *a* সন্দিগ্ধ। সন্দেহজনক।
Questionless, *a.* নিঃসন্দেহ। নিশ্চয়। যাহার জিজ্ঞাসা নাই।
Quibble, *n.* ভাঁড়ান কথা।
Quick, *a.* (1) *living*, জীবৎ। — with child, গর্ভস্থ জীবৎ সন্তান যাহার। A — child unborn, উদরস্থ সচেতন অপত্য। (2) *speedy*, ত্বরা। শীঘ্র।
Quick, *ad.* ত্বরায়। শীঘ্র। জল্‌দি।
Quicklime, *n.* বাখারি চূণ।
Quicksilver, *n.* পারা।
Quill, *n.* কলম।
Quinquennial, *a.* পাচ ২ বৎসরের। পাঁচ সনী। The — Register, পাঁচ সনী কৈফিয়তের বহী। পঞ্চশালা রেজিষ্টর। পাঁচ বৎসরীয় রেজিষ্টরের বহী। The — settlement, পাঁচ সনী বন্দোবস্ত।
Quire, *n.* of paper, দিস্তা।
Quit, *v.* ত্যাগ কৃ। ছাড়। To — costs, খরচ পোষা।
Quit claim, *v.* ভূমিতে স্বত্বের দাওয়া ত্যাগ কৃ।
Quit-claim, *n.* ফারখতী পত্র। ত্যাগ পত্র। লাদাবী পত্র।
Quite, *ad.* সম্পূর্ণরূপে।
Quit-rent, *n.* পেশকশ। অল্পকর। পঞ্চক। — payable to Government, সরকারী পঞ্চক। — payable to a Talookdar, জমীদারী পঞ্চক।
Quittance, *n.* ফারখতী পত্র। মুক্ত পত্র। খালাস পত্র।
Quorum, *n.* কমিটীর অর্থাৎ সভাস্থ ব্যক্তিরদের যত জন বৈঠক করিলে কার্য্য সিদ্ধ হয়।
Quota, *n.* ভাগ। অংশ। হিস্যা।
Quote, *v.* কথা গ্রহণ কৃ। বচন প্রমাণ দা। উল্লেখ কৃ।

R.

Race, *n.* বংশ। গোত্র। কুল। জাতি। A horse —, ঘোড় দৌড়।
Rack, *n.* (1) *a kind of spirits*, পৈষ্টীমদিরা। (2) *a wire — used in record-rooms, for keeping records*, পেতেন। পেতিয়ান। মাচা।
Rack-rent, *n.* বেশী খাজানা। কটকিনা। One who holds land on a —, কটকিনাদার।
Raft, *n.* কাঠের মাড়। ভেলা।
Rail, *n.* গরাদে। রেল।
Railroad, Railway, রেলরোড। কলের গাড়ির লৌহ পথ।
Raise, *v.* (1) *to lift*, তুল। উঠাও। (2) *to set upright*, দাঁড় করা। তুল। (3) *to build*, গাথা। (4) *to make*, কৃ। উৎপন্ন কৃ। (5) *to elevate*, উচ্চপদস্থ কৃ। উচ্চপদে নিযুক্ত কৃ। (6) *to enhance*, বৃদ্ধি কৃ। To — the price

of goods, দ্রব্যের মূল্য বৃদ্ধি কৃ or বাড়া। মূল্য চড়তি কৃ। (7) *to occasion*, জন্মা। উৎপন্ন কৃ। (8) *to utter loudly*, as, To — one's voice, ডাকিয়া কহ। উচ্চশব্দ কৃ। চেঁচাইয়া বল। (9) *to collect*, as, To — money, টাকা আদায় কৃ। টাকা পা or প্রাপ্ত হ। (10) *to levy*, as, To — troops, সৈন্য সংগ্রহ কৃ। (11) *to cause to grow*, as, To — rice, ধান্য উৎপন্ন কৃ। ধান জন্মা। (12) *to excite*, উৎসাহ দান কৃ। উস্কাইয়া দা।

Ram, *n.* *Aries*, মেষরাশি।

Rampart, *n.* বুরুজ। মুর্চা।

Rank, *n.* (1) *class*, শ্রেণী। জাতি। (2) *office*, পদ। (3) *dignity*, মর্য্যাদা। মান। সম্ভ্রম। A man of —, মান্য লোক। মর্য্যাদাপন্ন লোক।

Rank, *a.* (1) *high growing*, as, — weeds, বড় ২ জঙ্গল। ঘন জঙ্গল। (2) *very rich and fertile*, অত্যন্ত উর্ব্বরা। উত্তম জমী। (3) *strong*, শক্ত। as, — poison, শক্ত বিষ।

Ransom, *n.* (1) *the price paid for the redemption of a prisoner or slave*, কয়েদীর কি গোলামের মুক্তির জন্যে যে মূল্য or যত টাকা দেওয়া যায়। (2) *release from captivity*, মুক্তি। (3) *a fine paid in lieu of corporal punishment*, শারীরিক শাস্তির পরিবর্ত্তে যে জরীমানা দেওয়া যায়।

Rape, *n.* বলাৎকার করণ। ফেয়ালসনী।

Rapine, *n.* লুঠ। লুঠ পাঠ। অপহরণ।

Rashly, *ad.* অবিবেচনা পূর্ব্বক। দুঃসাহসে।

Ratable, *a.* দর কি ভাও অনুসারে। হারহারিমতে। যাহার দর নিরূপণ হয়। *liable to taxation*, যাহার উপর টাক্স বসান আছে।

Ratan, *n.* বেত। বেত্র।

Rate, *n.* (1) *proportion*, হার। নিরিখ। দর। ভাও। দরদরা। হিসাব। Book of —, নিরিখের বহী। At the — of 5 per cent. শতকরা ৫ টাকার হিসাবে। To fix the —, নিরিখবন্দি কৃ। দরবন্দি কৃ। (2) *tax*, টাক্স। কর।

Rate-payer, *n.* টাক্স দেওনিয়া।

Ratify, *v.* দৃঢ় কৃ। সিদ্ধ কৃ। সাবুদ কৃ।

Ratio decidendi, নিষ্পত্তির হেতু।

Ravage, *v.* লুঠপাঠ কৃ। উচ্ছিন্ন কৃ। ওয়রান কৃ।

Ravish, *v.* (1) *to seize and carry away by violence*, বলপূর্ব্বক অপহরণ কৃ। (2) *to have carnal knowledge by force*, বলাৎকার কৃ।

Raw, *a.* কাঁচা। — hide, কাঁচা চর্ম্ম। — silk, কাঁচা রেশম। See Silk.

Reach, *v.* (1) *to extend to*, পঁহুছ। লাগাইল পা। (2) *to stretch out*, বাড়া। বিস্তার কৃ। (3) *to arrive at*, পঁহুছ। উপস্থিত হ।

Read, *v.* পড়। পাঠ কৃ।

Readily, *ad.* অনায়াসে। অবাধিত রূপে। অক্লেশে। অরায়।

Re-adjourn, *v* দ্বিতীয় বার মুলতবী রাখ। দ্বিতীয় বার কার্য্য স্থগিত রাখ।

Re-adjust, *v.* পুনর্ব্বার নিষ্পত্তি কৃ। পুনর্ব্বার সাজা। পুনর্ব্বার বন্দোবস্ত কৃ। পুনর্ব্বার মোকাবিলা কৃ।

Re-admit, *v.* পুনরায় গ্রাহ্য কৃ। To — a case, মোকদ্দমা পুনর্ব্বার নম্বর বহাল কৃ। পুনরায় নথীর শামিল কৃ।

Ready, *a* (1) *prepared*, প্রস্তুত। তৈয়ার। (2) *in hand*, as, — money, নগদ। মৌজুদ টাকা। To be — to do anything, প্রস্তুত হ। উদ্যত হ। To make —, প্রস্তুত কৃ। উদ্যোগ কৃ।

Real, *a* (1) *true, genuine*, প্রকৃত। যথার্থ। আসল। (2) *relating to things*, স্থাবর। as, — property, স্থাবর সম্পত্তি। গরমনকুলা।

Reality *n.* যাথার্থ্য। প্রকৃত ভাব। In —, ফলিতার্থে। প্রকৃত ভাবে। বাস্তব।

Realizable, *a.* যাহা আদায় হইতে পারে। উসুলী।

Realize, *v.* (1) *to believe as real*, প্রকৃত or সত্য জান। (2) *to receive*, as, To — a sum of money, উসুল কৃ। আদায় কৃ। The amount *realized* by the sale of the goods, দ্রব্য নিলাম করিয়া যত টাকা পাওয়া যায়, or আদায় হয়, or উৎপন্ন হয়।

Ream, *n.* রীম। ২০ দিস্তা।

Reap, *v* ফসল কাট। শস্য কাট। In Sylhet, দামন কাট।

Reason, *n* (1) *cause*, কারণ। হেতু। The — of appeal, আপীলের হেতুবাদ। আপীলের অজুহাৎ। মুজিবাৎ। (2) *power of reasoning*, বুদ্ধি। বিচার শক্তি।

Reason, *v* (1) *to judge*, বিবেচনা কৃ। বিচার কৃ। (2) *to debate*, তর্কবিতর্ক কৃ। বাক্‌বিতণ্ডা কৃ। (3) *to endeavour to inform*, বুঝাইয়া দা। যুক্তি দেখাইয়া or কারণ জানাইয়া বুঝাইয়া দা।

Reasonable, *a.* উচিত। উপযুক্ত। ওয়াজিবী।

Rebatement, *n.* বাট্টা। কমী। ঘটাও। মূল্যের কিছু বাদ দেওয়া।

Rebel, *n.* রাজবিদ্রোহী। হঙ্গামী।

Rebel *v.* রাজবিদ্রোহিতা কৃ। হঙ্গামা কৃ। প্রভুর বশতাপন্ন না হ। অবশ হ।

Rebellion, *n.* রাজদ্রোহিতা। রাজদ্রোহ। হঙ্গামা।

Rebellious, *a.* রাজদ্রোহী। হুজ্জতী। দাঙ্গাবাজ। হঙ্গামী।

Rebuff, *n.* ধমক। তর্জ্জনগর্জ্জন।

Rebuke, *v.* তিরস্কার কৃ। অনুযোগ কৃ।

Rebut, *v.* খণ্ডন কৃ। খণ্ডা। প্রত্যুত্তর কৃ।

Recall, *v.* (1) *to annul*, বাতিল কৃ। To — a suit, মোকদ্দমা উঠাইয়া ল। মোকদ্দমা খারিজ কৃ। (2) *to revive in memory*, স্মরণ কৃ। পুনরায় মনে কৃ। (3) *to call back from an office*, পদচ্যুত কৃ। তগীর কৃ।

Recapitulate, *v.* সংক্ষেপরূপে পুনরায় কহ or ব্যাখ্যা কৃ।

Recede, *v.* (1) *to move back,* হটিয়া যা। (2) *to withdraw a claim,* দাওয়া ত্যাগ কৃ। (3) *to relinquish what had been asserted,* স্বীকার না কৃ। নামঞ্জুর কৃ। গরকবুল কৃ।

Receipt, *n.* (1) *the act of receiving,* প্রাপ্ত হওন। প্রাপণ। পাওন। (2) *in commerce, an acknowledgment,* রসীদ। দাখিলা। কবজ। A — in full, ফারখৎ। (3) *sums received,* জমা। — and disbursements, জমা খরচ। *revenue received,* আমদানী। Gross — of revenue, খাম আমদানী। মোট ওয়াসিলের আমদানী।

Receive, *v.* (1) *to accept,* গ্রহণ কৃ। গ্রাহ্য কৃ। (2) *to take,* ল। To — money, টাকা ল। (3) *to obtain,* পা। প্রাপ্ত হ। To — back, ওয়াপস ল। ফেরৎ ল।

Receiver, *n.* গ্রাহক। প্রাপক। রিসীবর। A — of stolen goods, থাঙ্গিদার। চোরা জিনিস গ্রহণ করে যে।

Receiving stolen goods, চোরা জিনিস গ্রহণ দোষ।

Recent, *a.* সম্প্রতিকার। অল্পদিনের। নূতন।

Recently, *ad.* সম্প্রতি। অল্পকাল।

Recess, *n.* (1) *a place of secresy,* অন্তর স্থান। গুপ্ত স্থান। (2) *time during which public business is suspended,* ছুটী। বন্দের কাল।

Recision, *n.* রদ করণ। অন্যথা করণ। বাতিল করণ। স্থগিত করণ। রহিত করণ।

Recite, *v.* (1) *to copy,* গ্রহণ কৃ। উল্লেখ কৃ। নকল কৃ। (2) *to relate,* ব্যক্ত কৃ। কহ। পুনরুক্তি কৃ।

Reckon, *v.* (1) *to number,* গণনা কৃ। গণ্য কৃ। হিসাবে ল or ধৃ। (2) *to esteem,* গণ্য কৃ। জ্ঞান কৃ। To — with another, অন্যের সঙ্গে লেখাযোখা কৃ। হিসাব কৃ।

Reclaim, *v.* (1) *to claim back,* দাওয়া কৃ। ফিরিয়া লইতে চা। (2) *to reform,* ভাল মানুষ কৃ। লোকের ভাব আচার শুধরা।

Recognisance, *an acknowledgment entered into,* মুচলকা। To forfeit a —, মুচলকা খেলাফ হ। মুচলকার লিখিত টাকা সরকারে জব্দ হ।

Recognise, *v.* as a person, চিন। শিনাখ্‌ত কৃ। as a deed, স্বীকার কৃ। মঞ্জুর কৃ। গ্রাহ্য কৃ।

Recognisee, *n.* মুচলকা লিখিয়া যাঁহাকে দেওয়া যায়। যিনি মুচলকা লেখাইয়া লন।

Recognisor, *n.* যে জন মুচলকা লিখিয়া দেয়।

Recollect, *v.* (1) *to remember,* মনে কৃ। মনে হ। (2) *to recognise,* চিন। ঠাহর।

Recommend, *v.* (1) *to recommend one to notice,* সোপারিশ দা। অনুরোধ পত্র দা। বিবেচনায় অর্পণ কৃ। (2) *to advise,* পরামর্শ দা।

Recommendation, *n.* (1) *advice,* পরামর্শ। (2) *commending to notice,* সোপারিশ। অনুরোধ। Letter of —, সোপারিশ পত্র। অনুরোধ পত্র।

Recompense, *n.* পুরস্কার। পারিতোষিক। প্রতিফল।

Reconcile, *v.* ঐক্য কৃ। মেল করা। মিলা।

Reconciliation, *n.* মেল। মিলন। ঐক্যভাব। Deed of —, রাজীনামা।

Reconsider, *v.* পুনর্বিবেচনা কৃ। পুনর্বিচার কৃ।

Record, *v.* রিকার্ড কৃ। বহীতে লিখিয়া রাখ। রোয়দাদে লিখ।

Record, *n.* বিবরণ লিপি। কৈফিয়ৎ। To dispose of a cause on the —, নথী ও কাগজাৎ দৃষ্টে মোকদ্দমা নিষ্পত্তি কৃ। *In the plural, Records,* of a case, মোকদ্দমার মিসিল। রোয়দাদ। নথী। কাগজপত্র। To form part of —, মোকদ্দমার কাগজ পত্রের মধ্যে থাক। মোকদ্দমার নথীর শামিল হ। To file as of —, রোয়দাদের ন্যায় নথী করিয়া রাখ, or নথীর শামিল কৃ। — of a Court, আদালতের কাগজ পত্র। দস্তাবেজ। দফতর। নথী। মিসিল। Book of —, রোয়দাদের বহী। Public —, সরকারী কাগজ পত্র।

Record-keeper, *n.* মহাফেজ।

Record-room, *n.* মহাফেজ খানা। মহাফেজ দফতর। সিরিশতা।

Record-writer, *n.* মুজমিল নবীস। রোয়দাদ নবীস।

Recourse, *n.* উপায়। আশ্রয়। To have — to a court of justice, আদালতে দরখাস্ত কৃ।

Recover, *v.* (1) *to regain,* ফিরিয়া পা। (2) *to gain as compensation,* আদায় কৃ। উসুল কৃ। To — damages, ক্ষতির পরিশোধ পা। খেসারতের টাকা আদায় কৃ। (3) *to succeed in a lawsuit,* জিত। পরাজয় কৃ। জয়ী হ। The plaintiff has *recovered* in his suit, ফরিয়াদীর পক্ষে ডিক্রী হইয়াছে।

Recoverable, *a.* ফিরিয়া পাওয়া যাইতে পারে যে। উসুল or আদায় হইতে পারে যে।

Recriminate, *v.* প্রত্যপবাদ কৃ। কোন কাহার দোষের নালিশ যে জন করে তাহার নামে সেই দোষ দা। To — mutually, পরস্পর দোষ দা।

Rectify, *v.* শুধরা। সংশোধন কৃ। শুদ্ধ কৃ।

Recusant, *n.* স্বীকার করে না যে। সম্মত হয় না যে।

Recuse, *v* স্বীকার না কৃ। সম্মত না হ। নারাজ হ।

Redeem, *n.* উদ্ধার কৃ। ছাড়িয়া ল। খালাস কৃ। দণ্ড দিয়া কি কর্জ শোধ করিয়া মুক্ত কৃ।

Redemption, *n.* উদ্ধার করণ। মুক্ত করণ। Right of —, উদ্ধার করিবার অধিকার or স্বত্ব। — of mortgage, বন্ধকী বিষয় উদ্ধার করণ। Equity of —, see Equity.

Red-lead, *n* সিন্দূর।

Redress, *v.* প্রতিকার কৃ। হক দা।

Redress, *n.* প্রতিকার। হক পাইবার উপায়।

Reduce, *v.* (1) *to bring back,* পুনরায় কৃ। To — to order, পুনরায় সুনিয়ম কৃ। (2) *to bring down to a lower rank,* অধঃস্থ or নীচ পদে নিযুক্ত কৃ। (3) *to diminish,* কম কৃ। কমা। ন্যুন কৃ। খর্ব্ব কৃ। খাটো কৃ। (4) *to subdue,* দমন কৃ। বশতাপন্ন কৃ।

Reduction, *n. diminution,* কমী। কম করণ। বাদ দেওন। মিনাহ। তকফীফ।

Redundant, *a.* অতিরিক্ত। বহুল। অধিক।

Re-elect, *v.* পুনরায় মনোনীত কৃ।

Re-eligible, *a* পুনরায় মনোনীত হইবার যোগ্য।

Reem, *v.* কালাপাতী করিবার জন্যে নৌকাদির তক্তার বাইন খুল।

Re-enact, *v.* আইন পুনর্ব্বার বহাল কৃ। পুনরায় স্থাপন কৃ or চালা।

Re-entry, *n.* ভূমির দখল পুনরায় পাওন।

Refer, *v.* as a suit for decision, মোকদ্দমা অর্পণ কৃ। মোকদ্দমা পাঠা। সোপর্দ্দ কৃ। To — back, ফিরিয়া পাঠা। ওয়াপস দা। To — to, (1) *to enquire,* জিজ্ঞাসা কৃ। সওয়াল কৃ। (2) *to make a reference to* any circumstance or event, উল্লেখ কৃ। (3) *to look into,* as, a book, দৃষ্টি কৃ। দেখ। (4) *to be connected with,* সম্পর্কীয় হ। সম্পর্ক রাখ।

Reference, *n. an enquiry,* জিজ্ঞাসা। প্রশ্ন। সওয়াল। Without — to any one, কাহারো অনুরোধ না রাখিয়া। কাহাকেও জিজ্ঞাসা না করিয়া। With — to that, তদ্দৃষ্টে। তদুপলক্ষে। তাহার বিষয়ে। তৎসম্পর্কে।

Referee, *n.* যাঁহার বিবেচনার্থে কোন বিষয় সোপর্দ্দ হয়। যাঁহাকে কোন কথার জিজ্ঞাসা হয়।

Referrible, *a.* অর্পণের যোগ্য। সোপর্দ্দ করিবার উপযুক্ত।

Refine, *v.* পরিষ্কার কৃ। মলা ছাড়া or কাট। রিফাইন কৃ।

Refresher, *n.* স্মরণ করণার্থ হুকুম।

Refuge, *n.* আশ্রয় স্থান।

Refugee, *n.* আশ্রিত লোক। শরণাগত ব্যক্তি।

Refund, *v.* টাকা ফিরিয়া দা, or ওয়াপোস দা।

Refuse, *v.* নারাজ হ। স্বীকার না কৃ। কবুল না কৃ। মঞ্জুর না হ। না চাহ।

Refuse, *n.* উচ্ছিষ্ট। মলা। গাদ।

Regard, *v.* (1) *to observe,* দৃষ্টি কৃ। দেখ। (2) *to esteem,* জ্ঞান কৃ। বোধ কৃ। (3) *to hold in respect,* মান্য কৃ। মান।

Regard, *n.* (1) *attention,* মনোযোগ। বিবেচনা। Without — to, বিবেচনা না করিয়া। মনোযোগ না করিয়া। (2) *relation,* সম্পর্ক।

Regiment, *n.* পল্টন। সৈন্যদল।

Register, *n.* রেজিষ্টর। *A book for registry,* রেজিষ্টরী বহী। কৈফিয়তের বহী।

Register, *v.* রেজিষ্টরী কৃ।

Registrar, *n.* রেজিষ্ট্রার।

Registry, *n.* রেজিষ্টরী। — keeper, রেজিষ্টরী মুহুরির। যে জন রেজিষ্টরী বহী রাখে। — office, রেজিষ্টরী দফ্তরখানা। রেজিষ্টরী সিরিশতা। — of deeds, দলীল দস্তাবেজের রেজিষ্টরী করণ। — of a zemindaree lot in the rent-roll of the Collectorate, তাহুদ।

Regular, *a.* বিধিমতের। নিয়মিত রূপের। রীতিমতের। দাঁড়ামতের। জাবেতামতের। A — suit, জাবেতামতের মোকদ্দমা। নম্বরী মোকদ্দমা।

Regularly, *ad.* নিয়ত। নিরূপিত সময়ে।

Regulate, *v.* বিধান কৃ। নিয়ম কৃ।

Regulation, *n.* আইন। ব্যবস্থা। বিধান। কানুন।

Reign, *v.* রাজত্ব কৃ। রাজ্য কৃ।

Reign, *n. the time during which a king or queen reigns,* রাজত্ব কাল। আমল।

Reimburse, *v.* টাকা ফিরিয়া দা। নিশা বুঝিয়া দা। To — the person, কোন লোকের ক্ষতি পূরণ কৃ, or পরিশোধ কৃ; or, খরচ খরচা পূরাইয়া দা। To — the treasury, খাজানাখানার যত টাকা খরচ হইয়াছে তাহা ফিরিয়া দা, or পুনরায় আদায় কৃ। To — losses, ক্ষতিপূরণ কৃ।

Reinvestigate, *v.* ছানী তজবীজ কৃ। পুনর্বিচার কৃ।

Reject, *v.* নামঞ্জুর কৃ। অগ্রাহ্য কৃ। তুচ্ছ কৃ।

Rejection, *n.* অগ্রাহ্য করণ। অশ্রাব্য করণ।

Rejoin, *v.* প্রত্যুত্তর কৃ। রদ্দ জওয়াব কৃ।

Rejoinder, *n. a defendant's answer to a plaintiff's replication,* রদ্দজওয়াব। প্রত্যুত্তরের উত্তর।

Rehand, *v.* ওলা।

Relation, *n.* (1) *narration,* বৃত্তান্ত। বিবরণ। বর্ণনা। (2) *reference,* সম্পর্ক। বিষয়। In — to that matter, তদ্বিষয়ে। তৎসম্পর্কে। (3) *kindred, collateral,* জ্ঞাতি। *by marriage,* কুটুম্ব।

Relative, *a.* সম্পর্কীয়। সম্বন্ধীয়। বিষয়ে।

Relax, *v. to make less severe,* নরম কৃ। আঁটাআঁটিরূপে না ধৃ। ঢিলা কৃ।

Relay, *n.* ঘোড়ার ডাক।

Release, *v.* (1) *to liberate,* মুক্ত কৃ। খালাস কৃ। ছাড়িয়া দা। The Court shall order the property to be *released* from attachment, আদালত ক্রোক উঠাইয়া সম্পত্তি ছাড়িয়া দিতে হুকুম করিবেন। (2) *to free from obligation,* ফারখতী দা।

Release, *n.* (1) *liberation,* মুক্তি। খালাস। (2) *discharge from debt, &c,*

ফারখৎ। Deed of —, ফারখৎ। ছাড় চিঠি। — from a demand, লাদাবী। General —, given by a defendant, সাফীনামা।

Relevancy, *n.* সম্পর্ক।

Relevant, *a.* সম্পর্কীয়। কায়ুয়া।

Relief, *n.* (1) *alleviation from pain*, &c. উপশম। আরাম। (2) *help*, উপকার। সাহায্য।

Religion, *n.* ধর্ম্ম। দীন। Offences against —, ধর্ম্ম বিপরীত অপরাধ।

Religious, *a.* ধার্ম্মিক। সাধু। — duties, ধর্ম্মকর্ম্ম। দীনের কার্য্য। — expenditure, পুণ্য ক্রিয়ার ব্যয় or খরচ।

Relinquish, *v.* ত্যাগ কৃ। ছাড়িয়া দা। দস্তবরদারী কৃ।

Relinquishment of a claim, &c. দাওয়া প্রভৃতি ত্যাগ করণ। দস্তবরদারী। লাদাবী।

Rely, *v.* নির্ভর কৃ। The documents on which he may — for his defence, আপনার জওয়াব সাবুদ করিবার জন্যে যে দলীলের প্রতি নির্ভর করে; or, যে দলীলের দ্বারা আপনার জওয়াব সাব্যস্ত করিতে চাহে।

Remain, *v.* (1) *to continue*, থাক। রহ। (2) *to be left*, বাকী থাক।

Remainder, *n.* (1) *that which is left*, বাকা। বক্রী। অবশিষ্ট। যাহা থাকে। In law, কোন ভূম্যাদির পাট্টার মিয়াদ ফুরাইলে পর অন্য লোক সেই ভূমি ভোগ দখল করিতে পারিবে এমত নিয়ম।

Remainder-man, *n.* পূর্ব্বোক্ত নিয়ম অনুসারে যাহার ভূমি দখল করিবার অধিকার থাকে সেই জন।

Remaining, *a.* যাহা থাকে। অবশিষ্ট। বাকী।

Remand, *v.* ফিরিয়া পাঠা; অর্থাৎ কোন আসামীর বিপক্ষে অধিক প্রমাণ পাইবার নিমিত্তে তাহাকে হাজতে ফিরিয়া পাঠা।

Remark, *n.* মন্তব্য কথা। কৈফিয়ৎ।

Remedial, *a.* যাহাতে ক্লেশ দোষাদি নিবারণ হয়। The — part of a law, আইনের যে ভাগে দোষ নিবারণ করিবার বিধান থাকে।

Remedy, *n.* প্রতিকার। উপায়। He has his — in a court of justice, তিনি আদালতে দরখাস্ত করিতে পারিবেন; or, আদালতে প্রতিকার পাইতে পারিবেন।

Remedy, *v.* নিবারণ কৃ। প্রতিকার কৃ।

Remembrancer of Legal Affairs, সরকারী মোকদ্দমার প্রয়োজক। (Reg. VII. 1823, sect. 8.)

Remiss, *a.* শিথিল। ঢিলা।

Remission, *n.* (1) *abatement*, কমী। ন্যূনতা। মিনাহী। রেয়াইৎ। — of rent, খাজানার মাফী or মিনাহী। — made annually to renters, ছুট। (2) *forgiveness*, মাফ। ক্ষমা। — of punishment, দণ্ডের ক্ষমা।

Remissness, *n.* শৈথিল্য। অমনোযোগ।

Remit, *v.* (1) *to forgive,* ক্ষমা কৃ। মাফ কৃ। রেয়াইৎ কৃ। মিনাহ দা। ছাড়। To — punishment, দণ্ড ক্ষমা কৃ। (2) *to send back,* ফিরিয়া পাঠা। (3) *To transmit money, &c.* টাকা চালান কৃ। পাঠা।

Remittance, *n.* (1) *transmission of money,* টাকা চালান করণ। (2) *the money remitted,* টাকা। চালান করা টাকা।

Remove, *v.* (1) *to go from one place to another,* স্থানান্তরে or অন্য স্থানে যা। (2) *to place elsewhere,* স্থানান্তরে রাখ। To — an officer from one station to another, এক স্থানহইতে অন্য স্থানে বদলী করিয়া পাঠা। To — from one head of account to another, খারিজ দাখিল কৃ। To — a suit from one court to another, এক আদালতহইতে মোকদ্দমা খারিজ করিয়া or উঠাইয়া দিয়া অন্য আদালতে অর্পণ কৃ। To — by death, মৃ। লোকান্তর গত হ। পরলোক প্রাপ্ত হ। (3) *to displace from an office,* তগীর কৃ। অবসর কৃ। পদচ্যুত কৃ।

Remunerate, *v.* মেহনতানা দা। বেতন দা।

Remuneration, *n.* মেহনতানা। বেতন। ক্ষতিপূরণ।

Render, *v.* (1) *to give,* দা। দাখিল কৃ। To — an account, হিসাব দা। হিসাব দাখিল কৃ। To — a satisfactory account of one's self, আপনার আহওয়ালের বেওরা বয়ান কৃ। আপনার উপযুক্ত বিবরণ কহ। আত্ম বৃত্তান্ত প্রচার কৃ। (2) *to make,* কৃ। To — secure, নিরাপদে রক্ষা কৃ। (3) *to translate,* তর্জমা কৃ। অনুবাদ কৃ। কোন কথার অর্থ অন্য ভাষাতে কৃ।

Rendezvous, *n.* সভা করিবার স্থান। লোক জমায়ৎ হইবার স্থান।

Renew, *v.* (1) *to make new,* নূতন কৃ। নব্য কৃ। (2) *to give anew,* নূতন করিয়া দা। (3) *to take anew,* নূতন করিয়া ল। পুনর্ব্বার ল।

Renewable, *a.* নূতন লওয়া যাইতে পারে যাহা। পুনরায় লওয়া যাইতে পারে যাহা। নূতন হইতে পারে যে।

Renewal, *n.* নূতন করণ। নূতন করিয়া লওন বা দেওন।

Renounce, *v.* ত্যাগ কৃ। তুচ্ছ কৃ। To — allegiance, বাধ্যতা ত্যাগ কৃ or অস্বীকার কৃ।

Rent, *n.* of a house, boat, conveyance, &c. ভাড়া। কেরায়া। of lands, জমা। খাজানা। paid to Government, মালগুজারী। জমা। Decrease of —, খাজানার কমী। Fixed —, মোকররী or ইস্তমরারী জমা। Original —, আসল জমা। Average — of surrounding lands, চৌহদ্দী নিরিখ। — paid in kind, গুলজমা। The day on which the annual rent is paid to the Zemindar, পুণ্যাহ। In Burdwan, পূরাহী। Rack —, see Rack-rent. Quit —, মোকদমী জমা। Progressively increasing —, রসদী জমা।

Rent, *v.* (1) *to let out,* as a house, &c. ভাড়া দা। কেরায়া দা। as land,

খাজানা দা। পাট্টা দা। (2) *to take on a lease*, as a house, &c. ভাড়া ল। কেরায়া করিয়া ল। as lands, খাজানা করিয়া ল। পাট্টা করিয়া ল।

Rental, *n.* জমাবন্দী। তৌজী। খাজানার ফর্দ্দ। Land alienated from the —, খারিজী জমী।

Rent-free, *a.* লাখেরাজ। নিষ্কর।

Rent-roll, *n.* তৌজী। খাজানার ফর্দ্দ।

Repair, *v.* (1) *to restore to a sound state*, মেরামৎ কৃ। সার। (2) *to make amends*, as for an injury, ক্ষতি পূরণ কৃ। ক্ষতির পরিশোধ কৃ। প্রতিকার কৃ। (3) *to go to*, গমন কৃ। যা।

Repair, *n.* (1) *restoration to a sound state*, মেরামৎ। সারা। Trifling —, খুজরা মেরামৎ। দাগরাজী। (2) *reparation*, ক্ষতি পূরণ। প্রতিকার।

Reparation, *n.* see Repair.

Repay, *v.* (1) *to refund*, টাকা ফিরিয়া দা। (2) *to requite*, প্রতিকার কৃ। প্রতিফল দা।

Repeal, *v.* রদ কৃ। রহিত কৃ। বাতিল কৃ।

Repeat, *v.* (1) *to do again*, পুনরায় কৃ। আরবার কৃ। (2) *to utter again*, পুনর্ব্বার কহ or ব্যক্ত কৃ।

Repeatedly, *ad.* বারম্বার।

Repel, *v.* (1) *to drive back*, তাড়াইয়া দা। To — an action, মোকদ্দমার বাধা কৃ, or প্রতিবন্ধক হ।

Repetition, *n.* একি কথা দুইবার কহা। দ্বিরুক্তি। পুনরুক্তি। একি কর্ম্ম দ্বিতীয় বার করণ।

Replace, *v.* (1) *to put again in the former place*, স্বস্থানে পুনরায় রাখ। (2) *to refund*, টাকা পুনরায় দা।

Repleader, *n.* পুনরায় সওয়াল জওয়াব করিবার ক্ষমতা।

Replevin, Replevy, *n.* ক্রোক করা সম্পত্তি উদ্ধার করিবার ক্ষমতার মোকদ্দমা; অর্থাৎ কাহার কিছু দ্রব্য ক্রোক হইলে ঐ ক্রোক করিবার অধিকার থাকে কি না ঐ লোক এই বিষয়ের মোকদ্দমা করিবার জামিন দিয়া ঐ দ্রব্য উদ্ধার করিলে তাহা Replevin বলে। এমন স্থলে যদি ক্রোক করিবার অধিকার সাবুদ হয়, তবে ঐ দ্রব্য ক্রোক করণিয়াকে ফিরিয়া দিতে হইবেক। উক্ত প্রকারের মোকদ্দমায় যাহার দ্রব্য ক্রোক হইল, সেই ফরিয়াদী ও ক্রোক করণিয়া আসামী কি প্রতিবাদী হয়।

Replevy, *v.* ক্রোকহইতে উদ্ধার কৃ। ক্রোক খালাস কৃ। ক্রোক মোচন কৃ। *to bail*, জামিনী দিয়া মুক্ত কৃ।

Replication, *n. the plaintiff's reply to the defendant's plea*, জওয়াবল জওয়াব। দরজওয়াব। প্রত্যুত্তর।

Reply, *v.* (1) *to answer*, উত্তর কৃ। জওয়াব কৃ। (2) *to answer*

to a defendant's plea, প্রত্যুত্তর কৃ। দরজওয়াব কৃ। জওয়াবল জওয়াব কৃ।

Reply, *n.* উত্তর। জওয়াব।

Report, *v.* রিপোর্ট কৃ। বয়ান লিখ। বৃত্তান্ত জানা। সম্বাদ দা। জ্ঞাত কৃ। এত্তেলা কৃ। বিবরণ কহ।

Report, *n.* রিপোর্ট। বেওরা কৈফিয়ৎ। — of the police investigating a matter, সুরৎহাল। A full —, শরেওয়ার বেওরা। তাবৎবৃত্তান্ত। সম্পূর্ণ বেওরা। (2) *noise,* as, — of a gun, আওয়াজ।

Represent, *v.* (1) *to show by statement of facts, &c.* আবেদন কৃ। এজহার কৃ। বৃত্তান্ত প্রকাশ কৃ। জানা। দরখাস্ত কৃ। (2) *to act as a substitute for another,* অন্যের স্থলাভিষিক্ত হ। প্রতিনিধি হ।

Representation, *n. a respectful declaration,* আবেদন। আরজী। এজহার। সুরৎহাল। A written —, আবেদন লিপি। লিখিত এজহার। — of a case, মোকদ্দমার বয়ান। মোকদ্দমার রোয়দাদ।

Representative, *n.* স্থলাভিষিক্ত। প্রতিনিধি। কার্য্যকারক। মোক্তার। Commercial —, তেজারতের কুঠীর সাহেব।

Repress, *v.* দমন কৃ। রহিত কৃ।

Reprieve, *v.* প্রাণদণ্ডের আজ্ঞা স্থগিত কৃ। প্রাণদণ্ড ক্ষমা কৃ।

Reprieve, *n.* প্রাণদণ্ডের আজ্ঞা স্থগিত করণ। A — *ex necessitate legis,* গর্ব্ভবতী স্ত্রীর প্রাণদণ্ডের আজ্ঞা হইলে তাহার প্রসব না হওয়া পর্য্যন্ত সেই আজ্ঞা স্থগিত রাখণ।

Reprimand, *v.* অনুযোগ কৃ। ধমক দা। ধমকা। চেতা।

Reprisal, *n.* ক্ষতির পরিশোধ; অর্থাৎ শত্রু কোন দ্রব্য হরণ করিয়া নিলে তাহার পরিবর্ত্তে ঐ শত্রুর কোন দ্রব্য লওন।

Reproach, *n.* অপবাদ। বদনাম। তহমৎ। অপমান।

Reproof, *n.* অনুযোগ। তিরস্কার।

Reprove, *v.* অনুযোগ কৃ। তিরস্কার কৃ।

Repudiate, *v.* ত্যাগ কৃ। স্বীকার না কৃ। নামঞ্জুর কৃ।

Repugnancy, *n.* বিপক্ষতা। বৈরক্তি। বিপরীত কথা। অনৈক্য। In Muhamadan law, তিনাকজ।

Repugnant, *a.* বিপরীত। বিপক্ষ।

Reputable, *a.* মান্য। মর্য্যাদাবন্ত। খ্যাত্যাপন্ন।

Reputation, *n.* সুখ্যাতি। সুনাম। মর্য্যাদা। যশ।

Reputed owner, যাহাকে স্বামী বলিয়া জ্ঞান হয়।

Request, *n. urged by a suitor,* প্রার্থনা। নিবেদন। *made by a superior,* আদেশ।

Requests, Court of, ছোট আদালত। অল্প টাকার মোকদ্দমার আদালত। কোর্ট রিক্বেস্ট।

Require, *v.* (1) *to order*, হুকুম কৃ। আজ্ঞা কৃ। (2) *to call for authoritatively*, তলব কৃ। দাওয়া কৃ। (3) *to ask as a favour*, প্রার্থনা কৃ। চাহ। (4) *to call to account for*, দায়ী কৃ। কোন কাহার স্থানে হিসাব ল। (5) *to need*, প্রয়োজন থাক। আবশ্যক থাক। *Requiring investigation*, জের তজবীজ। হাজৎ তজবীজ।

Requisite, *a.* আবশ্যক। যাহা না হইলে নয়।

Requisition, *n.* আদেশ। হুকুম। দাওয়া। To comply with a —, আদেশমতে কর্ম্ম কৃ। আজ্ঞা পালন কৃ or মান। হুকুম আমলে আন।

Resale, *n.* পুনর্ব্বার নিলাম। পুনর্ব্বার বিক্রয়।

Rescind, *v.* বাতিল কৃ। রদ কৃ।

Rescission, *n.* রহিত হওন। বাতিল করণ।

Rescissory action, দলীল প্রভৃতি বাতিল করিবার মোকদ্দমা।

Rescue, *v.* রক্ষা কৃ। উদ্ধার কৃ। বাঁচা। হাত ছাড়াইয়া ল।

Rescue, *n.* রক্ষা। উদ্ধার। Forcible —, জোর করিয়া হাত ছাড়াইয়া লওন। বলপূর্ব্বক রক্ষা করণ।

Resemble, *v.* অনুরূপ হ। মত হ। সমান হ।

Reservation, *n.* (1) *concealment*, কাপট্যপূর্ব্বক কিঞ্চিৎ গোপনে রাখণ। প্রকাশ না করণ। (2) *a withholding*, না দেওন। রাখণ। (3) *a proviso*, বর্জ্জিত কথা। দলীলের যে প্রকরণ কি দফামতে কোন কথা বর্জ্জিত হয়।

Reserve, *v.* (1) *to keep back*, রাখ। ত্যাগ না কৃ। To — a case, মোকদ্দমা যবেস্তবে রাখ or মুলতবী রাখ।

Reserve, *n.* উত্তর কালের কোন কার্য্যের নিমিত্তে যাহা রাখা যায়। A — fund, রক্ষিত ধন। জমা টাকা।

Reservoir, *n.* জলাশয়।

Reside, *v.* বাস কৃ। থাক। বসত কৃ।

Residence, *n.* বাসস্থান। ঠিকানা। সাকিন।

Resident, *n.* (1) *one who resides*, বাসী। নিবাসী। বসতকারী। A — cultivator, খোদকাস্ত রায়ৎ। বাসেন্দা কৃষাণ। (2) *a public minister*, রেসিডেণ্ট সাহেব।

Residuary, *a.* অবশিষ্ট ভাগের; যথা, — Devisee, উইল ক্রমে যে ভূম্যাদির নিয়ম হয় তাহা উপযুক্ত মতে বণ্টন হইলে পর অবশিষ্ট পাইবার যোগ্য ব্যক্তি। — Legatee, উইলের নিয়ম মতে ধন ও সম্পত্তি বণ্টন হইলে পর অবশিষ্ট যে ব্যক্তির প্রাপ্য হয়।

Residue, *n.* অবশিষ্ট। বাকী।

Resign, *v.* (1) *to give up*, ত্যাগ কৃ। ছাড়িয়া দা। To — a claim, দাওয়া ত্যাগ কৃ। To — an office, কার্য্য ত্যাগ কৃ or ছাড়িয়া দা। কর্ম্মে ইশতাফা দা। (2) *to surrender*, সমর্পণ কৃ। সোঁপ। থুয়।

Resin, *n.* রজন। ধুনা।

Resist, *v.* বাধকতা কৃ। বাধা কৃ। শরারতী কৃ। মুজাহেম কৃ। To — a process, হুকুম জারী হইবার বাধা কৃ। হুকুমের প্রতিবন্ধকতা কৃ। পরওয়ানার প্রতিকুলাচরণ কৃ। আজ্ঞা অমান্য কৃ। অদুল হুকুমী কৃ।

Resistance, *n.* বাধকতা। প্রতিবন্ধকতা। দুঁদ্যামি। — of process, পরওয়ানার বাধকতা।

Resolution, *n.* (1) *firmness*, মনঃস্থৈর্য্য। স্থিরচিত্ততা। (2) *a fixed purpose*, নির্দ্ধার্য্য। নির্দ্ধারিত বিষয়। (3) *a determination*, নির্দ্ধারণ। A — of Government, গবর্ণমেণ্টের নির্দ্ধারণ।

Resolve, *v. to determine*, মনে স্থির কৃ। নির্দ্ধারণ কৃ।

Resort, *v. to go*, গমন কৃ। যা। To — in a body, দলবদ্ধ হইয়া যা। জমা হ।

Resort, *n.* a place of —, নিত্য গমনের স্থান। সভার স্থান। A place of public —, সর্ব্বসাধারণ লোকের যাতায়াতের or গমনাগমনের স্থান।

Resource, *n.* উপায়। In the plural, *Resources*, সৎস্থান। সঙ্গতি।

Respect, *v.* (1) *to honour*, আদর কৃ। মর্য্যাদা কৃ। (2) *to relate to*, সম্পর্ক রাখ। সম্পর্কীয় হ।

Respect, *n.* আদর। শিষ্টাচার। In — of that, তদ্বিষয়ে। তৎসম্পর্কে।

Respectable, *a.* (1) *worthy of esteem*, সম্ভ্রান্ত। আদরণীয়। বিশিষ্ট। শিষ্ট। সুপ্রতিষ্ঠিত। মান্য। মাতবর। আশ্রফ। খানদান। (2) *a moderate number*, উপযুক্ত সংখ্যার লোকাদি।

Respectfully, *ad.* শিষ্টভাবে। আদর পূর্ব্বক।

Respecting, *pr.* বিষয়ে। সম্পর্কে। প্রতি।

Respective, *a. several*, বিশেষ। ভিন্ন ২। স্ব ২। Let each man retire to his — place of abode, সকল লোক আপন ২ বাসস্থানে যাউক।

Respectively, *ad.* বিশেষ করিয়া। একে ২।

Respite, *n.* (1) *pause*, কিঞ্চিৎকাল স্থগিত হওন। (2) *a reprieve*, প্রাণদণ্ডের আজ্ঞা কিঞ্চিৎ কাল স্থগিত রাখণ। (3) *delay*, বিলম্ব। অবকাশ দেওন।

Respond, *v.* জওয়াব দা। উত্তর কৃ।

Respondent, *n.* রিসপাণ্ডেণ্ট। আপীলের আসামী। আপীলী মোকদ্দমার প্রতিবাদী।

Respondentia, *n* জাহাজের বোঝাই করা মালের মাতবরীতে কর্জ।

Responsibility, *n.* দায়। ঝুঁকী। ঝোঁকা।

Responsible, *a.* দায়ী। জওয়াবদিহী। মদউল। To hold one —, অমুককে দায়ী জ্ঞান কৃ। অমুকের স্থানে নিশা ল। To be —, দায়ী হ। জামিন হ। He is —, তাহার শিরে দায় থাকে। জওয়াব দেওয়া তাহার শিরে থাকে। To be personally —, দায় আপন শিরে ল। He shall be held personally responsible for the debt, সেই কর্জের নিমিত্তে ঐ লোক নিজে দায়ী জ্ঞান হইবেক।

Rest, *n.* (1) *cessation from labour, &c.* বিশ্রাম। (2) *a support,* থাক্। থাম। পেত্যান। (3) *remainder,* অবশিষ্ট। বাকী। (4) *others,* অন্যেরা। অন্য সকল।

Rest, *v.* (1) *to cease from labour, &c.* বিশ্রাম কৃ। স্থগিত হ। থাম। (2) *to rely,* নির্ভর কৃ। (3) *to remain with,* থাক। To — with, *to depend upon one,* কোন কর্ম্ম কাহার প্রতি বর্ত্তে। It *rests* with him to decide the matter, এই বিষয় নিষ্পত্তি করিবার ভার তাঁহার প্রতি আছে। এই বিষয় নিষ্পত্তি করিতে তাঁহার এখ্‌তিয়ার or ক্ষমতা আছে, or তাঁহার কর্ত্তব্য কর্ম্ম।

Restitution, *n.* হারাণ বা অপহৃত বস্তু ফিরিয়া দেওন। ওয়াপোস।

Restoration, *n.* পূর্ব্ব কর্ম্মে পুনরায় বহাল করণ। ফিরিয়া দেওন। — of a grant, বহালী সনদ।

Restore, *v* (1) *to give back,* দা। ফিরিয়া দা। (2) *to replace,* পুনরায় স্বস্থানে রাখ। পুনরায় বহাল কৃ। To — to the file, as *a suit,* মোকদ্দমা পুনরায় নম্বর বহাল কৃ। as *records,* কাগজপত্র পুনরায় নথির শামিল কৃ। To — to office, আপন পদে পুনরায় মোকর্‌রর কৃ। আপন পদে পুনরায় নিযুক্ত কৃ।

Restrain, *v.* (1) *to repress,* জব্দ কৃ। নিবারণ কৃ। আটক কৃ। মৌকুফ কৃ। (2) *to confine,* বদ্ধ কৃ। বন্দ কৃ। কয়েদ কৃ।

Restraint, *n.* আটক। নিবারণ। নিষেধ। মৌকুফ করণ। To put under —, আটক করিয়া রাখ। কয়েদ কৃ। হাজতে রাখ।

Restrict, *v.* খর্ব্ব কৃ। খাটো কৃ। সঙ্কোচ কৃ।

Restriction, *n.* নিষেধ। বারণ। আটক। সঙ্কোচ।

Result, *v.* ফলোৎপাদন কৃ। ফল জন্মা।

Result, *n* ফল।

Resume, *v.* (1) *to take again,* ফিরিয়া ল। To — land, ভূমি বাজেয়াফত কৃ। To — an office, কর্ম্ম পুনর্গ্রহণ কৃ। (2) *to commence again,* পুনরায় আরম্ভ কৃ। To — practice as a pleader, ওকালতী কর্ম্ম পুনরায় কৃ।

Resumption, *n.* পুনর্গ্রহণ। ফিরিয়া লওন। — of land, ভূমি বাজেয়াফত করণ। ভূমির বাজেয়াফ্‌তী। — laws, বাজেয়াফ্‌তী আইন।

Retail, *v.* খুজরা বিক্রয় কৃ।

Retail, *n.* খুজরা বিক্রয়।

Retailer, *n.* খুজরা বিক্রয় করে যে। খুজরা বিক্রেতা।

Retain, *v.* (1) *to keep,* স্বহস্তে রাখ। রাখ। (2) *to keep back,* আট্‌কিয়া রাখ। (3) *to appoint,* নিযুক্ত কৃ। মোকর্‌রর কৃ।

Retainer, *n.* (1) *a dependent,* তাবেদার লোক। চাকর। ভৃত্য। অধীন লোক। আয়ত্ত লোক। (2) *a fee given to counsel,* উকীলকে যে বায়নার টাকা দেওয়া যায়।

Retaining Fee, *n.* বায়নার টাকা। রসুম। see Retainer.

Retaliation, *n.* প্রতিফল দেওন। কিসাস। দিয়ৎ। তাওয়ান। These three words, used in Muhamadan law, are thus distinguished: কিসাস is the law of retaliation; দিয়ৎ is the price of blood when homicide is committed in any other way than bv the sword, &c; তাওয়ান is the price of blood generally.

Retard, *v.* গৌণ কৃ। বিলম্ব কৃ। দেরী কৃ।

Retinue, *n.* অমাত্য ভৃত্য। চাকর নৌকর। শাগির্দ্দ পেশা।

Retire, *v.* চলিয়া যা। To — from office, কর্ম্ম ত্যাগ কৃ। কর্ম্মে ইশ্তাফা দা। কর্ম্ম ছাড়। To — from a house or court, ঘরের কি কাছারির বাহিরে যা। To — a bill, বিলের কি হুণ্ডির টাকা দিয়া ল।

Retract, *v.* কথা অস্বীকার কৃ। অন্যথা কৃ। To — a charge, অভিযোগ ত্যাগ কৃ। নালিশ বাতিল কৃ or উঠাইয়া ল।

Retreat, *n.* (1) *place of retirement or privacy*, আশ্রয় স্থান। লুকাইবার স্থান। (2) *in military affairs, the retiring of an army*, সৈন্যদের হটিয়া যাওন।

Retrenchment, *n.* কম করণ। খাটো করণ। খর্ব্ব করণ। — of expenses, খরচ কম করণ। — of pay, বেতনের কিছু টাকা বাদ দেওন or কাটন।

Retribution, *n.* (1) *a gratuity*, পুরস্কার। পারিতোষিক। (2) *punishment of offences*, প্রতিফল। দোষের উপযুক্ত দণ্ড।

Retrospective, *a.* গত কাল সম্পর্কে। The act shall have — effect, এই আইন জারী হইবার পূর্ব্বকালাবধি চলিবে।

Retry, *v.* পুনর্বিচার কৃ। ছানি তজবীজ কৃ।

Return, *v.* (1) *to come back*, ফিরিয়া আইস। (2) *to bring back*, ফিরিয়া আন। ওয়াপোস দা। (3) *to repay*, ফিরিয়া দা। শোধ কৃ। (4) *to send back*, ফিরিয়া পাঠা। (5) *to report officially*, রিপোর্ট কৃ। রিটর্ণ দা। To — a process, পরওয়ানা রিটর্ণ কৃ। পরওয়ানা জারী হইবার বিবরণ লিখ।

Return, *n.* (1) *a report*, বেওরা কৈফিয়ৎ। রিটর্ণ। Monthly —, মাসকাবারী রিটর্ণ। Detailed survey —, plot by plot, চিটা। (2) *the bringing back*, ওয়াপোস দেওন। রিটর্ণ।

Reveal, *v.* প্রকাশ কৃ। জানা।

Revenue, *n.* রাজস্ব। A fund which yields —, মহাল। — from arrack and other intoxicating drugs, আবকারি মহাল। — from bird-catchers, পক্ষি শিকারিদিগের প্রতিকার (Sylhet.) — from dancing girls and musicians, বিযন্ত্রী মহাল। — from fisheries, জলকর। মীন মহাল। — from forests, বনকর। — from orchards, ফলকর। — from persons dying without heirs, লাওয়ারিস মহাল। Land —, মালগুজারী। সদর জমা। Land subject to —, খেরাজী জমী। মালগুজারী জমী। সকর

ভূমি। Land exempt from —, লাখেরাজী জমী। নিষ্কর ভূমি। Original amount of land —, তুমার জমা। আসল জমা। An increase of — on the usual jumma of jaygeer lands, তৌফির। Account of land — in all its branches, হকীকৎ জমা। The present state of the —, compared with a former year, কাস্ত ও বেশীর নিকাশ। — from the several villages in a Turruff, মৌজাওয়ারী জমা। — derived from a pergunnah, পরগনাটী জমা। Arrears of —, বাকী জমা। বাকী মালগুজারী। Receipts of —, মালগুজারীর আমদানী। Gross receipts of —, নিকাশী খাম। খাম আমদানী। কাঁচা আমদানী। Net receipts of —, পাকা নিকাশী। Receipts and balances of —, জমা ওয়াসিল বাকী। Remission of —, জমার মাফী। জমার মিনাহ। — remitted but not brought to account, হাজৎ মৌকুফ জমা। হাজৎ সেহা জমা। — Court, মাল আদালত। — payer, মালগুজার। Person responsible for — in the Collector's registry, লম্বরদার। — records, কালেকটরীর কাগজ পত্র। রাজস্ব সম্পর্কীয় কাগজ পত্র। — survey, রাজস্ব সম্পর্কীয় জরীপী কার্য্য। — settlement, মালগুজারীর বন্দোবস্ত। জমাবন্দি। — officers, রাজস্বের কার্য্যকারক। মালগুজারীর কার্য্যকারক। A superior officer of — in a village, মোকদ্দমা। পাটওয়ারী। — remittances, রাজস্বের বাবৎ প্রেরিত টাকা। Salt given instead of —, নিমক এওজ মহাল। বারাকসা। — from salt-works which yield a small portion of salt, ঠিকা নিমক। — year, ফসলী সন।

Reverse, *v. to make void*, অসিদ্ধ কৃ। অন্যথা কৃ। পরিবর্ত্তন কৃ। রদ কৃ।

Reversion, *n.* ভূমির কোন বিশেষ পাট্টার মিয়াদ ফুরাইলে পর উত্তরাধিকারির সেই ভূমির দখল পাওন। উত্তরাধিকারিত্ব।

Revert, *v.* ফিরিয়া আইস। বর্ত্ত।

Review, *v.* a cause, মোকদ্দমার পুনর্বিচার কৃ। মোকদ্দমার ছানিতজবীজ কৃ। To — a judgment, ডিক্রীর পুনর্বিচার কৃ।

Review of judgment, ডিক্রীর পুনর্বিচার।

Revise, *v.* পুনর্দৃষ্টি কৃ। সংশোধন কৃ। মুলাহেজা কৃ।

Revive, *v.* a suit, মোকদ্দমা পুনরায় চালা। মোকদ্দমা পুনরুত্থাপন কৃ।

Revivor, *n.* পুনরুত্থাপন, অর্থাৎ মোকদ্দমার কোন পক্ষের মরণে তাহা স্থগিত হইলে পর ঐ মোকদ্দমার পুনরুত্থাপন।

Revoke, *v.* (1) *to recall*, ফিরিয়া আন। (2) *to reverse*, অন্যথা কৃ। বাতিল কৃ।

Revolt, *n.* আয়ত্ততা ত্যাগ। বাধ্যতা ত্যাগ করণ।

Reward, *n.* পুরস্কার। বকশীশ। ইনাম। পারিতোষিক। for service, বেতন। মিরান।

Rice, *n.* in the husk, ধান। ধান্য। To husk , চাউল কাড়। unreaped,

সালিবাটী। ধানবাড়ী। অকাটা ধান। — uncooked, চাউল। — boiled ভাত। অন্ন।

Right, *a.* (1) *fit*, উচিত। উপযুক্ত। (2) *lawful*, যথার্থ। ন্যায্য। (3) *true*, ঠিক। প্রকৃত। সত্য। (4) *not the left*, দক্ষিণ। দাহিনা।

Right, *n. legal title*, স্বত্ব। হক। অধিকার। — of the firstborn, জ্যেষ্ঠের স্বত্ব। জ্যেষ্ঠত্ব। জ্যেষ্ঠাংশ। Proprietary —, অধিকারিত্ব স্বত্ব। মালিকী স্বত্ব। হক দখল। অধিকার। — of property, ভোগ দখলের স্বত্ব। — of way, কোন রাস্তা কি পথ দিয়া গমনাগমন করিবার স্বত্ব।

Rightful, *a.* প্রকৃত। যথার্থ।

Rigorous, *a.* কঠিন। শক্ত।

Ringleader, *n.* সরদার। সেরগণা।

Riot, *n.* হঙ্গামা (C. O. Sud. Niz. 6th Jan. 1840.) ফসাদ।

Rise, *v.* (1) *to ascend or get up*, উঠ। (2) *to originate*, জন্ম। (3) *to gain elevation*, উন্নত হ। বৃদ্ধি পা। (4) *to rebel*, রাজবিদ্রোহিতা কৃ। (5) *to increase*, as, The price *rises*, মূল্য বাড়ে। বাড়িয়া উঠে। (6) *to become elevated*, উচ্চ হ। The ground *rises* gradually, মাটী ক্রমে ২ উচ্চ হইয়া উঠে। (7) *to proceed from*, উৎপন্ন হ। (8) *to close the session*, as, The Court *rose*, আদালত বরখাস্ত হইল।

Risk, *v.* (1) *peril*, আশঙ্কা। At the — of his life, প্রাণ হাতে করিয়া। প্রাণ পণে। (2) *hazard*, ক্ষতি স্বীকার। ঝুকি লওয়া। খতরা। At the — of the first purchaser, ক্ষতিপূরণ করিবার দায় প্রথম খরীদারের শিরে পড়িবে।

River, *n.* নদ। নদী। The bed of a —, নদীর তলভূমি। Channel of a —, নদীর গাভা। — dacoity, নৌকাপথে ডাকাইতী।

Road, *n* রাস্তা। পথ। Public —, সরে রাস্তা। সদর রাস্তা। Making of a —, রাস্তাবন্দী। Superintendent of Roads, রাস্তাবন্দী কার্য্যের সরদার। রাস্তার সুপরিণ্টেণ্ডেণ্ট।

Rob, *v.* জোর করিয়া হরণ কৃ or ল। বলপূর্ব্বক অপহরণ কৃ। ডাকাইতী কৃ। লুঠ কৃ। রাহাজানী কৃ।

Robber, *n.* ডাকাইত। দস্যু। A highway —, বাটপাড়। রাহজান। A mounted —, কজাক। বড়েক।

Robbery, *n.* ডাকাইতী। Highway —, বাটপাড়া। রাহাজানী। — by open violence, দৌরাত্ম্য ক্রমে ডাকাইতী। প্রকাশ রূপে বল পূর্ব্বক ডাকাইতী।

Rocket, *n.* হাওয়াই।

Rogue, *n.* বেটুয়া। ঠগ।

Roguery, *n.* ঠগামী।

Roll, *n. a list*, ফর্দ্দ। ইসমনবীসী। A descriptive , চেহা: হুলিয়ানামা। A rent —, তৌজী। জমাবন্দী।

Roof, *n. of a house,* ছাত। *A thatched* —, ছাপর।

Room, *n.* (1) *space,* যায়গা। স্থান। In the — of, স্থানে। পরিবর্ত্তে। (2) *an apartment in a house,* ঘর। কামরা। কুটরী।

Rope, *n.* কাচি।

Rosary, *n.* তসবী।

Rose-water, *n.* গোলাব পানী।

Rotation, *n.* চক্রগতি। By —, ক্রমশঃ। একাদি ক্রমে।

Round, *a.* গোল। চক্রাকার। A — number, মোট সংখ্যা। In — numbers, মোটে।

Round, *n. a walk performed by a guard,* রোঁদগস্ত। To go one's —, as a guard, রোঁদগস্তী কৃ।

Rowana, *n. a protective document, a pass,* রওয়ানা। An exchange —, তবদীলী রওয়ানা।

Rubbish, *n.* রাবিশ। ইট সুরকী।

Rule, *n.* বিধি। বিধান। হুকুম। নিয়ম। দাঁড়া। ডৌল। পদ্ধতি। — of limitation, মেয়াদের বিধান। তামাদী আইন। — of practice, কর্ম্ম নির্ব্বাহের বিধি। দস্তুরুল অমল।

Rule, *v.* (1) *to govern,* কর্ত্তৃত্ব কৃ। (2) *to manage,* কর্ম্ম চালা। কার্য্যের নিয়ম কৃ। (3) *to determine,* নিষ্পত্তি কৃ। The judgment of the Court must be *ruled* by prior decision, পূর্ব্বে যে নিষ্পত্তি হইয়াছিল তদনুসারে আদালতের ডিক্রী করিতে হইবেক। (4) *to lay down a rule,* বিধি কৃ। স্থির কৃ। নিশ্চয় কৃ।

Ruler, *n one that governs,* কর্ত্তা।

Rum, *n.* রম শরাপ।

Rumour, *n.* জনরব। গল্প। বাজারু গল্প।

Run, *v.* (1) *to move swiftly,* দৌড়। ধাবমান হ। ছুটিয়া যা। (2) *to pass or go,* যা। চল। গমন কৃ। (3) *to flow,* as a liquid from a vessel, চোয়া। (4) *to continue in time, before it becomes due or payable,* as, A note *runs* thirty days, হুণ্ডীর ত্রিশ দিন মিয়াদ আছে। To — after, *to pursue,* পাছে ২ দৌড়। To — away, *to flee,* পলা। পলায়ন কৃ। To — away with, *to convey away,* লইয়া পলা। To — in debt, কর্জ্জ ল। To — on, চল। Interest *runs* on, সুদ চলে। To — a line, সীমার রেখা টান। The line *runs* from one town to another, সীমার রেখা এক নগর হইতে অন্য নগর পর্য্যন্ত চলে। To —, as a boat, *to ply,* গমনাগমন কৃ। যাওয়া আসা কৃ। To — over, *to relate cursorily,* সংক্ষেপ করিয়া কহ। খোলাসা জানা। *To pass the eye over hastily,* দেখ। অল্প দৃষ্টি কৃ।

Rupee, *n.* টাকা। তঙ্কা। রুপেয়া। A — defaced by use, ঘষা টাকা, মলত্ টাকা।

Ryot, *n.* রায়ৎ। প্রজা। Resident —, কাস্তকার রায়ৎ। খোদকাস্ত রায়ৎ। See Tenant.

S.

Sackcloth, *n.* চট। গনি।

Sacred, *a.* (1) *holy,* পবিত্র। (2) *dedicated,* প্রতিষ্ঠিত। — property, ধর্ম্মার্থ সম্পত্তি।

Safe, *a.* (1) *free from danger,* নিরাপদ। নির্ব্বিঘ্ন। (2) *free from hurt,* নিষ্কণ্টকে। স্বচ্ছন্দে।

Safe-conduct, *n.* সুরক্ষা করণার্থ পত্র।

Safeguard, *n.* তৈনাতি।

Safely, *ad.* (1) *in a safe manner,* নিষ্কণ্টকে। নিরাপদে। স্বচ্ছন্দে। নির্ব্বিঘ্ন রূপে। (2) *in close custody,* উপযুক্ত নেগাহবানীতে। ভাল হেফাজতে।

Safety, *n.* সুরক্ষা। নিরাপদ। নির্ব্বিঘ্ন ভাব।

Saffron, *n.* কুঙ্কুম। কেশর।

Sagittarius, *n.* ধনু রাশি।

Sago, *n.* সাগো দানা।

Said, *a.* উক্ত। উল্লিখিত। মৌসুফ। মজকুর। মৌসুম।

Sail, *n.* পাল। সেড়।

Sail, *v.* গমন কৃ। রফতানি হ। যা।

Sailing vessel, *n.* পালের জাহাজ।

Sailor, *n.* মল্লা। নাবিক।

Sake, *n.* (1) *purpose,* অভিপ্রায়ে। নিমিত্তে। কারণে। জন্যে। For the — of, *i. e. to obtain,* পাইবার নিমিত্তে or পাইবার জন্যে।

Sal-ammoniac, *n.* নিশাদল।

Salary, *n.* বেতন। মাহিয়ানা। দরমাহা। তলপ। মুসাহেরা। তনখাঁ।

Sale, *n.* বিক্রয়। বয়। ফরোখ্ত। Conditional —, বয়বিলওফা। কটে বিক্রয়। Private —, খোশবিক্রয়। আপোসে বিক্রয়। খোশখরীদ। খোশ কওয়ালা বিক্রয়। Public —, *by auction,* নিলাম। Deed of —, বিক্রয় পত্র। see Deed. Private deed of —, কওয়ালা। Public deed of —, বয়নামা। To put up to —, নিলাম কৃ। নিলামে ধৃ।

Salt, *n.* নিমক। লবণ। নুন। Adulterated —, কাঁড়ি নুন। মিশ্রিত নুন। Alimentary —, খাদ্য লবণ। আহারীয় লবণ। Black —, বিট লবণ। কালা নুন। Common boiled —, পাঙ্গা নিমক। Crystallized —, produced by evaporation, করকচ নিমক। Rock —, from Lahore, লাহোরী নুন। from Scind, সৈন্ধব নুন। Land impregnated with —, ক্ষার জমী। লোণা জমী। সোরা জমী। Pass to protect or cover —, নিমক ছাড়িয়া দিবার রওয়ানা।

Salt, *a.* নিমকী। লবণাক্ত। লোণা।
Salt Agency, *n.* নিমকের এজেণ্টী। নিমকের আড়ঙ্গ।
Salt Agent, *n.* নিমকের এজেণ্ট।
Salt Depot, *n.* নিমকের গোলা।
Salt Districts, *n.* নিমক মহাল। নিমক পোখতানীর মহাল।
Salt Earth, লোণা মাটী। ক্ষার মাটী।
Salt Land, উষর জমী। লোণা জমী।
Salt Manufacture, নিমক পোখতানী।
Salt Manufacturer, মোলঙ্গী। A Superintendent of the Molunghees is called সাজুনি।
Salt pan, *small*, খালাড়ি। কুড়ী। *large*, তফাল। *large iron*, হাঁড়ি।
Saltpetre, *n.* সোরা।
Salt water, লোণা জল। লোণা পানী।
Salt-works, খালাড়ী। Drying-houses in —, আড়ঙ্গ। Storehouses in —, নিমকের গোলা।
Salted Provisions, লবণাক্ত খাদ্য দ্রব্য। লোণা মাৎস প্রভৃতি।
Salute, *v. by discharge of cannon*, তোপধ্বনি কৃ।
Salvage, *n.* জাহাজ ডুবিলে কি মারা পড়িলে তাহার মাল রক্ষা করিবার পুরস্কার। জাহাজ রক্ষা করিবার পুরস্কার।
Same, *a.* (1) *identical*, সেই। স্বরূপ। অন্য নহে। (2) *equal*, সমান। তুল্য। (3) *similar*, তুল্য। সেই মত। সেই প্রকারের।
Sample, *n.* নমুনা। আদর্শ।
Sanative, *a.* স্বাস্থ্য জনক।
Sanction, *n.* অনুমতি। সম্মতি।
Sand, *n.* বালি। বালুকা। — bank, বালির চর।
Sandal-wood, *n.* চন্দন কাষ্ঠ। Red —, রক্ত চন্দন। White —, শ্বেত চন্দন। Yellow —, পীত চন্দন।
Sane, *a. of a sound mind*, সুস্থমনা।
Sanity, *n.* স্বাস্থ্য। মনের স্বাস্থ্য।
Sappan-wood, *n.* বকম।
Satisfaction, *n.* (1) *gratification*, মনঃপ্রত্যয়। হৃদ্বোধ। খাতিরজমা। (2) *recompense for injury done*, ক্ষতিপূরণ। ক্ষতি শোধ। প্রতিকার। (3) *payment of a debt*, কর্জশোধ। (4) *fulfilment*, as of a decree, ডিক্রী জারী। ডিক্রী মতের কার্য্য।
Satisfactory, *a.* খাতিরজমামতের। হৃদ্বোধমতের। To render a —account of one's self, আপনার বৃত্তান্ত হৃদ্বোধমতে কহ। আপনার আহওয়ালের বেওরা বয়ান কৃ or সাফাইর কথা দর্শা। আপনার আহওয়ালের কথা খাতিরজমামতে কহ।

Satisfactorily, *ad.* খাতিরজমামতে। বিলক্ষণ রূপে।
Satisfy, *v.* হুদ্বোধ জন্মা। খাতিরজমা কৃ।
Saturday, *n.* শনিবার।
Save, *v.* (1) *to preserve from injury,* রক্ষা কৃ। বাঁচা। (2) *to deliver,* উদ্ধার কৃ। নিস্তার কৃ। ত্রাণ কৃ। (3) *not to spend;* খরচ না কৃ। ব্যয় না কৃ। রাখ। (4) *except,* ভিন্ন। ছাড়া। ব্যতিরেকে।
Savings, *n.* যাহা খরচ না হয়। যাহা বাকী থাকে। — Bank, সেবিং ব্যাঙ্ক। খরদাই।
Say, *v.* কহ। বল। That is to —, অর্থাৎ। বিশেষতঃ।
Scaffold, *n.* (1) *a bamboo frame erected for builders,* ভাড়া। (2) *a stage for the execution of a criminal,* প্রাণদণ্ডের স্থান। ফাঁসিকাঠ।
Scale, *n.* (1) *the dish of a balance,* পাল্লা। *Scales,* নিক্তি। দাঁড়িপাল্লা। (2) *a sign of the zodiac,* তুলা রাশি। (3) *regular gradation,* ক্রম। হার। Graduated —, কমি বেশীর হারহারী। অঙ্ক ক্রম।
Scandal, *n.* নিন্দা। গ্লানি। তহমৎ। অপবাদ।
Scarce, *a.* দুষ্প্রাপ্য। পাওয়া কঠিন।
Scarcely, *ad.* প্রায় নয়। কষ্টে। কদাচিৎ।
Scarcity, *n.* দুষ্প্রাপ্যতা। — of grain, অকাল। দুর্ভিক্ষ।
Scare, *v.* ভয় দেখাইয়া তাড়াইয়া দা।
Scarecrow, *n.* কাকতাড়া।
Scatter, *v.* ছড়া। ছিন্নভিন্ন কৃ।
Schedule, *n.* তফসীল। তালিকা। ফর্দ্দ। লিষ্টি।
Scheme, *n.* কার্য্য করিবার নিয়মের উল্লেখ। পাণ্ডুলিপি। মুসাবিদা। নকশা।
Scholar, *n.* (1) *one who learns,* ছাত্র। (2) *a man of letters,* সুশিক্ষিত লোক। বিদ্বান ব্যক্তি। পণ্ডিত।
Scholarship, *n.* ছাত্রবৃত্তি।
School, *n.* পাঠশালা। ইস্কুল।
Science, *n.* বিদ্যা। Moral —, নীতিবিদ্যা। Physical or Natural —, পদার্থবিদ্যা।
Scire facias, সাইরি ফাসিয়াস নামক পরওয়ানা; অর্থাৎ কোন কথা জ্ঞাত করণার্থ পরওয়ানা।
Score, *n.* (1) *twenty,* বিশ। বিংশতি। কুড়ি। (2) *an account,* হিসাব। খাতা। (3) *a reason,* হেতু। কারণ।
Score, *v.* দাগ কৃ। দাগ দা। *to mark with chalk,* খড়ীর দাগ দা। *to mark with a knot on a string,* গিরা দা।
Scorpion, *n.* বিচা। *a sign of the Zodiac,* বৃশ্চিক রাশি।
Scream, *v.* চেঁচা। চীৎকার কৃ।
Screen, *v.* গুপ্ত করিয়া রাখ। ছাপাইয়া রাখ। ঢাকিয়া রাখ।

Scrip-certificate, *n.* সনদ চিঠি। শ্যারের লিপি।
Sea, *n.* সমুদ্র।
Sea-coast, সমুদ্রতীরের দেশ।
Seal, *n.* মোহর। An office —, সিরিশতার মোহর। Under the — and signature of the Court, আদালতের মোহর ও দস্তখত যুক্ত হইয়া।
Seal, *v.* মোহর কৃ।
Sealing-wax, *n.* লা।
Seaman, *n.* জাহাজের মল্লা। জাহাজী লোক। খালাসী প্রভৃতি।
Search, *v.* খুজ। তালাশ কৃ। সন্ধান ল। তত্ত্ব ল। To — a house, খানা তালাশী কৃ। To — one's person, গা তালাশী কৃ।
Search, *n.* খোজ। তালাশী। তত্ত্ব। অনুসন্ধান। Diligent —, অনেক তত্ত্ব। যত্নপূর্ব্বক সন্ধান। — of a house, খানাতালাশী। — of one's person, গা তালাশী। — Warrant, তালাশীর পরওয়ানা। তালাশীর হুকুমনামা।
Season, *n.* কাল। ঋতু। The Hindus reckon six seasons: the year being divided into two Uyuns, অয়ন, each containing two Reetoos, ঋতু, each Reetoo extending over two months: thus, 1. হেমন্ত, or the cold season, comprising অগ্রহায়ণ and পৌষ; 2. শিশির, or the dewy season, including মাঘ and ফাল্গুন; 3. বসন্ত, or the spring, consisting of চৈত্র and বৈশাখ; 4. গ্রীষ্ম, or the hot season, comprehending জ্যৈষ্ঠ and আষাঢ়; 5. বর্ষা, or the rains, containing শ্রাবণ and ভাদ্র; and 6. শরৎ, or the sultry season, including আশ্বিন and কার্ত্তিক। A wet —, হাজা। বর্ষাকাল। A dry —, শুষ্ককাল। শুকা। খরা।
Season, *v. as timber*, পাকা কৃ। উপযুক্ত কৃ। *Seasoned* wood, পাকা কাঠ।
Seasonable, *a.* উপযুক্ত। উপযুক্ত কালের।
Seat, *n.* আসন। চৌকী। The — of justice, বিচারাসন। To take one's —, আসন গ্রহণ কৃ। উপবিষ্ট হ।
Seaworthy, *a.* সমুদ্রে যাইবার উপযুক্ত। মজবুৎ জাহাজ।
Sebundy, *n.* an irregular soldier, or local militia-man, সিবন্দী।
Seclude, *v.* পৃথক রাখ। বিরলে রাখ।
Secluded Female, *n.* পর্দ্দানশীন।
Second, *a.* দ্বিতীয়। দোসরা।
Second, *v. to support*, পোষকতা কৃ। To — a motion, প্রস্তাবের পৌষ্টিকতা কৃ।
Secondary, *a.* দ্বিতীয়। অপ্রধান। গুরুতর নহে।
Secret, *a.* গোপনে। গুপ্ত। অপ্রকাশিত।
Secretary, *n.* সেক্রেটরী।

Secrete, *v.* লুকাইয়া রাখ। গোপনে রাখ। To — one's self, লুকিয়া থাক। গোপনে থাক।

Section, *n.* (1) *a division*, অংশ। ভাগ। খণ্ড। (2) *a distinct part*, as, a — of an Act, ধারা। of a letter, দফা।

Secure, *a.* সুরক্ষিত। নিরাপদ। নির্ব্বিঘ্ন।

Secure, *v.* (1) *to make safe*, সুরক্ষা কৃ। নির্ব্বিঘ্নরূপে রাখ। (2) *to guard from escape*, as a prisoner, ভালমতে হেফাজতে রাখ। দৃঢ় নেগাহবাণীতে রাখ। (3) *to make certain of payment*, জামিন ল। (4) *to insure*, স্থিরতর কৃ। বহাল রাখ।

11. Lakherajdar, লাখেরাজদার; who holds lands rent-free.
12 Lumburdar, লম্বরদার; whose name is registered as the responsible revenue payer.
13. Mourooseedar, মৌরুসীদার; who holds lands on an hereditary lease.
14. Pattadar, পাট্টাদার; a lessor.
15. Petaoo proja, পেটাও প্রজা; an under tenant; the same as a কোর্পা প্রজা।
16. Puteedar, পটীদার; who holds a small quantity of land.
17. Puttneedar, পত্তনিদার; one who holds large quantities of land from a zemindar.

Dur-puttneedar, দরপত্তনিদার; one who holds of a Puttneedar.
Se-puttneedar, সেপত্তনিদার; one who holds of a Dur-puttneedar.

18. Pykast Ryut, পায়কস্ত রায়ৎ; a non-resident cultivator, who has been induced to settle upon waste land, or enter upon fields deserted by former occupants. They are generally gardeners.
19. Shikmee Ryut, শিকমী রায়ৎ; an under tenant.
20. Sununddar, সনন্দদার; who holds lands by a special grant or *sunund* from the ruling power.
21. Talookdar, তালুকদার; these are divided into two classes: the *Mofussulee* or Dependent *Talookdar*, মফঃসলী তালুকদার, who pays his rent through a zemindar; and the Independent, *Sudder*, or *Huzooree Talookdar*, সদর or হজুরী তালুকদার; who pays his rent, direct to Government.
22. Zemindar, জমীদার; a landholder, who holds direct of Government.

Tendency, *n.* কোন কার্য্যেতে যে বিশেষ ফলোদয়ের সম্ভাবনা। স্বভাব। The idea conveyed by the word is usually expressed in Bengalee by the use of the third or instrumental case, with the verb জন্। thus, It has a tendency to create alarm, তাহাতে ত্রাস জন্মিতে পারে।

Tender, *v. to offer*, টাকা প্রভৃতি দিতে প্রস্তাব কৃ or চাহ or উদ্যত হ। To — payment, টাকা দিতে চাহ, or টাকা লইতে বল।

Tender, *n.* প্রস্তাব। দিবার ইচ্ছা। A — of payment, টাকা দিবার প্রস্তাব। A — of rent *written*, আরোজ (a counterpart to the receipt.) আরোজ is used between zemindar and tenant; চালান is the tender to a collector. Legal —, আইনমতের চলন টাকা। This money is not a legal —, এই মুদ্রা আইনমতে চলে না।

Tenement, *n.* (1) *a house*, বসতবাটী। ঘর। (2) *land, &c.* সম্পত্তি। ভূমি প্রভৃতি।

Tenor, *n.* (1) *course*, ধারা। টান। ক্রম। (2) *character*, প্রকার। রূপ। ডৌল। (3) *sense*, অভিপ্রায়। মর্ম্ম। ভাব। তাৎপর্য্য।

Tent, *n.* তাম্বু। ডেরা। খিমা।

Tenure, *n* (1) a *holding*, ভূমি। জমী। পাট্টা। তালুক। Dependent —, মফঃসলী তালুক। মজকুরী তালুক। Independent —, হজুরী তালুক। A — fixed in perpetuity, মোকররী তালুক। ইস্তমরারী তালুক। An under —, পেটাও তালুক। পেটাও পাট্টার জমী। (2) *the manner of holding lands*, যে নিয়মে or শর্ত্তে জমী ভোগ হয়। পাট্টার নিয়ম or শর্ত্ত।

Term, *n.* (1) *a limited time*, মিয়াদ। মুদ্দত। (2) *sittings of the Supreme Court*, টরম। এজলাসের or বৈঠকের কাল। (3) *a word*, শব্দ। কথা।

A technical —, পারিভাষিক শব্দ। (4) *in the plural, conditions,* নিয়ম। শর্ত্ত। প্রতিজ্ঞা।

Terminate, *v.* শেষ কৃ। সাঙ্গ কৃ। সমাপ্ত কৃ। Imprisonment shall — upon payment of fine, জরীমানার টাকা দেওয়া গেলে কয়েদীকে মুক্ত করা যাইবে।

Territory, *n.* দেশ। প্রদেশ। *Territories* subject to the Presidency of Fort William, ফোর্ট উলিয়ম রাজধানীর মোতালক দেশ।

Test, *n.* (1) *a cupel for melting metals,* কষ্টি পাতর। (2) *a trial,* পরীক্ষা। পরখাই। যদ্দ্বারা পরীক্ষা হয়।

Test, *v.* (2) *to prove the truth of a statement,* প্রমাণ কৃ। পরীক্ষা করিয়া দেখ। (2) *to attest,* দস্তখৎ কৃ। স্বাক্ষর কৃ।

Testament, *n. a will,* নিয়মপত্র। উইল। কোন লোকের মরণোত্তর তাহার সম্পত্তির নিয়মপত্র।

Testamentary, *a.* উইল সম্পর্কীয়। A — disposition of property, মরণের পরে সম্পত্তি লইয়া যাহা করিতে হইবেক তাহার নিয়মপত্র। A — guardian of a minor, নাবালগ পুত্রের রক্ষণাবেক্ষণ কার্য্যেতে পিতার নিয়মপত্রমতে নিযুক্ত লোক।

Testify, *v.* শপথ ক্রমে কি ধর্ম্মতঃ কোন কথা কহ। প্রমাণ কৃ।

Testimonial, *n.* কোন ব্যক্তির সদাচার প্রভৃতি জ্ঞাপকপত্র। সর্টিফিকট।

Testimony, *n.* সাক্ষ্য। গওয়াহী।

Text, *n.* মুল পাঠ। মতন্।

Than, *c.* অপেক্ষা, commonly expressed as in Latin by the ablative case in হইতে, or by the genitive followed by চায়ে; as, This house is better *than* that, এই ঘর তাহার চায়ে or তাহাহইতে or তদপেক্ষা ভাল।

Thatch, *n.* খড় প্রভৃতি। ছাওয়া।

Thatch, *v.* খড় প্রভৃতি দিয়া ঘর ছাওয়া। *Thatched* house, (of straw), খড়ুয়া ঘর।

The, *art.* ঐ। সেই। but generally omitted. Before an adjective of the comparative degree it is rendered by যত and তত; as, *The* longer you stay, *the* worse for you, তুমি যত কাল থাক ততই তোমার ক্ষতি হইবে। Before an adjective of the superlative degree, *the* negative verb is used; as, This is the utmost he can do, ইহার অধিক করিতে পারে না; or, এইমাত্র করিতে পারে, অধিক নয়।

Theft, *n.* চৌর্য্য। চুরি করণ। হরণ করিয়া লওন। অপহরণ।

Therefore, *c.* এই কারণে। এই প্রযুক্ত। অতএব।

Thick, *a.* (1) *dense,* ঘন। (2) *inspissated,* গাঢ়। (3) *turbid,* as, — water, ঘোলা জল। (4) *noting the diameter of a body,* পুরু। (5) *not fine,* মোটা। (6) *dull,* স্থূল। — headed, স্থূল বুদ্ধির।

Thicket, *n.* ঝোড়। জঙ্গল। বন।

Thief, *n.* চোর।

Thin, *a.* (1) *not thick,* সরু। পাতলা। (2) *not crowded,* অল্প। অধিক নয়।

Think, *v.* (1) *to judge,* বোধ কৃ। বুঝ। মনে লাগ। (2) *to reflect,* ভাব। চিন্তা কৃ।

Thjrst, *n.* তৃষ্ণা। পিপাসা। পেয়াস।

Thorough, *a. complete,* পুরা। পাকা।

Thoroughly, *ad.* সম্পূর্ণরূপে। পাকা।

Thrash, *v.* ঝাড়। মর্দ্দ। শস্য মর্দ্দন কৃ।

Thrashing-floor, *n.* খামার।

Thread, *n.* সূতা। সূত্র। Gold —, তাস। Silver —, গোটা।

Threat, *n.* ভয় জন্মাইবার কথা।

Threaten, *v.* ভয় দর্শা। ভয় দেখা। ভয় জন্মাইবার কথা কহ।

Throat, *n.* গলা। To cut the —, গলা কাট। গলায় ছুরী দা।

Throne, *n.* সিংহাসন। গদ্দি।

Throttle, *v.* গলা টিপ।

Through, *pr.* (1) *passing from one surface to another,* বিন্ধিয়া। ছেদ or ছিদ্র করিয়া। ফুটিয়া। as, To go — a board, তক্তা বিন্ধিয়া or ফুটিয়া যা; or, তক্তায় ছেদ করিয়া যা। (2) *noting passage,* দিয়া; as, To go — a gate, দ্বারদিয়া যা। (3) *noting instrumentality,* দ্বারা। কর্তৃক। করণক। generally expressed by the instrumental case. (4) *over the whole surface,* ব্যাপিয়া। To go — the country, দেশ ব্যাপিয়া যা। (5) *noting passage among, or in;* as, To move — water, জল কাটিয়া or ভাঙ্গিয়া যা। To run — a fence, বেড়া ভাঙ্গিয়া যা। (6) *from beginning to end;* as, To read a letter —, পত্র সমুদয় পাঠ কৃ। To carry a project —, কার্য্য সমাধা কৃ, or সমাপ্ত কৃ।

Throughout, *a. in every part,* সর্ব্বত্র। ব্যাপিয়া। সর্ব্বস্থানে।

Throw, *v.* ফেল। নিক্ষেপ কৃ। ক্ষেপণ কৃ। To — away, ফেলিয়া দা। To — away time, সময় মিথ্যা হরণ কৃ। To — away money, টাকা মিথ্যা খরচ কৃ, or অপব্যয় কৃ, or উড়াইয়া দা। To — *off* or *out, to reject,* ত্যাগ কৃ। তুচ্ছ কৃ। To — one's self down, আপনি মাটীতে পড়। To — one's self on, নির্ভর কৃ। আশ্রয় ল।

Thrust, *v.* খোঁচা মার। গুতা।

Thugs, *n.* ঠগ; a secret and wide-spread association of robbers and murderers, who consider it a sacred duty to rob and murder. The system is called *Thuggee,* ঠগী।

Thump, *v. to strike* with the fist, কিল মার। মুষ্ট্যাঘাত কৃ। with the open hand, চড় মার। চপেটাঘাত কৃ।

Thunder, *n.* মেঘগর্জন। মেঘনাদ।
Thursday, *n.* বৃহস্পতিবার। লক্ষ্মীবার।
Tide, *n.* the flood —, জোয়ার। The ebb —, ভাটা।
Tide-waiter, *n.* মাসুল চুরি নিবারণার্থে জাহাজে কি পোস্তায় নিযুক্ত ব্যক্তি।
Tie, *v.* বাঁধ। To — tightly, আঁটিয়া বাঁধ। To — loosely, আলগা করিয়া বাঁধ।
Tier, *n.* সারি। পাড়ন। শ্রেণী।
Tile, *n.* টালি।
Till, *v.* চাষ কৃ। কৃষি কৃ।
Till, *ad.* পর্য্যন্ত। — then, তৎকাল পর্য্যন্ত। — now, এইকাল পর্য্যন্ত। এত কাল। — you come, তুমি যাবৎ না আইস তাবৎ; or, তোমার না আইসন পর্য্যন্ত।
Timber, *n.* বাহাদুরী কাষ্ঠ।
Time, *n.* সময়। কাল। At *times*, কোন ২ সময়ে। This —, এই বার। A prescribed —, মিয়াদ।
Tin, *n.* রাঙ্গ। টিন।
Tissue, *n. gold*, তাস। *silver*, গোটা।
Title, *n.* (1) *a name*, নাম। (2) *an appellation of distinction*, উপাধি। পদবী। খেতাব। (3) *right*, স্বত্ব। অধিকার। A — of community, সাধারণে থাকার স্বত্ব। Illegal and invalid —, অসিদ্ধ ও গরমাতবর স্বত্ব। অসত্য ও অসিদ্ধ স্বত্ব।
Title-deeds, *n.* স্বত্বের লিপি। পাট্টা প্রভৃতি। সনদ। অধিকার পত্র।
Tobacco, *n.* তামাক। তামাকু। To smoke —, তামাক খা।
To-day, *n.* আজ। অদ্য।
Toddy, *n.* তাড়ী। তালের রস।
Toll, *n.* মাসুল।
To-morrow, *n.* কাল। কল্য।
Ton, *n.* টন, অর্থাৎ ১১২ মোন। A vessel of 1000 —, হাজার টন বোঝাইয়ের জাহাজ।
Tongue, *n.* জিহ্বা। জিব।
Tonnage, *n.* জাহাজের কি নৌকার পরিমাণ। জাহাজে কি নৌকায় যত বোঝাই ধরে।
Tool, *n.* হাতিয়ার। অস্ত্র।
Top, *n.* অতি উচ্চ ভাগ। উপর। The — mast, গেবী ডোল।
Torch, *n.* মশাল।
Tort, *n.* ক্ষতি। হানি। নোকসান।
Torture, *n.* যাতনা। যন্ত্রণা।
Total, *n.* সমুদয়। মোট। মবলগ। একুন।

Total, *a.* সম্পূর্ণ। সবসমেত। সর্ব্বসুদ্ধ।
In toto, সম্পূর্ণরূপে। একেবারে।
Tour, *n.* দওরা। পর্য্যটন। To go on a —, পর্য্যটন কৃ। দওরায় যা।
Tow, *v.* নৌকার গুণ টান। নৌকা টান।
Town, *n.* নগর। কসবা।
Trace, *v.* (1) *to mark out* নকশা কৃ। পূর্ব্বাঙ্গ লিখ। (2) *to follow by some mark,* সন্ধান ল। সন্ধান পা।
Tract of Land, *n.* ভূমি। ভূমিখণ্ড। পটী।
Trade, *n.* বাণিজ্য। তেজারৎ। কারবার। Articles of —, মহাজনী দ্রব্য। তেজারতের দ্রব্য।
Trader, *n.* মহাজন। বাণিজ্য ব্যবসায়ী। ব্যাপারী। বণিক।
Trading speculations, তেজারতী কর্ম্ম।
Tradesman, *n.* দোকানদার। বেপারী। বেণিয়া।
Traffic, *n.* বাণিজ্য ব্যাপার। বাণিজ্য ব্যবসায়।
Transaction, *n.* কার্য্য। ব্যাপার। কর্ম্ম। Monetary —, টাকার লেনাদেনা।
Transcribe, *v.* নকল কৃ। প্রতিলিপি কৃ। অনুরূপ লিখ।
Transfer, *v.* (1) *to remove from one place to another,* এক স্থানহইতে লইয়া অন্য স্থানে রাখ্। স্থানান্তর কৃ। খারিজ দাখিল কৃ। To — a case, মোকদ্দমা অন্যের প্রতি অর্পণ কৃ। মোকদ্দমা খারিজ দাখিল কৃ। To — an officer, কার্য্যকারককে স্থানান্তরে বদলী করিয়া পাঠা or নিযুক্ত কৃ। (2) *to pa orss convey,* as property, সম্পত্তি হস্তান্তর কৃ। দানবিক্রয়াদি কৃ।
Transfer Loan Securities, খারিজ দাখিল করা কর্জের নিদর্শনপত্র। ট্রান্সফর লোনের নিদর্শনপত্র।
Transferable, *a.* হস্তান্তর হইতে পারে যে। খারিজদাখিল হইতে পারে যে।
Transgress, *v.* লঙ্ঘন কৃ। আজ্ঞালঙ্ঘন কৃ।
Transgression, *n.* আজ্ঞালঙ্ঘন।
Transit, *n.* দ্রব্যাদির এক স্থানহইতে অন্য স্থানে গমন। দ্রব্যাদির চালান।
Transit duties, *n.* রাহাদারী মাসুল।
Translate, *v.* তর্জ্জমা কৃ। অনুবাদ কৃ। মুতর্জ্জিম।
Translator, *n.* তর্জ্জমা নবীস। অনুবাদক।
Transmit, *v.* পাঠা। প্রেরণ কৃ। চালান কৃ।
Transpire, *v.* (1) *to become known,* প্রকাশ হ। জানা হ। (2) *to happen,* ঘট্। হ।
Transport, *v.* এক স্থানহইতে অন্য স্থানে পাঠা। চালান কৃ। রফ্ত কৃ। To — a criminal, আসামীকে দ্বীপান্তরে পাঠা।
Transport, *n. a ship,* যুদ্ধের সরঞ্জামাদি লইবার জাহাজ।
Transportation, *n.* দ্বীপান্তর প্রেরণ।

Transpose, *v.* অন্য স্থানে দা। খারিজ দাখিল কৃ। To — from one jurisdiction to another, এক এলাকাহইতে উঠাইয়া অন্য এলাকা ভুক্ত কৃ।

Travel, *v.* দেশে ২ গমন কৃ। ভ্রমণ কৃ। দেশপর্য্যটন কৃ।

Travelling allowances, *n.* পথ খরচ। রাহা খরচ। ভাতা খরচ। দৌড় খরচ। বারবরদারী।

Traverse, *v.* স্বীকার না কৃ। গর কবুল কৃ। বিপক্ষ পক্ষের কথা স্বীকার না কৃ। To — indictment, মোকদ্দমার বিচার মুলতবী রাখ।

Treachery, *n.* বিশ্বাসঘাতকতা।

Treacle, *n.* কোতরা। মাতগুড়।

Treason, *n.* রাজদ্রোহিতা। রাজবিপক্ষতা।

Treasure, *n.* ধন। সঞ্চিত ধন। খাজানা।

Treasure-chest, *n.* খাজানার সিন্দুক। খাজানা রাখিবার সিন্দুক।

Treasurer, *n.* খাজাঞ্চী। ধনরক্ষক।

Treasure-trove, *n.* পোতা ধন। নিধি। লুকতা।

Treasury, *n.* খাজানাখানা। মালখানা। ত্রেজুরী।

Treat, *v.* কোন লোকের প্রতি সৎ কি অসদ্ব্যবহার কৃ। To — one well, কোন লোকের প্রতি or কোন লোককে লইয়া সদ্ব্যবহার or সদাচার কৃ। To — one ill, কোন লোকের প্রতি অসদাচার কৃ or নির্দ্দয়াচার কৃ। He shall be *treated* as a criminal, তাহাকে লইয়া অপরাধির মতে কার্য্য হইবেক। To — with, নিয়ম কৃ। বন্দোবস্ত কৃ।

Treatment, *n.* আচার। ব্যবহার। Good —, শিষ্টাচার। সদ্ব্যবহার। Ill —, অসদাচার। বদ সলুক। অকৌশল।

Treaty, *n.* সন্ধি।

Trench, *n.* পরিখা। জুলি।

Trespass, *n.* কোন ব্যক্তির কি বস্তুর কি ভূমির উপর অন্যায় কার্য্য। Criminal —, অন্যায়মতে প্রবেশ করণ। অপরাধ ভাবে কোন কাহার ভূমি প্রভৃতিতে গমন। Cattle —, গবাদির দ্বারা ফসল তসরুফ। পশুর দ্বারা পয়মাল। পরের জমীতে পশু প্রবেশ। তসরুফাৎ। House —, অন্যায়মতে গৃহপ্রবেশ। — against the person, কোন ব্যক্তিকে ভয় দর্শাওন। কোন ব্যক্তির প্রতি আক্রমণ। — on one's grounds, কোন লোকের বাড়াতে কি জমীতে বিনানুমতিতে প্রবেশ করা। — vi et armis, জোর জবরে আক্রমণ। দ্বার কি বেড়া ভাঙ্গিয়া প্রবেশ করণ। Special —, or — on the case, যে কর্ম্মের ফলেতে অন্যের ক্ষতি হয়।

Tret, *n.* কার্দ্দা।

Triable, *a.* বিচার্য্য।

Trial, *n.* (1) *an effort,* উদ্যোগ। In law, *the examination of a cause,* মোকদ্দমার বিচার or তজবীজ। A — de novo, গোড়াপত্তি বিচার। সরেনাও তজবীজ। গোড়া অবধি নূতন বিচার। To bring to —, বিচারার্থে

উপস্থিত কৃ। To commit for —, বিচারার্থে সোপর্দ্দ কৃ। To take an article on —, জাঁকোড়ে ল।

Triangle, *n.* ত্রিকোণ। ত্রিকোণাকৃতি বস্তু। used for weighing, সেপায়া। used for tying criminals when flogged, টিক্‌টিকী।

Tributary, *n.* করদায়ী। — Mehals, পেশকশী মহাল।

Tribute, *n.* কর। পেশকশ।

Triennial, *a.* তিন ২ বৎসরের। তিন সনী। ত্রৈবার্ষিক।

Trigonometrical Survey, ত্রিকোণ সম্পর্কীয় বিদ্যার বিধিমতের জরীপ।

Triplicate, *a.* তেকর। A copy in —, তেকর নকল। তিন প্রস্থ।

Trivial, *a.* ক্ষুদ্র। অকিঞ্চিৎকর। কার্য্যের নয়।

Troop, *n.* সৈন্যদলের কতক জন।

Trooper, *n.* ঘোড় শওয়ার।

Troublesome, *a.* ক্লেশদায়ক। ক্লেশকর।

Trove-property. See Treasure-trove.

Trover, *n.* (1) *the gaining possession of any goods,* কোন দ্রব্যের অধিকার প্রাপণ। কোন দ্রব্য পাওন। (2) *a form of action against one for the appropriation of personal property,* কোন লোক অন্যের অস্থাবর কোন সম্পত্তি গ্রহণ করিয়া আপনি রাখিলে কি আপনার কর্ম্মে ব্যবহার করিলে তাহার নামে দাবীর নালিশ।

True, *a.* সত্য। প্রকৃত। যথার্থ। ঠিক।

Trust, *n.* (1) *confidence,* বিশ্বাস। (2) *care,* জিম্মা। (3) *something committed to a person's care,* জিম্মায় দেওয়া বস্তু। কোন কাহার নিকটে যে বস্তু আমানৎ করা যায়। (4) *state of him to whom something is entrusted,* আমানৎদারী।

Trust, *v.* (1) *to believe,* বিশ্বাস কৃ। প্রতীত কৃ। (2) *to commit to the care of,* রক্ষার্থে অর্পণ কৃ। জিম্মায় গচ্ছিত কৃ। আমানৎ কৃ। To — in, বিশ্বাস রাখ।

Trust-deed, *n.* আমানৎ নামা। গচ্ছিত পত্র।

Trustee, *n.* আমানৎদার। জিম্মাদার। ট্রষ্টী। এৎমামদার।

Truth, *n.* সত্যতা। প্রকৃত কথা। যথার্থ কথা।

Try, *v.* (1) *to attempt,* উদ্যোগ কৃ। যত্ন কৃ। দেখ্। (2) *to examine,* বিচার কৃ। (3) *to prove by a test,* পরীক্ষা কৃ। (4) *to assay,* পরখাই কৃ।

Tube, *n.* নল।

Tuesday, *n.* মঙ্গলবার।

Tuition, *n.* শিক্ষা দেওন।

Tumultuous assembly, দাঙ্গার জন্যে জমায়ৎবস্ত লোক। হঙ্গামী জমায়ৎ।

Tun, *n.* বড় পীপা। টন।

Tunnel, *n.* সুড়ঙ্গ।

Turban, *n.* পাগড়ি।
Turbulent, *a.* দুর্দ্দ্যা। হঙ্গামী।
Turmeric, *n.* হলুদ।
Turn, *v.* (1.) *to cause to move round,* ঘুরা। (2) *to move round,* ঘুর। চক্রাকার কৃ। (3) *to change, or alter,* ফিরা। পরিবর্ত্তন কৃ। (4) *to become,* হ। To — away, *to discard* ত্যাগ কৃ। দূর কৃ। To — back, (1) *to return anything,* ফিরিয়া দা। (2) *to come back,* ফিরিয়া আইস। (3) *to go back,* ফিরিয়া যা। To — off, (1) *to divert the mind,* অন্যমনস্ক হ। অন্য কথা বিবেচনা কৃ। অন্য দিগে মন দা। (2) *to be diverted,* অন্য দিগে যা। অন্য দিগে ফির। To — out, (1) *to drive out,* তাড়াইয়া দা। বাহির করিয়া দা। (2) *to come abroad,* বাহিরে যা। (3) *to occur,* ঘট। হ। To — over, (1) *to transfer,* হস্তান্তর কৃ। অন্যের হাতে দা। (2) *to overset,* উল্টিয়া পড়। (3) *to turn from side to side,* পার্শ্ব ফির। (4) *to think over,* বিবেচনা কৃ। To — towards, অমুক দিগে ফির।
Turn, *n.* (1) *a revolution,* ঘুরণ। ফিরণ। (2) *change,* রূপান্তর। অন্য প্রকার। By *turns,* পালা করিয়া।
Turnkey, *n.* খিলিদার। কারাগারের চাবী যাহার হাতে থাকে।
Turpentine, *n.* তার্পিন। — oil, তার্পিন তেল।
Tusser, *n.* তসর। a species of coarse silk produced from the Tussch worm, or Saturnia.
Tutenag, or Tutenague, *n.* দস্তা।
Tutor, *n.* রক্ষক। শিক্ষক।
Twins, *n.* যমজ। যমক। a sign of the zodiac, মিথুন।
Twist, *n.* কাটা সুতা।

U

Ulcer, *n.* ঘা। ক্ষত।
Ullage, *n.* ঝর্ত্তি। পড়্‌তি।
Ultimate, *a.* শেষ।
Ultimo, *n.* গত মাসের। The 12th ultimo, গত মাসের ১২ তারিখ।
Umpire, *n.* মধ্যস্থ। যাহার বিচারমতে বিবাদ নিষ্পত্তি হয়।
Unable, *a.* অক্ষম। অপারক।
Unabolished, *a.* বহাল আছে যাহা। রদ হয় নাই যাহা।
Unadulterated, *a.* খাটি। সরল। নির্ভাজ অমিশ্রিত।
Unadvised, *a.* অপরামর্শ। অবিবেচনার কর্ম্ম। অনুচিত। দুঃসাহস।
Unaided, *a.* সাহায্য বিনা। কোন কাহার সাহায্য না পাইয়া।

Unalienable, *a.* যাহা হস্তান্তর করা যাইতে পারে না।
Unalloyed, *a.* নির্ভাজ। খাটি। যাহাতে খাইদ নাই।
Unalterable, *a.* যাহার পরিবর্ত্তন হয় না। স্থিরতর। দঢ়।
Unaltered, *a.* পরিবর্ত্তন না হইয়া থাকে যে। অমনি থাক।
Unanimous, *a.* একমনা। একমতি। সম্মত।
Unanswerable, *a.* যাহার উত্তর দেওয়া যাইতে পারে না। না জওয়াব।
Unappealable, *a.* যাহার উপর আপীল নাই। চূড়ান্ত।
Unapplied, *a.* খরচ না হইয়া যাহা থাকে। বিলি না হইয়া যাহা থাকে।
Unappropriated, *a.* কোন কর্ম্মে খরচ না হইয়া যাহা থাকে। কোন বিশেষ কর্ম্মে নিরূপিত না হইয়া যাহা থাকে।
Unarmed, *a.* অস্ত্র বিনা। যাহার অস্ত্র নাই।
Unattached, *a.* কোন বিশেষ সিরিশতায় কি কর্ম্মে নিযুক্ত নাই।
Unattended, *a.* যাহার সমভিব্যাহারে কেহ নাই। একলা। একা।
Unattested, *a.* যে লিপিতে দস্তখৎ হয় নাই।
Unavoidable, *a.* অনিবার্য্য। নিরুপায়। অগত্যা।
Unawares, *a.* অজ্ঞাতসারে। অকস্মাৎ। হঠাৎ।
Unbailable, *a.* যে অপরাধ হইলে জামিন লইয়া আসামীকে ছাড়িয়া দেওয়া যাইতে না পারে।
Unbar, *v.* হুড়কা খুলিয়া দা। দ্বার খোল্।
Unbiassed, *a.* নিরপেক্ষ।
Unbind, *v.* খোল। ছাড়িয়া দা। বন্ধন মোচন কৃ। মুক্ত কৃ।
Unborn, *a.* ভূমিষ্ঠ নয়। ভূমিষ্ঠ হইবার আগে।
Uncertain, *a.* নিশ্চয় নয় যাহা। অনিশ্চিত। অনিরূপিত। অনির্দ্দিষ্ট।
Uncertainty, *n.* অনিশ্চিত অবস্থা।
Uncivil, *a.* অশিষ্ট।
Uncle, *n.* Father's brother, পিতৃব্য। চাচা। Father's elder brother, পিতৃজ্যেষ্ঠ। জ্যেঠা। Father's younger brother, খুড়া। কাকা। Mother's brother, মাতুল। মামা। মামু। Paternal aunt's husband, পিশা। ফুফা। Maternal aunt's husband, মাউসা। মেস্যো। খালু।
Unclaimed property, *n.* নাদাবী সম্পত্তি। লাওয়ারিস সম্পত্তি।
Unclean, *a.* অশুচি। নাপাক। To be legally —, অশৌচ ব্যবহার কৃ।
Uncollected, *a.* উসুলের বাকী। আদায় না হইয়া যাহা থাকে।
Uncommon, *a.* অসাধারণ। অসামান্য। আশ্চর্য্য।
Unconditional, *a.* নিয়ম ব্যতিরেকে। বিনাশর্ত্ত। as applied to Jagheers গরমশরুত।
Unconscious, *a.* অচেতন। অজ্ঞাত।
Uncovenanted, *a.* অচিহ্নিত। An — officer, অচিহ্নিত or সনদ অপ্রাপ্ত কার্য্যকারক।

Uncover, *v.* (1) *to lay open,* খোল। প্রকাশ কৃ। (2) *to strip,* কাপড় খোল। অনাবৃত কৃ। অনাচ্ছাদিত কৃ। (3) *to unroof,* চাল তোল।

Uncovered, *a.* প্রকাশিত। অনাচ্ছাদিত। অনাবৃত। নেঙ্গটা। নগ্ন। খোলা

Uncultivated land, গরাবাদী জমী। পতিত জমী। খিলা জমী। ওফতাদা জমী

Undeceive, *v.* ভ্রান্তি ঘুচা। ভ্রম কাট। গুপ্ত কথা প্রকাশ কৃ।

Undefended suit, যে মোকদ্দমার আসামী উপস্থিত হয় না। যে মোকদ্দমার জওয়াব দেওয়া যায় না।

Undefined, *a.* (1) *not having its limits described,* যাহার সীমা নিরূপণ হয় নাই। অনিরূপিত। (2) *not explained,* যাহার অর্থ করা যায় নাই। অব্যক্ত। অনির্ণীত।

Under, *pr.* (1) *beneath,* নীচে। নিম্নে। — a tree, গাছের তলে। — a wall, দেওয়ালের আড়ালে। (2) *subject to,* অধীনে। তাবে। অধঃস্থ। An — Secretary, ছোট সেক্রেটারী। (3) *below,* নীচে। অধোভাগে। To write —, *to subscribe,* অধোভাগে or নিম্নভাগে লিখ। নীচে লিখ। (4) *less than,* কম। ন্যূন। — forty rupees, চল্লিশ টাকার কম। (5) *according to,* অনুসারে। ক্রমে। মতে। — the Act, ঐ আইন মতে। — the administration of the English, ইঙ্গেজেরদের আমলে। — age, নাবালগ। অপ্রাপ্ত ব্যবহার। — cover, (1) *in an envelope,* খামে বদ্ধ করিয়া। (2) *with the pretence of,* or — colour, ছলে। ছলনায়। — the name of, অমুক নামে।

Under farm, *n.* দরইজারা।

Under-farmer, *n.* দরইজারদার। কটকিনাদার। মফঃসলী ইজারদার।

Undergo, *v.* (1) *to suffer,* ভোগ কৃ। পা। To — a punishment, দণ্ডভোগ কৃ। (2) *to sustain,* সহ্য কৃ। সহ।

Underhand, *ad.* প্রতারণাক্রমে। গোপনে।

Under-labourer, *n.* মজুর। কুলি।

Under-lease, *n.* পেটাও পাট্টা।

Under-let, *v.* দরইজারা দা। দরপত্তনি দা। পেটাও পাট্টা দা।

Undermine, *v.* সুড়ঙ্গ কৃ। ভিত্তিমূল নষ্ট কৃ। উল্টাইয়া ফেল।

Under-officer, *n.* অধঃস্থ কর্ম্মকারক। তাবেদার কর্ম্মকারক।

Undermentioned, *a.* নীচের লিখিত। পশ্চাৎ লিখিত।

Underrate, *v.* ন্যূন মূল্য ধৃ। কম দর কৃ।

Under-renter, *n.* দরপত্তনিদার। পেটাও যোতদার। পেটাও প্রজা।

Undersell, *v.* কমমূল্যে বিক্রয় কৃ।

Undersigned, *a.* অধোভাগে যাহার নাম লেখা হইয়াছে।

Understand, *v.* বুঝ। বোধ কৃ।

Understanding, *n.* বুদ্ধি। জ্ঞান। বোধ।

Undertake, *v.* কর্ম্মারম্ভ কৃ। কর্ম্মে প্রবর্ত্ত হ। কর্ম্মেতে উদ্যোগ কৃ। কর্ম্ম ল

Under-tenant, *n.* পাট্টাদার প্রজা। পেটাও রায়ৎ। কোর্পা প্রজা।
Under-tenure, *n.* পেটাও জমী। পেটাও তালুক। সিকমী তালুক।
Undervalue, *v.* (1) *to estimate below the real worth,* প্রকৃত মূল্যের ন্যূন মূল্য ধৃ। (2) *to esteem lightly,* তুচ্ছ জ্ঞান কৃ। ক্ষুদ্র জ্ঞান কৃ।
Underwriter, *n.* বিমা দেয় যে। বিমাকরণিয়া।
Undescribed, *a.* অব্যক্ত। অনির্দ্দিষ্ট।
Undeserving, *a.* অযোগ্য। অপাত্র।
Undesigned, *a.* পূর্ব্বে কল্পিত নহে যাহা। না জানিয়া। An — injury, পূর্ব্বে কল্পনা না করিয়া যে হানি হয়।
Undetermined, *a.* অনিশ্চিত। অনিরূপিত।
Undiminished, *a.* কম হয় না যাহা। লাঘব হয় না যাহা।
Undisputable, *a.* অবিরোধীয়। যাহার বিবাদ হইতে পারে না। নিশ্চয়। স্থির। See Indisputable.
Undisputed, *a.* বিবাদ বিনা। নিরাপত্তির। — balance, নিরাপত্তির বাকী। বেওজরী বাকী। নির্বিরোধীয় বাকী। লাকেলাম বাকী। বেতকরারী বাকী।
Undisturbed, *a.* অবাধিত। নির্ব্বিঘ্ন। সুস্থির। To have — possession, অবাধিত রূপে ভূমি ভোগ দখল কৃ।
Undivided, *a.* অবিভক্ত। সাধারণ। এজমালী।
Undoubted, *a.* নিশ্চিত। নিঃসন্দিগ্ধ। — proof, নিশ্চিত or স্পষ্ট প্রমাণ। যাহার সন্দেহ নাই।
Undoubtedly, *ad.* অবশ্য। নিঃসন্দেহ রূপে।
Undue, *a.* অনুচিত। অনুপযুক্ত।
Unequal, *a.* (1) *not equal,* অসমান। তুল্য নহে। (2) *inadequate,* অযোগ্য। অনুপযুক্ত। (3) *unjust,* অন্যায়। An — number, বিযোড় অঙ্ক। বিষম অঙ্ক।
Unequitable, *a.* অন্যায়। অযথার্থ।
Unequivocal, *a.* স্পষ্ট। নিঃসন্দিগ্ধ।
Uneven, *a.* অসমান। An — number, বিষম অঙ্ক। বিযোড় অঙ্ক।
Unexceptionable, *a.* যাহার দোষ কি ত্রুটি নাই। যাহাতে আপত্তি হইতে পারে না।
Unexecuted, *a.* (1) *not performed,* সমাপ্ত হয় নাই যাহা। An — decree, জারী না হওয়া ডিক্রী। An — deed, দস্তখৎ না হওয়া দলীল।
Unexpected, *a.* অনপেক্ষিত। হঠাৎ। আচম্বিত।
Unfaithful, *a.* অবিশ্বস্ত। বিশ্বাসযোগ্য নহে। An — subject, যে প্রজা রাজভক্ত নহে। অভক্ত প্রজা। An — husband, পরদারগামী। পারদারিক। ব্যভিচারী। An — wife, ব্যভিচারিণী। দুষ্টা। ভ্রষ্টা।
Unfermented liquor, কাঁচা শরাব। গাঁজাল নহে যে শরাব।
Unfinished, *a.* অসমাপ্ত। অনিষ্পন্ন। সাঙ্গ হয় নাই যাহা।
Unfit, *a.* অনুচিত। অনুপযুক্ত। অযোগ্য।

Unfold, *v.* (1) *to open,* খোল। (2) *to declare,* প্রকাশ কৃ। ব্যক্ত কৃ।
Unforeseen circumstances, দৈব বিপাক। দৈবাধীন ঘটনা।
Unfounded, *a.* অমূলক।
Uniform, *a.* একই প্রকারের। একই রূপ।
Uniform, *n. a particular dress,* পোশাক। সাজ। নিশানা।
Uniformity, *n.* ঐক্য।
Uniformly, *ad.* (1) *without variation,* সর্ব্বদাই। সর্ব্বসময়ে। (2) *without diversity,* একই রূপে। একই প্রকারে।
Unimpeached, *a.* যাহার দোষ বলা যায় না। যাহার অপবাদ নাই।
Union, *n.* সংযোগ। A — of towns and their suburbs for the appointment and maintenance of an efficient Police, under Act XX. of 1856; ১৮৫৬ সালের ২০ আইন মতে পোলীসের উপযুক্ত নিয়ম করিবার জন্যে নগরের ও তাহার নিকটস্থ গ্রামের সংযোগ।
Unite, *v.* সংযুক্ত কৃ। শামিল কৃ। To — by treaty, সন্ধিবদ্ধ কৃ।
Unjust, *a.* অন্যায়। অযথার্থ।
Unknown, *a.* অজানা। অজ্ঞাত। — to one, *without his knowledge,* তাহার অজ্ঞাতসারে, *a stranger,* তাহার অপরিচিত।
Unlade, *v.* উবরা। ওলা।
Unlawful, *a.* বেআইনী। — assembly, বেআইনীমতে লোক সংগ্রহ। বেআইনী কার্য্য করিবার নিমিত্তে লোক সংগ্রহ।
Unless, *c.* যদি না। — you go, যদি না যাও।
Unlicensed, *a.* বিনানুমতির। যাহার অনুমতি হয় নাই। পাট্টা প্রাপ্ত না হওয়া। An — still, বিনানুমতির ভাটী।
Unlimited, *a. not having bounds,* অতি বিস্তারিত। সীমা নাই যাহার। A lease on an — term, বেমেয়াদী পাট্টা।
Unmerited, *a.* যাহার যোগ্য নয়। অনুচিত। অনুপযুক্ত।
Unmoor, *v.* a vessel, জাহাজ এক লঙ্গরের উপর রাখ। জাহাজের এক লঙ্গর ফেলিয়া রাখ।
Unnatural, *a.* স্বভাব বিরুদ্ধ। — crimes, স্বভাব বিরুদ্ধ অপরাধ। পুংমৈথুন। — death, অকস্মাৎ মৃত্যু।
Unnecessary, *a.* অনাবশ্যক। আবশ্যক নয়।
Unofficial, *a.* কর্ম্মের ধারামতে নহে। সরকারের নিয়ম মতে নয়। উপযুক্ত কর্ম্মকারকহইতে প্রাপ্ত নয়।
Unpaid, *a.* অপরিশোধিত। দেনা। — workmen, যে কর্ম্মকারকেরদের বেতন নাই। অবৈতনিক কর্ম্মকারক।
Unpardonable, *a.* যাহার ক্ষমা হইতে পারে না।
Unpopular, *a.* যে ব্যক্তি প্রভৃতিতে সাধারণ লোকেরা সন্তুষ্ট নয়। সকলের অপ্রিয়।

Unprecedented, *a.* অপূর্ব্ব। অদ্ভুত। যাহার তুল্য অগ্রে হয় নাই।
Unprejudiced, *a.* অপক্ষপাতী।
Unprincipled, *a.* নীতিবদ্ধ নহে।
Unproductive, *a.* অনুর্ব্বরা। যাহাতে লভ্য হয় না।
Unprofitable, *a.* অফলজনক। নিষ্ফল।
Unprovoked, *a.* রাগ যাহাতে হয় এমত কর্ম্ম না হইয়া।
Unpublished, *a.* অপ্রকাশিত।
Unqualified, *a.* (1) *not fit,* অনুপযুক্ত। (2) *not restricted,* নিয়ম রহিত। অতি বিস্তারিত। সম্পূর্ণ মতের।
Unquestionable, *a.* যাহার জিজ্ঞাসা নাই। নিঃসন্দেহ।
Unravel, *v.* মুক্ত কৃ। স্পষ্ট কৃ; অর্থাৎ যাহা এলুয়া মেলুয়া হইয়া আছে তাহা সুশৃঙ্খল মতে সাজাইয়া দা।
Unreasonable, *a.* অসঙ্গত। অযুক্ত।
Unrecovered, *a.* আদায় হয় নাই যাহা।
Unredeemed, *a.* মুক্ত হয় নাই যাহা; যথা বন্ধক দেওয়া যে জমী প্রভৃতি মুক্ত করা যায় নাই।
Unregistered, *a.* রেজিষ্টরী হয় নাই যাহা।
Unrequited, *a.* যাহার প্রতিদান কি প্রতিকার হয় নাই।
Unreserved, *a.* মুক্ত কণ্ঠে। কিছু গোপনে না রাখিয়া। স্পষ্ট।
Unruly, *a.* অবাধ্য। শাসন মানে না যে।
Unsatisfactory, *a.* যাহাতে মন তৃপ্ত হয় না। সন্তোষজনক নহে।
Unsatisfied, *a.* তৃপ্ত হয় নাই। সন্তুষ্ট হয় নাই।
Unsay, *v.* পূর্ব্বের উক্ত কথা অস্বীকার কৃ।
Unseasoned, *a.* কাঁচা।
Unseaworthy, *a.* মহাসাগরে যাইবার যোগ্য নয় যে জাহাজ।
Unsettled, *a.* (1) *unfixed,* অস্থির। চঞ্চল। (2) *not determined,* নিষ্পত্তি হয় নাই যাহা। অনিষ্পত্তি। (3) *in a disordered state,* সাজান নহে। এলুয়া মেলুয়া। গোলমাল। An — estate, গরবন্দোবস্তী মহাল। যাহার বন্দোবস্ত হয় নাই।
Unskilful, *a.* অপটু। অকৃতি।
Unstamped, *a.* ইষ্টাম্প না হওয়া।
Unsuitable, *a.* অনুপযুক্ত। অনুচিত। অযোগ্য। খাটে না যাহা।
Until, *pr.* see Till.
Untimely, *a.* উপযুক্ত কালের আগে। — birth, অকালজ। অসময়ে জাত।
Untrue, *a.* মিথ্যা। অসত্য।
Untruth, *n.* মিথ্যা কথা। অসত্য কথা।
Unwarrantable, *a.* অবিহিত। বিধিমতের নয়।
Unwholesome, *a.* পীড়াজনক। রোগজনক। ভাল নহে যাহা।

Unwilling, *a.* অনিচ্ছুক।

Unwitnessed, *a.* অপ্রমাণ। যাহাতে সাক্ষী নাই।

Unwritten, *a.* অলিখিত।

Uphold, *a. to maintain,* বহাল রাখ। সাব্যস্ত রাখ। To — the orders of a Court, আদালতের হুকুম বহাল রাখ।

Uproar, *n.* শোর শার। গোলমাল।

Upset price, নিলামে প্রথম ডাক। কোন দ্রব্যের নিমিত্তে প্রথমে যত টাকার ডাক হয়।

Upside down, উল্ট।

Urgent, *a.* অত্যাবশ্যক। অতি দরকারী।

Usage, *n.* দাঁড়া। দস্তুর। রেওয়াজ। আচার। জাবেতা। Family —, কুলাচার। বংশাচার। Local —, দেশাচার। দেশের ব্যবহার। Religious —, জাত্যাচার। ধর্ম্মাচার। Established —, প্রাচীন দাঁড়া। পুরাতন রীতি। বহুকালের আচার। Immemorial —, আদ্যোপান্ত চলন ব্যবহার।

Usance, *n.* (1) *interest,* সুদ। (2) *fixed time for payment of bills, &c.* মিয়াদ। মুদ্দত। নিয়মিত মিয়াদ।

Use, *n.* (1) *employment,* ব্যবহার। দস্তুর। চলন। (2) *advantage,* প্রয়োজন। কর্ম্ম। কার্য্য। Of no —, কোন কার্য্যের নয়। I have no — for it, তাহা আমার কোন কর্ম্মে লাগে না। To apply to any —, কোন কর্ম্মে লাগা or খাটা। *In law, the profits of lands,* জমীর উপস্বত্ব ভোগ।

Use, *v.* (1) *to employ,* ব্যবহার কৃ। (2) *to treat,* আচার কৃ। To — well, সদাচার কৃ। শিষ্টাচার কৃ। To be *used* to any state, &c. অভ্যাস হ।

Useful, *a.* কর্ম্মণ্য। কার্য্যের। কাযের।

Useless, *a.* অকর্ম্মণ্য। কার্য্যের নয়। অকেযুয়া।

Usual, *a.* নিয়মিত। রীতিমত। মামলী। মাফিক মামুল।

Usufruct, *n.* ভূমির উপস্বত্ব ভোগ। Sale of —, উপস্বত্বের ইজারা।

Usufructuary, *n.* ভূমির উপস্বত্বের ভোগী।

Usufructuary, *a.* উপস্বত্ব ভোগ সম্পর্কীয়। — Mortgage, উপস্বতের বন্ধক। যে বন্ধকী কর্জের সুদের পরিবর্ত্তে উপস্বত্ব ভোগ হয়।

Usurp, *v.* অন্যায়মতে গ্রহণ কৃ।

Usurpation, *n.* বলপূর্ব্বক গ্রহণ। গসব।

Usury, *n.* অত্যধিক সুদ। বাড়তি সুদ। অতিরিক্ত সুদ। চোটা।

Utility, *n.* কর্ম্মণ্যতা। উপকার। লাভ। Works of public —, সকল লোকের উপকারের কার্য্য।

Utter, *v.* (1) *to speak,* বল। কহ। উচ্চারণ কৃ। (2) *to vend or sell,* বিক্রয় কৃ। বেচ। বিক। (3) *to put into circulation,* চালা। To — base coin, কৃত্রিম or মেকী টাকা চালা। To — forged documents, জালকরা or কৃত্রিম দলীল চালা or দাখিল কৃ।

V.

Vacancy, *n. an office not occupied,* খালি পদ। শূন্য পদ। খালি কর্ম্ম।
Vacant, *a.* শূন্য। খালি। *In law, abandoned,* ত্যক্ত। *having no heir,* লা-ওয়ারিস।
Vacate, *v.* (1) *to annul,* বাতিল কৃ। ব্যর্থ কৃ। রহিত কৃ। (2) *to quit a post,* পদ ত্যাগ কৃ। কর্ম্ম ত্যাগ কৃ।
Vacation, *n.* ছুটী। বন্দ। তাতিল। Established —, নিরূপিত বন্দের দিন। পরবের দিন।
Vaccinate, *v.* টীকা দা। বসন্তের টীকা দা।
Vagabond, *n.* বেটুয়া। লুচ্চা লোকন্দরা। নানা স্থানীয়।
Vagrancy, *n.* বেটুয়ামি।
Vagrant, *n.* বেটুয়া। আওয়ারা। নানা স্থানীয়।
Vague, *a.* অনিরূপিত। অনির্দ্দিষ্ট। অস্থির। A — report, বাজারু গল্প।
Vain, *a.* ব্যর্থ। নিষ্ফল। মিথ্যা।
Vakeel, *n* a pleader, উকীল।
Valid, *a.* মাতবর। সিদ্ধ। To hold —, মাতবর জ্ঞান কৃ। মঞ্জুর কৃ।
Validity, *n.* মাতবরী। সিদ্ধতা।
Valuable, *a.* মূল্যবান। বহুমূল্য। A — security, মূল্যবান নিদর্শন।
Valuation, *n.* মূল্য নিরূপণ। যাচাই করণ।
Value, *n.* মূল্য। কিম্মত। The full —, সম্পূর্ণ মূল্য। The real —, প্রকৃত মূল্য। যথার্থ মূল্য। The supposed —, আন্দাজী মূল্য। আনুমানিক মূল্য। আটসাট্টা কিম্মৎ। To make good the —, পূরা মূল্য দা। মূল্য বুঝিয়া শোধ দা। মূল্য পোষাইয়া দা।
Value, *v.* মূল্য নিরূপণ কৃ। যাচাই কৃ।
Variation, *n.* পরিবর্ত্তন। ফেরফার। মতান্তর।
Various, *a.* নানা প্রকারের। নানা বিধ। নানা মতের।
Vat, *n.* হৌজ। কেয়ারী। কুণ্ড।
Vegetable, *n.* তরকারী। শাকসবজী। — oil, বীজোদ্ভব তৈল। — poison, ঔষধি বিষ। অজঙ্গম বিষ।
Vehicle, *n.* গাড়ী প্রভৃতি কোন যান।
Vend, *v.* বিক্রয় কৃ। বিক। বেচ।
Vendee, *n.* ক্রেতা। যে জন কিনে।
Vender, Vendor, *n.* বিক্রেতা। যে জন বেচে। — of spirituous liquors, শুড়ি। শাহ।
Vengeance, *n.* হিংসার প্রতি হিংসা। দণ্ড। প্রতিফল।
Venial, *a.* ক্ষমার যোগ্য। ক্ষমা হইতে পারে যে দোষের।

Venire facias, জুরির লোকদিগকে কিম্বা মোকদ্দমার আসামীকে উপস্থিত করাইবার পরওয়ানা বিশেষ।
Ventilate, *v.* কোন ঘরে বায়ু পাইবার উপযুক্ত উপায় কৃ।
Ventilation, *n.* বায়ুব্যজন। বাতাসের গমনাগমন। বাতাস দেওন।
Venture, *v.* সাহস করিয়া কোন কর্ম্ম কৃ।
Venue, *n.* নিকটস্থ স্থান। কোন মোকদ্দমার বিচার যে স্থানে হয়।
Veracity, *n.* বিশ্বস্ততা। সত্য কথা কহিবার স্বভাব। সত্যবাদিত্ব।
Verbal, *a.* বাচনিক। জবানী, অর্থাৎ যাহা লেখা না হইয়া মুখে কহা যায়।
Verbally, *ad.* জবানীতে। মুখে। বাচনিক।
Verdict, *n.* রায়। ফয়সলা। হুকুম। নিষ্পত্তি।
Verdigris, *n.* জাঙ্গাল।
Verify, *v.* (1) *to prove to be true*, সত্যতার প্রমাণ কৃ। কোন কথা সত্য হইবার প্রমাণ কৃ। সাবুদ কৃ। সাব্যস্ত কৃ। (2) *to attest*, দস্তখৎ কৃ। স্বাক্ষরদ্বারা সত্যতার প্রমাণ কৃ।
Vermillion, *n.* হিঙ্গুল।
Vernacular, *a.* দেশীয় ভাষা। কোন দেশের ভাষা।
Version, *n.* তর্জ্জমা। অনুবাদিত বাক্য। ভাষান্তরিত কথা।
Versus, বনাম ; as, Ramkrishna *versus* Joygopal, রামকৃষ্ণ ফরিয়াদী বনাম জয় গোপাল আসামী।
Vessel, *n.* (1) *a utensil for holding liquors, &c.* পাত্র। হাঁড়ি প্রভৃতি। (2) *a ship, &c.* জাহাজ প্রভৃতি।
Vest, *v.* (1) *to furnish with*, অর্পণ কৃ। দা। To — with powers, ক্ষমতার্পণ কৃ। ক্ষমতা দা। To be *vested* with powers, ক্ষমতা প্রাপ্ত হ। ক্ষমতা পা। (2) *to descend to*, বর্ত্ত। অর্শ। The right to the property vests in the Queen, ঐ সম্পত্তির অধিকার শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তে, or অর্শে। (3) *to secure* ; as, To — money in lands, টাকা লইয়া ভূমি ক্রয় কৃ। To — in Bank stock, টাকা লইয়া ব্যাঙ্কের শ্যার ক্রয় কৃ।
Veto, *n.* অসম্মতি। অননুমতি। নিবারণ। নিষেধ।
Vexatious, *a.* ব্যামোহদায়ক। ক্লেশজনক। দুঃখদায়ক।
Viaduct, *n.* রেলরোডে সাঁকো।
Vice-president, *n.* সভাপতির অনুপস্থানে যিনি সভাপতি হন। দ্বিতীয় সভাপতি। বৈস প্রসীডেণ্ট।
Viceroy, *n.* রাজ প্রতিনিধি। শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিনিধি।
Vicinage, *n.* নিকট স্থান।
Vicinity, *n.* নৈকট্য। In the —, নিকটে। কাছে।
Victual, *v.* রসদ যোগা। আহারীয় দ্রব্য যোগা।
Victuals, *n.* রসদ। আহারীয় দ্রব্য। খোরাক।
Vide, দেখ।

Videlicet, Viz. অর্থাৎ। বিশেষতঃ। যথা।

Vidre, *n.* বিদরী। "a kind of tutenague inlaid with silver, used to make hooka bottoms, cups, &c. and so called from *Beeder*, the name of a city and province." — *Thompson's Urdu Dictionary.* Vidre-ware বিদরীর বাসন প্রভৃতি।

Vi et armis, বলপূর্ব্বক। জোর ও জবরদস্তী করিয়া।

Vigilant, *a.* সতর্ক। হুশিয়ার।

Village, *n.* গ্রাম। মৌজা। A circle of *villages,* ডিহি। A large —, কসবা। গণ্ডগ্রাম। A small —, পাড়াগাঁ। A portion of a —, কিসমৎ। A subdivision of a —, পটি। — accounts, গ্রামের হিসাব।

Vindicate, *v.* দোষ খণ্ডন কৃ। যাথার্থ্য প্রকাশ কৃ। ন্যায্যের প্রমাণ কৃ। To — a claim, দাওয়া সাবুদ কৃ।

Vindication, *n.* প্রমাণ করণ। দোষ খণ্ডন।

Vindictive, *a.* প্রতিফলদায়ী। প্রতিহিংসাকারী।

Violate, *v.* (1) *to break,* লঙ্ঘন কৃ। অমান্য কৃ। (2) *to ravish,* বলাৎকার কৃ। ভ্রষ্ট কৃ।

Violence, *n.* অত্যাচার। ফসাদ। জবরদস্তী। জুলুম।

Violent, *a.* বলপূর্ব্বক। — corporal injury, শরীরের ভারি আঘাত or অত্যন্ত হানি।

Virgin, *n.* কুমারী। অনূঢ়া কন্যা। *a sign of the zodiac, Virgo,* কন্যা রাশি।

Virtually, *ad.* ফলতঃ। ভাবতঃ। বস্তুতঃ। ফলিতার্থে।

Virtue, *n. power,* শক্তি। বল। By — of, শক্তিক্রমে। জোরে। বলে।

Visit, *v.* সাক্ষাৎ কৃ। মোলাকাৎ কৃ।

Visit, *n.* সাক্ষাৎ করণ। মোলাকাৎ। He paid me a —, আমার সঙ্গে সাক্ষাৎ করিতে আইলেন।

Vitiate, *v. to render defective,* ব্যর্থ কৃ। অসিদ্ধ কৃ। বাতিল কৃ।

Vitriol, *n.* Green, কাসীস। পুষ্পক। হিরাকস। White —, শ্বেত তুতিয়া। Blue —, তুতিয়া।

Vivâ voce, মুখে। বাচনিক। জবানী। A — deposition, জোবানবন্দী। জোবানী এজহার।

Viz, see *Videlice.*

Voice, *n.* (1) *a sound,* শব্দ। স্বর। (2) *a vote,* সভাতে মত প্রকাশের ক্ষমতা। Equal —, এক পক্ষের মত ও বিপক্ষের মত সমসংখ্যক। To have equal—, মত প্রকাশের সমান ক্ষমতা থাক্।

Void, *a.* (1) *empty,* খালি। শূন্য। (2) *of no effect,* বৃথা। অসিদ্ধ। বাতিল।

Voidable, *a.* ব্যর্থ হইবার যোগ্য। অসিদ্ধ হইবার যোগ্য।

Voided, *a.* অসিদ্ধ। ব্যর্থ।

Voluntarily, *ad.* ইচ্ছাপূর্ব্বক। জানিয়া শুনিয়া। স্বেচ্ছামতে।

Voluntary, *a.* স্বেচ্ছামতের। সেচ্ছাধীন। ইচ্ছামতের।
Volunteer, *n.* যে জন আপন ইচ্ছামতে সৈন্যের কর্ম্ম করে। বলম্‌টের।
Vote, *n.* মত। অভিপ্রায়। He has ten —, তাহার একলার মত দশ জনের মতের তুল্য হয়। The chairman has a *casting* —, সভাতে এক পক্ষে যত জন থাকে বিপক্ষে তত জন থাকিলে সভাপতির যে মত হয় তাহা প্রবল হইবেক।
Vote, *v.* সভাতে মত জানা। To — by proxy, অন্যের দ্বারা মত জানা।
Vouch, *v.* প্রমাণ কৃ। সাব্যস্ত কৃ। দৃঢ় মতে কহ।
Voucher, *n.* প্রমাণ পত্র। কোন খরচ প্রভৃতির প্রমাণার্থ দলীল। বিল, কবজ, দাখিলা, কবুলিয়ৎ, রসিদ, প্রভৃতি তদ্রূপ প্রমাণ হয়। বৌচর।
Vow, *n.* মানত। ব্রত।
Voyage, *n.* সমুদ্রপথে কোন দেশে গমন। During the —, জাহাজে গমন কালে।
Vulgar, *a.* ইতর। সাধারণ। সামান্য।

W.

Wager, *n.* বাজী। পণ। শর্ত্ত। কোটি। To lay a —, বাজী রাখ। পণ কৃ।
Wages, *n.* বেতন। মাহিয়ানা। দরমাহা। মুশাহেরা।
Wagon, *n.* মালের গাড়ী।
Waif, *n.* লাওয়ারিস দ্রব্য। অস্বামিক দ্রব্য।
Wait, *v.* (1) *to stay*, থাক। To — for, অপেক্ষায় থাক or রহ। To — on, (1) *to go to see*, সাক্ষাৎ কৃ। কাছে যা। (2) *to attend to*, as a servant, সেবা কৃ। (3) *to attend in expectation of a favour*, কাহার নিকটে উমেদওয়ারী কৃ।
Waive, *v.* ত্যাগ কৃ।
Waiver, *n. of a claim*, দাওয়া ত্যাগ করণ।
Wall, *n.* of a house, দেয়াল। ভিত্তি। of a garden, &c, প্রাচীর; commonly pronounced পাঁচিল। The foundation of a —, ভিত্তি মুল। পোতা। The breadth of a —, ভিত্তি, commonly pronounced ভিৎ।
Wander, *v.* ভ্রমণ কৃ। বেড়া।
Want, *n.* না থাকা। অভাব।
Want, *v.* (1) *not to have*, না থাক। অভাব হ; as, He *wants* means, তাহার সঙ্গতি নাই। he — money, তাহার টাকার অভাব আছে। তাহার টাকা নাই। (2) *to need*, প্রয়োজন থাক। বাকী হ। (3) *to wish for*, চাহ। বাঞ্ছা কৃ। বাসনা কৃ। (4) *to be deficient*, বাকী পড়।
Wantonly, *ad.* দ্বেষ পূর্ব্বক। অনিয়মিত রূপে।
War, *n.* যুদ্ধ। সংগ্রাম। লড়াই। Man of —, যুদ্ধ জাহাজ।
Ward, *n.* (1) *watch*, চৌকী। (2) *a quartier of a town*, পাড়া। (3) *custody*,

হেফাজৎ। নেগাহবানী। কাঁজি হৌস। (4) *a minor*, নাবালগ। রক্ষকের জিম্মায় থাকা নাবালগ। Court of *Wards*, কোর্ট ওয়ার্ডস। নাবলগের সিরিশতা।

Wares, *n.* মাল। মহাজনী দ্রব্য। Earthen —, মাটীর হাড়ি কলসী প্রভৃতি। China —, কাঁচের বাসন কুসন।

Warehouse, *n.* গোলা। আড়ৎ। গুদাম।

Warehouseman, *n.* আড়ৎদার।

Warn, *v.* (1) *to caution*, সতর্ক কৃ। সাবধান কৃ। হুশিয়ারী কৃ। (2) *to give notice*, সম্বাদ দা। খবর দা।

Warp, *n.* of a ship, হাঁসিল। পাগর।

Warp, *v.* a vessel, হাঁসিল টান। as a plank, তেওড়। তেওড়িয়া যা।

Warrant, *v.* (1) *to authorize*, ক্ষমতা দা। অনুমতি দা। (2) *to assure*, প্রতিজ্ঞা কৃ।

Warrant, *n.* (1) *authority*, পরওয়ানা। হুকুমনামা। ওয়ারণ্ট। (2) *authority to receive money*, বরাৎ চিঠি। A — of distress, ক্রোকী পরওয়ানা। A search —, তল্লাশীর পরওয়ানা। A — to take possession, আমল নামা। অধিকার করিবার ক্ষমতা পত্র। A — to seize a prisoner, দস্তক। গ্রেফ্তারী পরওয়ানা।

Wash, *v.* (1) *to cleanse by ablution*, ধো। ধুইয়া পরিষ্কার কৃ। To — the body, গা ধো। To — clothes, কাপড় কাচ। (2) *to perform the act of ablution*, স্নান কৃ।

Wash, *n. in distillery*, ওয়াশ অর্থাৎ যে দ্রব্য লইয়া শরাব চোয়ান যাইবে তাহা জলে সিদ্ধ করা। a — still, ওয়াশ ভাটী।

Washerman, *n.* ধোবা।

Wastage, *n.* as of salt, শুক্তি।

Waste, *v.* অপচয় কৃ। নোকশান কৃ। ক্ষতি কৃ। হানি কৃ। ঘর বেড়া প্রভৃতি মেরামৎ না করিয়া জমীর ক্ষতি কৃ।

Waste, *n.* অপচয়। ক্ষয়। হানি। নোকসান। Cases in the nature of —, ক্ষয় or অপচয় নিবারণার্থ মোকদ্দমা।

Waste-book, *n.* খসড়া। রোকড় বহী।

Waste Land, *n.* গরাবাদী জমী। পতিত ভূমি। জমী উফ্তাদা। — where dead cattle are thrown, ভাগাড় জমী।

Watch, *n.* (1) *close observation*, চৌকী। (2) *guard*, নেগাহবানী। (3) *a watchman*, চৌকীদার। প্রহরী। (4) *a period of the night during which watch is kept*, প্রহর। (5) *a timepiece*, ওয়াচ ঘড়ী।

Watch, *v.* (1) *to be attentive*, চৌকী রাখ। চৌকী দা। (2) *to guard*, নেগাহবানী কৃ। (3) *to watch as a watchman*, প্রহরী দা। পহরা দা। চৌকী দা।

Watchhouse, *n.* গারদ। চৌকী।

Watchman, *n.* চৌকীদার। প্রহরী। পহরাওয়ালা। নেগাহবান।

Water, *n.* জল। পানী। Right to take —, জল ব্যবহার করিবার or লইবার or গ্রহণ করিবার স্বত্ব। By —, জল পথে। নৌকা যোগে। To supply —, জল যোগা।

Water, *v.* (1) *to irrigate*, জল সেঁচ। (2) *to take in* —, জল ল or গ্রহণ কৃ। To — cattle, গোমেষাদিকে জল খাইতে দা।

Water-course, *n.* জল স্রোত। জল পথ।

Waterman, *n.* মাজি। মল্লা। ঘাট মাজী।

Watermark, *n.* জোয়ার কি ভাটার জল নিরূপণের চিহ্ন। High—, জোয়ারের জল যত উচ্চ উঠে।

Waterproof, *a.* যাহাতে জল সিঁধিতে না পারে।

Wax, *n.* মোম। — candle, মোমবাতী। — cloth, মোম জামা।

Way, *n.* পথ। রাস্তা। রাহা। Right of —, পথ করিবার স্বত্ব। অন্যের জমী দিয়া যাওয়া আসা করিবার স্বত্ব। To make —, পথ ছাড়। to stop the —, পথ অবরোধ কৃ। রাস্তা বন্দ কৃ।

Way-side, *n.* পথের পার্শ্ব।

Weak, *a.* দুর্ব্বল। অক্ষম। *after sickness*, কৃষ। কাহিল।

Wealth, *n.* ধন। বৃত্তি। সম্পত্তি। বিত্ত।

Weapon, *n.* অস্ত্র শস্ত্র।

Wear, *v.* (1) *to waste by attrition*, ক্ষয় কৃ। ঘষিয়া ক্ষয় কৃ। (2) *to put on*, as clothes, পর। পরিধান কৃ।

Weave, *v.* বুন। কাপড় বুন।

Weaver, *n.* তাঁতী।

Wednesday, *n.* বুধবার।

Week, *n.* সপ্তাহ। হফতা।

Week-day, *n.* রবিবার ছাড়া অন্য দিন।

Weekly, *a.* হফতা ২। সপ্তাহ ২। সাপ্তাহিক।

Weigh, *v.* (1) *to examine by the balance*, ওজন কৃ। কয়ালী কৃ। তৌল কৃ। (2) *to be of a certain weight*; as, It *weighs* a maund, তাহার এক মোন ওজন হয়। (3) *to raise*, as To — anchor, লঙ্গর তুল। (4) *to ponder in the mind*, বিবেচনা কৃ। বিচার করিয়া দেখ। (5) *to be considered as important*, গুরুতর জ্ঞান হ।

Weigher, *n.* কয়াল। দণ্ডীদার।

Weight, *n.* ওজন। In the plural, *Weights*, বাটখারা। ঢক। False —, অপ্রকৃত বাটখারা। Defective —, কম বাটখারা। Standard —, খাঁটি বাটখারা।

Weighty, *a.* ভারী। গুরুতর।

Welfare, *n.* হিত। শুভ। মঙ্গল।

Well, *n.* কূপ। কূয়া। ইঁদারা। An uncovered —, যে কূপের ঢাকনী নাই
Well, *a.* (1) *in health,* ভাল। সুস্থ। (2) *restored from sickness,* আরাম। সুস্থ। (3) *in a proper manner,* ভালমতে। উত্তমরূপে। To like —, ভাল বাস। বড় ভালবাস। As — as, ও, এবং। He shall be imprisoned — whipped, তাহাকে যেমন কয়েদ করিতে হইবেক তেমনি তাহার মার খাইতেও হইবেক; or, তাহার কয়েদ হইবার হুকুম ছাড়া মার খাইবারও হুকুম হইবেক। — founded, সমূলক।
West, *n.* পশ্চিম দিগ। North —, উত্তর পশ্চিম। বায়ু কোণ। South —, দক্ষিণ পশ্চিম। নৈঋত কোণ।
Wharf, *n.* গুদী। ঘাট।
Wharfage, *n.* ঘাটের মাসুল।
Wheel, *n.* চক্র। চাকা। A — tax, গাড়ির টাক্স, অর্থাৎ গাড়ির যত চাকা থাকে তাহা বুঝিয়া যে টাক্স বসান যায়।
Whip, *v.* কোড়া মার। চাবুক মার। কশাঘাত কৃ।
Whisper, *n.* ফুস্‌ফুসিয়া কথা। কানাকানী কথা।
Whisper, *v.* ফুস্‌ফুস্ করিয়া বল।
White, *a.* শাদা। শুভ্র। শ্বেত।
White-ants, *n.* উই পোকা।
Whole, *a.* বেবাক। সকল। সমুদয়। তাবৎ।
Wholesale, *n.* মোটে বিক্রয়। থোকে বিক্রয়।
Wholesome, *a.* ভাল। স্বাস্থ্যজনক।
Wholly, *ad.* সম্পূর্ণ রূপে। তাবৎ।
Wide, *a.* ওসার। চৌড়া। প্রস্থ।
Widow, *n.* বিধবা। বেওয়া।
Wife, *n.* স্ত্রী। দারা। ভার্য্যা।
Wilful, *a.* ইচ্ছাপূর্ব্বক। জানিয়া শুনিয়া।
Will, *n.* (1) *pleasure,* ইচ্ছা। ইষ্ট। (2) *a testament,* উইল। কোন লোক আপন সম্পত্তির যে নিয়ম পত্র করিয়া মরে। ওসিয়ৎনামা। Ill —, ঈর্ষ্যা। দ্বেষ। বিপক্ষ ভাব।
Wind, *n.* বাতাস। বায়ু।
Wind up, *v. to bring to a conclusion*; as, To — one's affairs, কর্ম্ম বন্দ কৃ। হিসাব কিতাব নিষ্পত্তি করিয়া কর্ম্ম বন্দ কৃ। To — a clock or watch, ঘড়ির দম দা।
Wine, *n.* ওয়াইন শরাব। দ্রাক্ষাফলের or অঙ্গুরের রস। *any fermented liquor,* মদিরা। Low —, নরম পাকের মদিরা।
Wink, *v.* চক্ষুটিপ। চক্ষু টিপিয়া ইশারা কৃ, or ইঙ্গিত কৃ, or সঙ্কেত কৃ। To — at, কোন দোষের কথা জানিয়া শুনিয়া চুপ থাক। জানিয়া না জানিবার মত কৃ।

Wire, *n.* তার।
Witchcraft, *n.* ডাইনপনা। জাদুগির। টোনা করণ।
With, *pr.* সঙ্গে। সহ। সহিত। সম্বলিত। সুদ্ধ। *as an instrument,* দ্বারা। but commonly expressed by the Instrumental case.
Withdraw, *v.* উঠাইয়া ল। to — attachment, ক্রোক উঠাইয়া ল। to — a claim, দাওয়াতে ক্ষান্ত হ। To — a case, মোকদ্দমা উঠাইয়া ল। To — from, *to retire,* প্রস্থান কৃ। চলিয়া যা। হাত ছাড়া হ। দস্তবরদারী হ।
Withhold, *v.* না দা। রাখ। অন্যের হাতছাড়া রাখ। The money shall not be *withheld* from him, ঐ টাকা তাহার হাতছাড়া রাখিতে হইবেক না।
Withstand, *v.* বিপক্ষতা কৃ। বাধা কৃ। প্রতিবন্ধকতা কৃ। বাধা জন্মা।
Witness, *n.* (1) *testimony,* সাক্ষ্য। প্রমাণ। গওয়াহী। সাইদ। (2) *one who gives evidence,* সাক্ষী। ইসাদী। গওয়া। An absent —, অনুপস্থিত সাক্ষী। গরহাজির সাক্ষী।
Witness, *v.* (1) *to observe,* দেখ। প্রত্যক্ষ or নিজ চক্ষুতে দেখ। (2) *to give testimony,* সাক্ষ্য দা। প্রমাণ দা। To — a bond or deed, দলীলের ইসাদী হ। দলীলে দস্তখৎ কৃ।
Womb, *n.* গর্ভ। উদর। পেট।
Wool, *n.* পশম।
Woollen, *a.* পশমী। — cloth, পশমী কাপড়। বনাত। Country — *looee,* লুই।
Workman, *n.* কর্ম্মকারক। মজুর। কারিগর।
Worm-eaten, *p.* পোকাতে খাইয়াছে যাহা।
Worseness, *n.* খাটী। মরা সোণা।
Worth, *n. value,* মূল্য। প্রকৃত মূল্য।
Worth, Worthy, *a.* যোগ্য। উপযুক্ত।
Wound, *n.* জখম। আঘাত। ঘা। ক্ষত। A dangerous —, প্রাণের হানি হইবার মত জখম। কারী জখম। A malicious —, দ্বেষ পূর্ব্বক or শত্রুতা করিয়া জখম। a violent —, ভারী জখম।
Wounding, *n.* জখমী। অঙ্গ ক্ষত করণ।
Wreck, *n.* (1) *the breaking of a vessel,* জাহাজ কি নৌকা ভগ্ন হওন। (2) *a broken vessel,* ভাঙ্গা জাহাজ কি নৌকা।
Wrecked, *to be,* মারা পড়। ভাঙ্গিয়া যা। ভাঙ্গ।
Writ, *n. a precept under seal,* আদালতের মোহরকরা হুকুম নামা or পরওয়ানা।
Write, *v.* লিখ। To — off an account, হিসাবহইতে খারিজ কৃ।
Writer, *n.* লেখক। কেরাণী। মুহুরির।
Writing, *n.* লিপি। খৎ। দলীল।
Wrong, *n.* (1) *a deviation from rectitude,* দোষ। ঘাইট। (2) *a mistake,*

ভুল। ভ্রান্তি। (3) *an injury*, হানি। নোকসান। ক্ষতি। A private —, ব্যক্তি বিশেষের হানি। A public —, যাহাতে সর্ব্বসাধারণের ক্ষতি হয় এমত অপরাধ।

Wrong, *v.* অন্যায় কৃ। হানি কৃ।

Wrong-doer, *n.* ক্ষতিকারক। অপরাধী।

Wronged, *a.* ক্ষতি গ্রস্ত। অন্যায় গ্রস্ত।

Wrongful, *a.* অন্যায়। অযথার্থ। — gain, অন্যায্য লাভ। — loss, অন্যায্য ক্ষতি। অন্যায়মতে ক্ষতি করণ। — retention, অন্যায়মতে রাখণ। পরের দ্রব্য অন্যায়মতে নিকট রাখা। — detention, অন্যায়মতে হাতছাড়া রাখন। অর্থাৎ স্বামির হাতছাড়া করিয়া অন্যায়মতে রাখণ।

Wukf, *n.* ওকফ সম্পত্তি। যে ভূম্যাদি ধর্ম্মার্থে দান হয়।

Y.

Yard, *n.* (1) *a measure of three feet*, দুই হাত। এক গজ। A square —, কালিতে দীর্ঘে চারি হাত। (2) *an enclosure within which business is carried on*, কারখানা। In *ships*, জাহাজের কারখান।

Yarn, *n.* (1) *woollen thread*, পশমী সূতা। In *rope-making*, দড়ির সূতা।

Year, *n.* (1) *twelve months*, বৎসর। বর্ষ। (2) *a particular year*, সাল। The—1866, ১৮৬৬ সাল। The coming —, আগামি বৎসর। আইন্দা সাল। The current —, চলিত বৎসর। সন হাল। বর্ত্তমান বৎসর। The preceding —, গত বৎসর। সন গুজস্তা। The Bengalee —, বাঙ্গলা সন; [illegible]ra commenced in 593 A. D. The Sumbut —, সম্বৎ সন; this era commenced 55 years before Christ. The Shukabdo —, শকাব্দ, or year of Salivahun, began in A. D. 78. These three years commence when the sun enters Aries. The Vilayutee —, বিলায়তি সন, agrees with the Bengalee year, but commences a day earlier. The Revenual, or Fuslee, — ফসলী সন, also corresponds nearly with the Bengalee, there being a difference of a few days. The Muhammadan —, the Hegira, হিজরী সন।

Yesterday, *n.* কল্য। কাইল।

Yield, *v.* (1) *to pr duce*, উৎপন্ন হ। জন্ম। (2) *to surrender*, সমর্পণ কৃ।

Z.

Zem[illegible]dar, *n.* জমীদার।

Zil[illegible], *n.* জিলা।

BENGAL SEC[illegible] LIBRARY